উচ্চ মাধ্যমিক
ত্রিকোণমিতি

নবম, দশম ও একাদশ শ্রেণীর জন্য

শ্রীভূপেন্দ্রচন্দ্র দাস
শ্রীভোলানাথ মুখোপাধ্যায়

উচ্চ-মাধ্যমিক ত্রিকোণমিতি

(নবম, দশম ও একাদশ শ্রেণীর জন্য)

প্রেসিডেন্সী কলেজের ভূতপূর্ব গণিতাধ্যাপক
শ্রীভূপেন্দ্রচন্দ্র দাস, এম. এস্‌-সি.
ও
স্কটিশচার্চ কলেজের গণিতাধ্যাপক
শ্রীভোলানাথ মুখোপাধ্যায়, এম. এ.
প্রেমচাঁদ রায়চাঁদ স্কলার
প্রণীত

ইউ. এন্. ধর অ্যাণ্ড সন্স প্রাইভেট লিমিটেড
১৫, বঙ্কিম চ্যাটার্জী স্ট্রীট, কলিকাতা ১২

প্রকাশক :
শ্রীদ্বিজেন্দ্রনাথ ধর, বি.এল.
ইউ. এন্. ধর অ্যাণ্ড সন্স প্রাঃ লিঃ
১৫, বঙ্কিম চ্যাটার্জী স্ট্রীট,
কলিকাতা ১২

মুদ্রক :
শ্রীত্রিদিবেশ বসু
কে. পি. বসু প্রিণ্টিং ওয়ার্কস
১১, মহেন্দ্র গোস্বামী লেন,
কলিকাতা ৬

ভূমিকা

ইংরাজী ভাষাতে লেখা আমাদের Intermediate Trigonometry কতকগুলি বৈশিষ্ট্যের জন্য বহু অধ্যাপকের সমাদর ও সহানুভূতি লাভ করিয়াছে। আমরা তাঁহাদের আন্তরিক ধন্যবাদ জানাইতেছি। দুই-তিন বৎসর যাবৎ কতিপয় শিক্ষকমহাশয় আমাদের পূর্বোক্ত পুস্তক উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ের উচ্চ শ্রেণীতে ব্যবহার করিতেছেন। তাহাতে ছাত্রছাত্রীদের কিছুটা অসুবিধা হইতেছিল। সেজন্য আমরা আমাদের ইংরাজীতে লেখা Intermediate Trigonometry উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ের নবম, দশম ও একাদশ শ্রেণীর ছাত্রছাত্রীদের সুবিধার জন্য বাংলায় অনুবাদ করিয়া এবং পাঠ্যতালিকা-অনুযায়ী সাজাইয়া বাহির করিলাম। আশা করি, ইংরাজী ভাষায় লেখা বইখানির মত এই বইখানিও শিক্ষকমহাশয় ও ছাত্রছাত্রীদের নিকট সমাদর লাভ করিবে।

এই অনুবাদকার্যে আমাদের ছাত্রী অধ্যাপিকা জ্যোতি চৌধুরী এম. এস-সি. আমাদের বিশিষ্ট ভাবে সাহায্য করিয়া আমাদের কৃতজ্ঞতাপাশে আবদ্ধ করিয়াছে। বইখানির প্রকাশের কার্যে আমাদের আর একজন ছাত্রী শ্রীমতী কল্পনা সরকার বি. এস-সি. এবং একজন ছাত্র শ্রীমান দ্বিজেন্দ্রনাথ ধর বি. এল. আমাদের বহুপ্রকারে সাহায্য করিয়াছে। সেজন্য তাহাদের অশেষ ধন্যবাদ দিতেছি।

নানাপ্রকার কর্মে ব্যস্ত থাকা সত্ত্বেও কে. পি. বসু প্রিন্টিং ওয়ার্কস্-এর কর্তৃপক্ষ ও কর্মিগণ আমাদের বইখানি অতি অল্পসময়ের মধ্যে মুদ্রিত করিয়া দিবার জন্য আমরা তাঁহাদের কাছেও কৃতজ্ঞ।

কলিকাতা
১৫ই ডিসেম্বর, ১৯৬২

ভুপেন্দ্রচন্দ্র দাস
ভোলানাথ মুখোপাধ্যায়

Syllabus for the Higher Secondary Course

TRIGONOMETRY

Class IX

[*Chapters I—IV, pages 1—49*]

Measurement of angles in degrees, minutes, seconds and in radians. Definition of trigonometrical ratios of an acute angle. Trigonometrical ratios of the standard angles—0°, 30°, 45°, 60°, 90°, (undefined values such as $\tan 90^\circ$, $\cot 0^\circ$ to be excluded). Simple identities connecting the ratios of an angle immediately derivable from a right-angled triangle. Trigonometrical ratios of complementary angles.

Easy problems on heights and distances reducible to the solution of right-angled triangles involving the standard angles above.

Class X

[*Chapters V—X, pages 50—115*]

Trigonometrical ratios of any angle ; Trigonometrical ratios of angles associated with a given angle ; Addition and subtraction formulæ ; Transformation of products and sums ; Multiple and sub-multiple angles.

Class XI

[*Chapter XI—end*]

Graphs of simple trigonometric functions.

Trigonometric equations and general values ; Inverse Circular Functions.

Relations between sides and angles of a triangle ; In-radius, circum-radius and area of a triangle ; Practical solution of a triangle with the help of logarithms ; Simple problems of heights and distances.

সূচীপত্র

Greek letters used in the book

α (Alpha)	β (Bēta)	γ (Gamma)
δ (Delta)	θ (Theta)	π (Pai)
ϕ (Phai)	ψ (Psi)	Δ (Delta)

IMPORTANT FORMULÆ AND RESULTS

I. A radian $= 57° \ 17' \ 44{\cdot}8''$ nearly.

1 degree $= {\cdot}01745$ radians nearly.

2 right angles $= 180° = \pi$ radians.

$\pi = \frac{22}{7} = 3{\cdot}1416$ approximately.

Radian measure of an angle at the centre of a circle

$$= \frac{\text{subtending arc}}{\text{radius}}.$$

II. $\sin^2\theta + \cos^2\theta = 1$; $\sec^2\theta = 1 + \tan^2\theta$; $\operatorname{cosec}^2\theta = 1 + \cot^2\theta$.

$$\frac{\sin\theta}{\cos\theta} = \tan\theta. \qquad \frac{\cos\theta}{\sin\theta} = \cot\theta.$$

III. $\sin 0° = 0$; $\cos 0° = 1$; $\tan 0° = 0$.

$\sin 30° = \frac{1}{2}$; $\cos 30° = \frac{\sqrt{3}}{2}$; $\tan 30° = \frac{1}{\sqrt{3}}$.

$\sin 45° = \frac{1}{\sqrt{2}}$; $\cos 45° = \frac{1}{\sqrt{2}}$; $\tan 45° = 1$.

$\sin 60° = \frac{\sqrt{3}}{2}$; $\cos 60° = \frac{1}{2}$; $\tan 60° = \sqrt{3}$.

$\sin 90° = 1$; $\cos 90° = 0$; $\tan 90° = \infty$.

$\sin 15° = \frac{\sqrt{3}-1}{2\sqrt{2}}$; $\cos 15° = \frac{\sqrt{3}+1}{2\sqrt{2}}$; $\tan 15° = 2 - \sqrt{3}$.

$\sin 75° = \frac{\sqrt{3}+1}{2\sqrt{2}}$; $\cos 75° = \frac{\sqrt{3}-1}{2\sqrt{2}}$; $\tan 75° = 2 + \sqrt{3}$.

$\sin 18° = \frac{1}{4}(\sqrt{5}-1)$; $\cos 36° = \frac{1}{4}(\sqrt{5}+1)$.

$\sin 120° = \frac{\sqrt{3}}{2}$; $\cos 120° = -\frac{1}{2}$.

$\sin 180° = 0$; $\cos 180° = -1$; $\tan 180° = 0$.

$\sin 270° = -1$; $\cos 270° = 0$; $\tan 270° = \infty$.

$\sin 360° = 0$; $\cos 360° = 1$; $\tan 360° = 0$.

IV. $\sin(-\theta) = -\sin\theta$; $\cos(-\theta) = \cos\theta$; $\tan(-\theta) = -\tan\theta$.

$\sin(90^\circ - \theta) = \cos\theta$; $\sin(90^\circ + \theta) = \cos\theta$.


$\cos(90^\circ - \theta) = \sin\theta$; $\cos(90^\circ + \theta) = -\sin\theta$.

$\tan(90^\circ - \theta) = \cot\theta$; $\tan(90^\circ + \theta) = -\cot\theta$.

$\sin(180^\circ - \theta) = \sin\theta$; $\sin(180^\circ + \theta) = -\sin\theta$.

$\cos(180^\circ - \theta) = -\cos\theta$; $\cos(180^\circ + \theta) = -\cos\theta$.

$\tan(180^\circ - \theta) = -\tan\theta$; $\tan(180^\circ + \theta) = \tan\theta$.



V. $\sin(A+B) = \sin A \cos B + \cos A \sin B$

$\sin(A-B) = \sin A \cos B - \cos A \sin B$

$\cos(A+B) = \cos A \cos B - \sin A \sin B$

$\cos(A-B) = \cos A \cos B + \sin A \sin B$

$$\tan(A+B) = \frac{\tan A + \tan B}{1 - \tan A \tan B}$$

$$\tan(A-B) = \frac{\tan A - \tan B}{1 + \tan A \tan B}$$

$$\tan(A+B+C) = \frac{\tan A + \tan B + \tan C - \tan A \tan B \tan C}{1 - \tan B \tan C - \tan C \tan A - \tan A \tan B}.$$

VI. $2\sin A \cos B = \sin(A+B) + \sin(A-B)$

$2\cos A \sin B = \sin(A+B) - \sin(A-B)$

$2\cos A \cos B = \cos(A+B) + \cos(A-B)$

$2\sin A \sin B = \cos(A-B) - \cos(A+B)$.

VII. $$\sin C + \sin D = 2\sin\frac{C+D}{2}\cos\frac{C-D}{2}$$

$$\sin C - \sin D = 2\cos\frac{C+D}{2}\sin\frac{C-D}{2}$$

$$\cos C+\cos D=2\cos\frac{C+D}{2}\cos\frac{C-D}{2}$$

$$\cos C-\cos D=2\sin\frac{C+D}{2}\sin\frac{D-C}{2}.$$

VIII. $\sin 2A=2\sin A\cos A$

$$\cos 2A=\cos^2 A-\sin^2 A=1-2\sin^2 A=2\cos^2 A-1$$

$$\tan 2A=\frac{2\tan A}{1-\tan^2 A}$$

$$\sin 2A=\frac{2\tan A}{1+\tan^2 A};\quad \cos 2A=\frac{1-\tan^2 A}{1+\tan^2 A}$$

$$\left.\begin{array}{l}1-\cos 2A=2\sin^2 A\\ 1+\cos 2A=2\cos^2 A\end{array}\right\}$$

$$\tan^2 A=\frac{1-\cos 2A}{1+\cos 2A}.$$

IX. $\sin 3A=3\sin A-4\sin^3 A$

$$\cos 3A=4\cos^3 A-3\cos A$$

$$\tan 3A=\frac{3\tan A-\tan^3 A}{1-3\tan^2 A}.$$

X. $\sin\theta=2\sin\frac{\theta}{2}\cos\frac{\theta}{2}$

$$\cos\theta=\cos^2\frac{\theta}{2}-\sin^2\frac{\theta}{2}=2\cos^2\frac{\theta}{2}-1=1-2\sin^2\frac{\theta}{2}$$

$$\tan\theta=\frac{2\tan\frac{\theta}{2}}{1-\tan^2\frac{\theta}{2}}$$

$$\sin\theta=\frac{2\tan\frac{\theta}{2}}{1+\tan^2\frac{\theta}{2}};\quad \cos\theta=\frac{1-\tan^2\frac{\theta}{2}}{1+\tan^2\frac{\theta}{2}}$$

$$1-\cos\theta=2\sin^2\frac{\theta}{2}$$

$$1+\cos\theta=2\cos^2\frac{\theta}{2}$$

$$\frac{1-\cos\theta}{1+\cos\theta}=\tan^2\frac{\theta}{2}.$$

XI. If $\sin\theta = \sin\alpha$, then $\theta = n\pi + (-1)^n\alpha$.

If $\cos\theta = \cos\alpha$, then $\theta = 2n\pi \pm \alpha$.

If $\tan\theta = \tan\alpha$, then $\theta = n\pi + \alpha$.

If $\sin\theta = 0$, or, $\tan\theta = 0$, $\theta = n\pi$.

If $\cos\theta = 0$, or, $\cot\theta = 0$, $\theta = (2n+1)\dfrac{\pi}{2}$.

If $\sin\theta = 1$, $\theta = (4m+1)\dfrac{\pi}{2}$; if $\sin\theta = -1$, $\theta = (4m-1)\dfrac{\pi}{2}$.

If $\cos\theta = 1$, $\theta = 2m\pi$; if $\cos\theta = -1$, $\theta = (2m+1)\pi$.

XII. $\sin^{-1}x + \cos^{-1}x = \frac{1}{2}\pi$

$\tan^{-1}x + \cot^{-1}x = \frac{1}{2}\pi$

$\sec^{-1}x + \operatorname{cosec}^{-1}x = \frac{1}{2}\pi$

$$\tan^{-1}x + \tan^{-1}y = \tan^{-1}\frac{x+y}{1-xy}$$

$$\tan^{-1}x - \tan^{-1}y = \tan^{-1}\frac{x-y}{1+xy}$$

$$\tan^{-1}x + \tan^{-1}y + \tan^{-1}z = \tan^{-1}\frac{x+y+z-xyz}{1-yz-zx-xy}$$

$$\sin^{-1}x \pm \sin^{-1}y = \sin^{-1}\{x\sqrt{1-y^2} \pm y\sqrt{1-x^2}\}$$

$$\cos^{-1}x \pm \cos^{-1}y = \cos^{-1}\{xy \mp \sqrt{1-x^2}.\sqrt{1-y^2}\}.$$

XIII. $\log_a mn = \log_a m + \log_a n$

$\log_a \dfrac{m}{n} = \log_a m - \log_a n$; $\log_a m^n = n\log_a m$;

$\log_a m = \log_b m \times \log_a b$; $\log_a 1 = 0$; $\log_a a = 1$.

XIV. $\dfrac{a}{\sin A} = \dfrac{b}{\sin B} = \dfrac{c}{\sin C} = 2R$

$$\left.\begin{aligned} \cos A &= \frac{b^2+c^2-a^2}{2bc}; \\ \cos B &= \frac{c^2+a^2-b^2}{2ca}; \\ \cos C &= \frac{a^2+b^2-c^2}{2ab}. \end{aligned}\right\}$$

$$a = b \cos C + c \cos B.$$
$$b = c \cos A + a \cos C.$$
$$c = a \cos B + b \cos A.$$

$$\sin \frac{A}{2} = \sqrt{\frac{(s-b)(s-c)}{bc}}$$

$$\cos \frac{A}{2} = \sqrt{\frac{s(s-a)}{bc}}$$

$$\tan \frac{A}{2} = \sqrt{\frac{(s-b)(s-c)}{s(s-a)}}$$

$$\sin A = \frac{2}{bc}\sqrt{s(s-a)(s-b)(s-c)} = \frac{2\Delta}{bc}$$

$$\sin B = \frac{2}{ca}\sqrt{s(s-a)(s-b)(s-c)} = \frac{2\Delta}{ca}$$

$$\sin C = \frac{2}{ab}\sqrt{s(s-a)(s-b)(s-c)} = \frac{2\Delta}{ab}.$$

$$\triangle = \tfrac{1}{2}bc \sin A = \tfrac{1}{2}ca \sin B = \tfrac{1}{2}ab \sin C$$
$$= \sqrt{s(s-a)(s-b)(s-c)}, \text{ where } 2s = a+b+c$$
$$= \frac{abc}{4R}.$$

$$R = \frac{a}{2 \sin A} = \frac{b}{2 \sin B} = \frac{c}{2 \sin C} = \frac{abc}{4\Delta}.$$

$$r = \frac{\Delta}{s} = 4R \sin \tfrac{1}{2}A \sin \tfrac{1}{2}B \sin \tfrac{1}{2}C$$
$$= (s-a) \tan \tfrac{1}{2}A = (s-b) \tan \tfrac{1}{2}B = (s-c) \tan \tfrac{1}{2}C.$$

$$r_1 = \frac{\Delta}{s-a} = 4R \sin \tfrac{1}{2}A \cos \tfrac{1}{2}B \cos \tfrac{1}{2}C$$
$$= s \tan \tfrac{1}{2}A.$$

$$r_2 = \frac{\Delta}{s-b} = 4R \cos \tfrac{1}{2}A \sin \tfrac{1}{2}B \cos \tfrac{1}{2}C$$
$$= s \tan \tfrac{1}{2}B.$$

$$r_3 = \frac{\Delta}{s-c} = 4R \cos \tfrac{1}{2}A \cos \tfrac{1}{2}B \sin \tfrac{1}{2}C$$
$$= s \tan \tfrac{1}{2}C.$$

IMPORTANT RESULTS

1. If $A+B+C=\pi$, then

(i) $\sin A+\sin B+\sin C=4\cos\frac{1}{2}A\cos\frac{1}{2}B\cos\frac{1}{2}C$.

(ii) $\cos A+\cos B+\cos C=1+4\sin\frac{1}{2}A\sin\frac{1}{2}B\sin\frac{1}{2}C$.

(iii) $\tan A+\tan B+\tan C=\tan A\tan B\tan C$.

(iv) $\sin 2A+\sin 2B+\sin 2C=4\sin A\sin B\sin C$.

(v) $\cos 2A+\cos 2B+\cos 2C=-4\cos A\cos B\cos C-1$.

(vi) $\cos^2 A+\cos^2 B+\cos^2 C+2\cos A\cos B\cos C=1$.

(vii) $\cot B\cot C+\cot C\cot A+\cot A\cot B=1$.

(viii) $\sin\frac{A}{2}+\sin\frac{B}{2}+\sin\frac{C}{2}$

$$=1+4\sin\frac{B+C}{4}\sin\frac{C+A}{4}\sin\frac{A+B}{4}.$$

(ix) $\cos\frac{A}{2}+\cos\frac{B}{2}+\cos\frac{C}{2}$

$$=4\cos\frac{B+C}{4}\cos\frac{C+A}{4}\cos\frac{A+B}{4}.$$

(x) $\tan\frac{B}{2}\tan\frac{C}{2}+\tan\frac{C}{2}\tan\frac{A}{2}+\tan\frac{A}{2}\tan\frac{B}{2}=1$.

(xi) $\cot\frac{A}{2}+\cot\frac{B}{2}+\cot\frac{C}{2}=\cot\frac{A}{2}\cot\frac{B}{2}\cot\frac{C}{2}$.

2. $\underset{\theta\to 0}{Lt}\frac{\sin\theta}{\theta}=1$; $\underset{\theta\to 0}{Lt}\cos\theta=1$; $\underset{\theta\to 0}{Lt}\frac{\tan\theta}{\theta}=1$.

3. Area of a circle of radius $r=\pi r^2$.

Perimeter of a circle of radius $r=2\pi r$.

উচ্চ-মাধ্যমিক ত্রিকোণমিতি

প্রথম অধ্যায়

কোণ-পরিমাপন

1·1. 'ত্রিকোণমিতি'—এই নাম হইতে স্পষ্টই বুঝিতে পারা যায় যে, ত্রিভুজ-সম্পর্কীয় পরিমাপনের পদ্ধতি ইহার বিষয়বস্তু ছিল। বর্তমানে ইহার ক্ষেত্র বিস্তৃত হইয়াছে, কেবল ত্রিভুজের কোণই নহে, অন্য যে-কোন কোণ-সম্পর্কীয় পরিমাপন-পদ্ধতি ইহার বিষয়বস্তুর অঙ্গীভূত হইয়াছে।


1·2. ত্রিকোণমিতিক কোণ (Trigonomerical Angles).

জ্যামিতিতে কোণের সংজ্ঞা ছিল নিম্নলিখিত রূপ :—দুইটি সরলরেখা পরস্পর ছেদ করিলে একটি কোণ উৎপন্ন করে ; এই কোণের মান 0° ডিগ্রি ও 360° ডিগ্রির মধ্যে থাকিবে এবং এই মান-অনুযায়ী ইহা সূক্ষ্ম (acute), স্থূল (obtuse) অথবা প্রবৃদ্ধ (reflex) কোণ হইবে। জ্যামিতিতে কোণকে সর্বদা ধনাত্মক হিসাবে গণ্য করা হইয়াছে এবং এখানে ঋণাত্মক কোণ সম্পূর্ণ অর্থহীন। কিন্তু, ত্রিকোণমিতিতে কোণের সংজ্ঞা আরও ব্যাপকভাবে কল্পনা করা হইয়াছে।

ত্রিকোণমিতিতে কোণের উৎপত্তি কল্পনা করা হইয়াছে একটি সরলরেখার আবর্তনের ফলে ; এই রেখা আবর্তনের প্রারম্ভে প্রদত্ত কোণের একটি বাহুর সহিত মিশিয়া থাকিবে ; এখন ইহার একটি প্রান্তবিন্দু স্থির রাখিয়া সেই অবস্থান হইতে আবর্তন করিতে হইবে,—আবর্তন করিতে করিতে অবশেষে যখন এই রেখার অবস্থান প্রদত্ত কোণের অপর বাহুর সহিত মিশিয়া যাইবে, তখনই বলা হয় আবর্তনকারী রেখাটি ঐ নির্দিষ্ট কোণটি উৎপন্ন করিল।

দৃষ্টান্তস্বরূপ বলা যায় যে, একটি সরলরেখা ইহার প্রথম অবস্থান OX হইতে ঘড়ির কাঁটার বিপরীতমুখী আবর্তনের ফলে XOP সূক্ষ্মকোণটি উৎপন্ন করিয়াছে। সরলরেখাটি আবর্তন আরম্ভ করিয়া ঘুরিতে ঘুরিতে পুনরায় যখন ইহার প্রথম অবস্থানের সহিত মিশিয়া যাইবে তখনই একটি আবর্তন সম্পূর্ণ হইল। একটি সরলরেখা OX-অবস্থান হইতে আরম্ভ করিয়া ও ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরিয়া একটি আবর্তন সম্পূর্ণ করিবার পর পুনরায় ঘুরিয়া OQ-

অবস্থানে আসিলে উৎপন্ন কোণটি পাঁচ সমকোণ অপেক্ষা বৃহত্তর হইবে। এক্ষণে আবর্তন ঘড়ির কাঁটা যেদিকে ঘোরে, সেদিকে অথবা বিপরীত দিকে হইতে



পারে। **আবর্তনকারী রেখার ঘড়ির কাঁটার বিপরীতমুখী আবর্তনের ফলে উৎপন্ন কোণকে ধনাত্মক কোণ বলিয়া অভিহিত করা হইয়া থাকে। ঘড়ির কাঁটার দিকে আবর্তনের ফলে উৎপন্ন কোণকে ঋণাত্মক কোণ বলিয়া অভিহিত করা হয়।** দৃষ্টান্তস্বরূপ, XOR কোণকে প্রথম অবস্থান OX হইতে ঘড়ির কাঁটার গতির দিকে মাপিলে উহা ঋণাত্মক কোণ হইবে।

ত্রিকোণমিতিক কোণের পরিমাপ কোনরূপ সীমাবদ্ধ নয়; ইহা ধনাত্মক বা ঋণাত্মক উভয় প্রকারের হইতে পারে।

OX আবর্তনকারী রেখার প্রথম অবস্থান; এক্ষণে XO কে X' পর্যন্ত বর্ধিত করা হইল এবং YOY' উহার সহিত লম্ব টানা হইল। এইরূপে ক্ষেত্রটি চারিটি পাদে (Quadrant) বিভক্ত হইল; XOY প্রথম পাদ, YOX' দ্বিতীয় পাদ, X'OY' তৃতীয় পাদ এবং Y'OX চতুর্থ পাদ। $+920°$ ডিগ্রির কোণ উৎপন্ন করিতে হইলে আবর্তনকারী রেখাটিকে দুইটি আবর্তন সম্পূর্ণ করিতে হইবে; যাহার ফলে $2 \times 360° = 720°$ ডিগ্রির কোণ উৎপন্ন হইবে; অতঃপর আবর্তনকারী রেখাটিকে আরও $200°$ ডিগ্রির কোণ উৎপন্ন করিতে হইবে, এবং ইহার শেষ অবস্থান হইবে তৃতীয় পাদে। অনুরূপভাবে, $-1354°$ কোণ উৎপন্ন করিলে আবর্তনকারী রেখার শেষ অবস্থান হইবে প্রথম পাদে, কারণ $-1354° = -360° \times 3 - 274°$.

মনে রাখিতে হইবে যে, দুইটি কোণের অন্তর 360° ডিগ্রির গুণিতক এবং

আবর্তনকারী রেখার প্রথম অবস্থান এক হইলে, উভয় ক্ষেত্রেই উহার শেষ অবস্থানও একই স্থানে হইবে ; যেমন $255°$ এবং $-105°$ কোণ দুইটির ক্ষেত্রে আবর্তনকারী রেখার প্রথম অবস্থান এক হইলে শেষ অবস্থানও একই স্থানে হইবে।

1·3. কোণ-পরিমাপনের এককসমূহ (Units of measurement of angles).

এখন আমরা কোণ-পরিমাপনের বিভিন্ন পদ্ধতির এককসমূহের সংজ্ঞা নির্দেশ করিব। এককের সংজ্ঞা নির্দেশ করিতে হইলে এমন একটি প্রামাণ্য কোণকে (Standard angle) ভিত্তি করিতে হইবে যাহা যে-কোন পদ্ধতি-নিরপেক্ষ হইবে। সমকোণ এইরূপ একটি কোণ। কোন একটি সরলরেখা অপর একটি সরলরেখার উপর দণ্ডায়মান হইলে সন্নিহিত কোণদ্বয় যদি সমান হয়, তাহা হইলে প্রতিটি কোণ সমকোণ হইবে—ইহাই জ্যামিতিতে সমকোণের সংজ্ঞা। এক সমকোণ সর্বত্রই সমান ; অতএব বিভিন্ন পদ্ধতিতে কোণ-পরিমাপের ভিত্তি হিসাবে ইহা বিশেষ সুবিধাজনক।

ত্রিকোণমিতিতে কোণ-পরিমাপের জন্য তিনটি পদ্ধতি অনুসৃত হয় ; যথা—

(i) **ষষ্টিক পদ্ধতি** (*Sexagesimal System*)

(ii) **শতক পদ্ধতি** (*Centesimal System*)

(iii) **বৃত্তীয় পদ্ধতি** (*Circular System*)

ষষ্টিক* পদ্ধতি ঃ এই পদ্ধতিতে একটি সমকোণকে 90 সমান অংশে বিভক্ত করা হয় এবং প্রত্যেক অংশকে বলা হয় **এক ডিগ্রি।** এক ডিগ্রিকে পুনরায় 60 ষষ্টিক **মিনিটে** ও প্রতি মিনিটকে 60 ষষ্টিক **সেকেণ্ডে** বিভক্ত করা হয়। অতএব,

1 সমকোণ $= 90°$ (ডিগ্রি)

$1° = 60'$ (ষষ্টিক মিনিট)

$1' = 60''$ (ষষ্টিক সেকেণ্ড)

* এইখানে প্রধানতঃ এক-ষষ্টিতম অংশে অন্তর্বিভক্ত করা হয় বলিয়া এই পদ্ধতির নাম ষষ্টিক পদ্ধতি। ইহাকে সাধারণ বা ইংরাজী পদ্ধতিও বলা হয়।

শতক* পদ্ধতি ঃ এই পদ্ধতিতে একটি সমকোণকে নিম্নলিখিতভাবে অন্তর্বিভক্ত করা হয় ঃ—

1 সমকোণ $= 100^g$ (গ্রেড)

$1^g \quad = 100'$ (শতক মিনিট)

$1' \quad = 100''$ (শতক সেকেণ্ড)

দ্রষ্টব্য। 1\` শতক মিনিট এবং 1′ ষষ্টিক মিনিট সমান নহে ; কারণ প্রথমটি এক সমকোণের $\frac{1}{100 \times 100}$ অংশ এবং দ্বিতীয়টি এক সমকোণের $\frac{1}{90 \times 60}$ অংশ ; অতএব 1′ ষষ্টিক মিনিটের $\frac{27}{50}$ অংশ 1\` শতক মিনিটের সমান। এইরূপে 1″ ষষ্টিক সেকেণ্ড অপেক্ষা 1\`\` শতক সেকেণ্ড ক্ষুদ্রতর এবং দ্বিতীয়টি প্রথমটির মাত্র $\frac{81}{250}$ অংশ।

1 সমকোণ $= 90° = 100^g$; অতএব $9° = 10^g$; এই সম্পর্ক মনে রাখিলেই উভয় পদ্ধতির মধ্যে সম্পর্ক নির্ণয় করা যায়। প্রথম পদ্ধতির যে-কোন কোণকে প্রথমে ডিগ্রিতে পরিণত করিয়া, অতঃপর $\frac{10}{9}$ দ্বারা গুণ করিলে গ্রেডে রূপান্তরিত হয়। এইরূপে, দ্বিতীয় পদ্ধতির যে-কোন কোণকে প্রথম পদ্ধতির কোণে রূপান্তরিত করা যায়। তৃতীয় অর্থাৎ বৃত্তীয় পদ্ধতি সম্বন্ধে আলোচনা আমরা পরে করিব।

1·4. উপপাদ্য ঃ প্রত্যেক বৃত্তের পরিধি এবং ব্যাসের অনুপাত ধ্রুবক।


[*In all circles, the circumference bears a constant ratio to its diameter.*]

বিভিন্ন ব্যাসার্ধের এককেন্দ্রীয় দুইটি বৃত্ত লওয়া হইল। ABCD…ইহাদের যে-কোন একটির অন্তর্লিখিত n বাহু-বিশিষ্ট সুষম বহুভুজ। OA, OB, OC,… ব্যাসার্ধগুলি অপর বৃত্তটিকে যথাক্রমে A′, B′, C′,… ইত্যাদি

---

* এইখানে অন্তর্বিভাজন হয় শততম অংশে,—এইজন্য এই পদ্ধতির নাম শতক পদ্ধতি। ইহাকে ফরাসী পদ্ধতিও বলা হয়।

বিন্দুতে ছেদ করিয়াছে। ইহা সহজেই দেখানো যায় যে, $A'B'C'\cdots$ অপর বৃত্তটির অন্তর্লিখিত n বাহুবিশিষ্ট একটি সুষম বহুভুজ। এক্ষণে $OA=OB$ এবং $OA'=OB'$; অতএব OAB এবং $OA'B'$ ত্রিভুজদ্বয়ের মধ্যে $OA : OA' = OB : OB'$ এবং O কোণ সাধারণ; অতএব ত্রিভুজদ্বয় সদৃশকোণী। সুতরাং $AB : A'B' = OA : OA'$.



অতএব,

$$\frac{ABCD \cdots \text{ বহুভুজের পরিসীমা}}{A'B'C'D' \cdots \text{ বহুভুজের পরিসীমা}} = \frac{n.AB}{n.A'B'} = \frac{AB}{A'B'} = \frac{OA}{OA'}.$$

n-এর মান যাহাই হইক না কেন উপরোক্ত তথ্যটি সর্বক্ষেত্রে প্রযোজ্য। এখন $ABCD\cdots$ বহুভুজের বাহুসংখ্যা n যত বড় হইবে, ইহার প্রতিটি বাহু ততই ছোট হইতে থাকিবে। অতএব, n-কে সীমাহীন বৃহৎ কল্পনা করিলে অবশেষে বহুভুজের পরিসীমা অনুরূপ বৃত্তের পরিধির সহিত মিলিয়া যাইবে। অর্থাৎ আমরা নিম্নলিখিত সিদ্ধান্তে উপনীত হইলাম ঃ

$$\frac{ABCD\cdots \text{ বৃত্তের পরিধি}}{A'B'C'D'\cdots \text{ বৃত্তের পরিধি}} = \frac{OA}{OA'} = \frac{ABCD\cdots \text{ বৃত্তের ব্যাসার্ধ}}{A'B'C'D'\cdots \text{ বৃত্তের ব্যাসার্ধ}}$$

অতএব যে-কোন বৃত্তের পরিধি ও তাহার ব্যাসার্ধের অনুপাত ধ্রুবক হইবে। ব্যাস ব্যাসার্ধের দ্বিগুণ বলিয়া আমরা সিদ্ধান্ত করি যে, যে-কোন বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত ধ্রুবক।

এই ধ্রুবককে গ্রীক্ অক্ষর π দ্বারা সূচিত করা হয়। ইহার মান যে পদ্ধতিতে নির্ণয় করা হইয়াছে, তাহার আলোচনা এই গ্রন্থের ক্ষেত্র-বহির্ভূত। কোন কোন গণিতজ্ঞ 500 দশমিক স্থান পর্যন্ত ইহার মান নির্ণয় করিয়াছেন। ইহার আসন্ন মান $\frac{22}{7}$ এবং এই মানই সাধারণতঃ ব্যবহৃত হয়। ইহার অধিকতর আসন্ন মান $\frac{355}{113}$ এবং দশমিক ভগ্নাংশে প্রকাশ করিলে ইহার আসন্ন মান $3{\cdot}14159\cdots$। অতএব কোন বৃত্তের ব্যাসার্ধ r ও ব্যাস d হইলে,

বৃত্তের পরিধি $=\pi d = 2\pi r$, যেখানে $\pi = 3{\cdot}14159\cdots = \frac{22}{7}$ (স্থূল মান)


1·5. বৃত্তীয় একক বা রেডিয়ান মাপ (Circular Unit or Radian Measure).

যে-কোন বৃত্তের ব্যাসার্ধের সমান দীর্ঘ বৃত্তচাপ উহার কেন্দ্রে যে কোণ উৎপন্ন করে, তাহাকে বলা হয় **এক রেডিয়ান** এবং লেখা হয় 1^c.

এক্ষণে আমরা প্রমাণ করিব যে, যে-কোন বৃত্তের সাহায্যে রেডিয়ানের সংজ্ঞা প্রকাশ করা হউক না কেন ইহা একটি ধ্রুবক কোণ; অতএব ইহা কোণ পরিমাপের পক্ষে একটি উপযুক্ত একক এবং ইহাই বৃত্তীয় এককরূপে পরিচিত।

উপপাদ্য 1. এক রেডিয়ান একটি ধ্রুবক কোণ।

[*A radian is a constant angle.*]



O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের AB চাপ OA ব্যাসার্ধের দৈর্ঘ্যের সমান লইলে, সংজ্ঞানুসারে, $\angle AOB = 1$ রেডিয়ান। যেহেতু কেন্দ্রস্থ যে-কোন কোণ ইহার উৎপন্নকারী চাপের দৈর্ঘ্যের সমানুপাতী, এবং যেহেতু সমগ্র পরিধির দ্বারা উৎপন্ন কেন্দ্রস্থ কোণ চারি সমকোণের সমান (জ্যামিতিতে প্রমাণিত), অতএব,

$$\frac{\angle AOB}{4\text{ সমকোণ}} = \frac{\text{চাপ } AB}{\text{সম্পূর্ণ পরিধি}} = \frac{\text{ব্যাসার্ধ}}{\text{পরিধি}}$$

অর্থাৎ, $\dfrac{1\text{ রেডিয়ান}}{4\text{ সমকোণ}} = \dfrac{r}{2\pi r} = \dfrac{1}{2\pi}$, (r বৃত্তের ব্যাসার্ধ)

সুতরাং, 1 রেডিয়ান $= \dfrac{2}{\pi}$ সমকোণ।

কিন্তু π একটি ধ্রুবক। অতএব এক রেডিয়ান একটি ধ্রুবক কোণ।

দ্রষ্টব্য। এইরূপে আমরা দেখিতে পাই যে, যে-কোন বৃত্তের সাহায্যে রেডিয়ানের সংজ্ঞা প্রকাশ করা হউক না কেন, ইহার পরিমাপ সমান।

উপরের উপপাদ্য হইতে,

$$\pi \text{ রেডিয়ান} = 180° \text{ ডিগ্রি}$$

$$\therefore \quad 1 \text{ রেডিয়ান} = \frac{180°}{\pi} = \frac{180°}{3{\cdot}14159} = 57{\cdot}29577 \text{ ডিগ্রি}$$

$$= 57°\ 17'\ 44{\cdot}8'' \text{ (প্রায়)}$$


$$\therefore \quad 1 \text{ ডিগ্রি} = {\cdot}0174533 \text{ রেডিয়ান (প্রায়)}।$$

উচ্চতর গণিতে, সুবিধা হয় বলিয়া, কোণের মান প্রকাশ করা হয় বৃত্তীয় পদ্ধতিতে; বিশেষতঃ তত্ত্বমূলক আলোচনার ক্ষেত্রে এই পদ্ধতি প্রায়ই ব্যবহৃত হয়। এই প্রসঙ্গে আমরা নিম্নলিখিত উপপাদ্যের উল্লেখ করিতে পারি:

উপপাদ্য 2. যে-কোন কোণের বৃত্তীয় মান, বৃত্তের কেন্দ্রে ঐ কোণ উৎপন্নকারী বৃত্তচাপ ও সেই বৃত্তের ব্যাসার্ধের অনুপাতের দ্বারা প্রকাশ করা যায়।

[The measure of any angle in radians is expressed by the ratio of the arc of any circle subtending that angle at its centre, to the radius.]

মনে করি, XOP যে-কোন একটি কোণ।



O-কে কেন্দ্র করিয়া OA ব্যাসার্ধ লইয়া একটি বৃত্ত অঙ্কিত করা হইল; উহার চাপ AQ কেন্দ্রে XOP কোণ উৎপন্ন করে। মনে করি, AB ব্যাসার্ধের

সমান দীর্ঘ একটি চাপ। অতএব সংজ্ঞানুসারে, $\angle$AOB কোণ 1 রেডিয়ানের সমান।

এক্ষণে জ্যামিতি হইতে আমরা জানি যে, একটি বৃত্তের কেন্দ্রস্থ কোণগুলি উহাদের উৎপন্নকারী চাপের দৈর্ঘ্যের সমানুপাতী হইবে।

অতএব, $\dfrac{\angle XOP}{\angle AOB} = \dfrac{\text{চাপ } AQ}{\text{চাপ } AB} = \dfrac{\text{চাপ } AQ}{\text{ব্যাসার্ধ } OA}$

অথবা, $\dfrac{\angle XOP}{1 \text{ রেডিয়ান}} = \dfrac{\text{চাপ } AQ}{\text{ব্যাসার্ধ } OA}$

অর্থাৎ, $\angle XOP = \dfrac{\text{চাপ } AQ}{\text{ব্যাসার্ধ } OA}$ রেডিয়ান।

অতএব, $\angle$XOP-র রেডিয়ান মাপ θ, AQ চাপের দৈর্ঘ্য s এবং বৃত্তের ব্যাসার্ধ r হইলে,

$$\theta = \frac{s}{r} \qquad \text{অথবা,} \qquad s = r\theta.$$

দ্রষ্টব্য। উচ্চতর গণিতে **কোণের মান রেডিয়ানে থাকিলে, তাহা উল্লেখ করা হয় না; সাধারণতঃ তাহা উহ্যই থাকে।** কাজেই কোণ-পরিমাপের এককের উল্লেখ না থাকিলে, আমরা তাহা রেডিয়ান বলিয়া ধরিয়া লইব। যেমন, "একটি কোণ $\frac{\pi}{2}$" বলিয়া উল্লেখ করিলে উহা $\frac{\pi}{2}$ রেডিয়ান বুঝাইবে; ইহাকে ডিগ্রিতে পরিবর্তিত করিলে হইবে 90°, অর্থাৎ এক সমকোণ।

1·6. কোন অঙ্কের সমাধান করিতে হইলে, তিনটি পদ্ধতির মধ্যে সম্পর্ক মনে রাখিতে হইবে। সম্পর্কটি নিম্নে দেওয়া হইল :

$$\textbf{1 সমকোণ} = 90^\circ = 100^g = \frac{\pi}{2} \textbf{ রেডিয়ান।}$$

অতএব, $\pi^c = 180^\circ$.

1·7. উদাহরণমালা।

Ex. 1. *Express*

(i) 63° 22′ 40·8″ in centesimal measure

and (ii) $203^g\ 58'\ 73''$ in radians.

এখানে,

(i) $63^\circ\ 22'\ 40{\cdot}8'' = 63\frac{189}{500}$ ডিগ্রি $= \frac{31689}{500} \times \frac{1}{90}$ সমকোণ

$= \frac{31689}{500} \times \frac{1}{90} \times 100$ গ্রেড $= \frac{3521}{50}$ গ্রেড $= 70^g\ 42^`$.

(ii) $203^g\ 58^`\ 73^{``} = 203{\cdot}5873$ গ্রেড $= 2{\cdot}035873$ সমকোণ

$= 2{\cdot}035873 \times \frac{\pi}{2}$ রেডিয়ান $= 1{\cdot}0179365\pi$ রেডিয়ান।

Ex. 2. *Two angles of a triangle are $72^\circ\ 53'\ 51''$ and $41^g\ 22^`\ 50^{``}$ respectively. Find the third angle in radians.*

$41^g\ 22^`\ 50^{``} = 41{\cdot}2250$ গ্রেড $= \frac{41{\cdot}225}{10} \times 9$ ডিগ্রি $[\because 9^\circ = 10^g]$

$= 37{\cdot}1025$ ডিগ্রি $= 37^\circ\ 6'\ 9''$.

অতএব, প্রদত্ত কোণ দুইটির সমষ্টি $= 72^\circ 53' 51'' + 37^\circ 6' 9'' = 110^\circ$.

ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি দুই সমকোণের সমান ; অতএব, তৃতীয় কোণটি

$= 180^\circ - 110^\circ = 70^\circ = 70 \times \frac{\pi}{180}$ রেডিয়ান $(\because \pi^c = 180^\circ)$

$= \frac{7\pi}{18}$ রেডিয়ান।

Ex. 3. *Divide $\frac{\pi}{4}$ radians into two parts such that the number of sexagesimal minutes in one may be to the number of centesimal seconds in the other part as 27 : 2500.*

আমরা জানি, $\frac{\pi}{4}$ রেডিয়ান $= \frac{\pi}{4} \times \frac{2}{\pi}$ সমকোণ $= \frac{1}{2}$ সমকোণ।

মনে করি, দ্বিতীয় অংশের শতক সেকেণ্ডের সংখ্যা x ; অতএব,

প্রথম অংশের ষষ্টিক মিনিটের সংখ্যা $\frac{27}{2500}x$.

এক্ষণে, $x^{``} = \frac{x}{100 \times 100 \times 100}$ সমকোণ

এবং $\frac{27}{2500}x' = \frac{27x}{2500 \times 60 \times 90}$ সমকোণ $= \frac{x}{500000}$ সমকোণ

$$\therefore \quad \frac{x}{1000000} + \frac{x}{500000} = \frac{1}{2}.$$

অর্থাৎ, $x = \frac{500000}{3}$

অতএব, দ্বিতীয় অংশ $= \frac{500000''}{3} = \frac{500000}{3 \times 100 \times 100 \times 100}$ সমকোণ

$= \frac{1}{6}$ সমকোণ $= 15°$

যেহেতু দুইটি অংশের সমষ্টি $\frac{1}{2}$ সমকোণ অর্থাৎ 45°, প্রথম অংশ হইবে 30°. অতএব অংশ দুইটি 30° এবং 15°.

Ex. 4. *The angles of quadrilateral are in A.P., and the number of grades in the least angle is to the number of radians in the greatest as 100 : π. Find the angles in degrees.*

মনে করি, চতুর্ভুজের কোণগুলির পরিমাপ যথাক্রমে α, $\alpha+\beta$, $\alpha+2\beta$, $\alpha+3\beta$ ডিগ্রী।

$$\therefore \quad \alpha+\alpha+\beta+\alpha+2\beta+\alpha+3\beta = 360.$$

$$\therefore \quad 2\alpha+3\beta = 180. \qquad \cdots (1)$$

পুনরায়, ক্ষুদ্রতম কোণ $\alpha° = \frac{10}{9}\alpha^g$,

এবং বৃহত্তম কোণ, $(\alpha+3\beta)° = (\alpha+3\beta)\frac{\pi^c}{180}$

অতএব, প্রদত্ত সর্তানুসারে

$$\frac{10}{9}\alpha/(\alpha+3\beta)\frac{\pi}{180} = 100/\pi.$$

বা, $\frac{2\alpha}{\alpha+3\beta} = 1. \quad \therefore \quad \alpha = 3\beta.$


অতএব, (1) হইতে আমরা পাই

$3\alpha = 180$ বা $\alpha = 60°. \quad \therefore \quad \beta = \frac{\alpha}{3} = 20$

স্বতরাং, চতুর্ভুজের কোণগুলি যথাক্রমে

60°, 80°, 100° এবং 120°

Ex. 5. *At what distance does a man, $5\frac{1}{2}$ ft. in height, subtend an angle of 15″ ?*



মনে করি, AB মানুষটি O বিন্দুতে 15″-কোণ উৎপন্ন করে এবং মনে করি OA = r ft.

যেহেতু AOB কোণ অত্যন্ত ক্ষুদ্র, অতএব AO-এর তুলনায় AB যথেষ্ট ক্ষুদ্র। সুতরাং, AB-কে কার্যতঃ আমরা O-কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্তের একটি ক্ষুদ্র চাপ মনে করিতে পারি। অতএব, অনুচ্ছেদ 1·5-এর দ্বিতীয় উপপাদ্য-অনুসারে আমরা লিখিতে পারি

$$\frac{15}{60 \times 60} \times \frac{\pi}{180} = \frac{5\frac{1}{2}}{r},$$

বা $$r = \frac{11}{2} \times \frac{180 \times 60 \times 60}{15 \times \pi} \text{ ft.}$$

$$= \frac{11}{2} \times \frac{180 \times 60 \times 60 \times 7}{15 \times 22} \times \frac{1}{3 \times 1760} \text{ miles}$$

$$= 14{\cdot}32 \text{ miles.}$$

Ex. 6. *The angles of a triangle are as 4 : 5 : 6. Express them in circular measure.*

মনে করি, কোণগুলির রেডিয়ান মাপ $4x$, $5x$, $6x$.

এখন, যেহেতু ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি দুই সমকোণের অর্থাৎ π-এর সমান,

$\therefore\ 4x + 5x + 6x = \pi$ বা $x = \frac{1}{15}\pi$

$\therefore$ কোণগুলি যথাক্রমে $\frac{4}{15}\pi$, $\frac{1}{3}\pi$, $\frac{2}{5}\pi$.

Ex. 7. *The angles of a triangle are in A. P. and the greatest is double the least ; express the angles in degrees and in radians.*

মনে করি, কোণগুলি যথাক্রমে $\alpha - \beta$, α, $\alpha + \beta$.

এখন, যেহেতু ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি 180°, অতএব

$$\alpha-\beta+\alpha+\alpha+\beta=180°$$

বা $3\alpha=180°$. $\therefore\ \alpha=60°$.

আবার, যেহেতু বৃহত্তম কোণ = 2 (ক্ষুদ্রতম কোণ)

$\therefore\ \alpha+\beta=2(\alpha-\beta)$,

বা $3\beta=\alpha$.

$\therefore\ \beta=\frac{1}{3}\alpha=\frac{1}{3}\times 60°=20°$.

অতএব, ত্রিভুজের তিনটি কোণ যথাক্রমে 40°, 60°, 80° ডিগ্রী।

যেহেতু, $180°=\pi$, সুতরাং রেডিয়ান মাপে কোণগুলির মান হইবে যথাক্রমে $\frac{2}{9}\pi,\ \frac{1}{3}\pi,\ \frac{4}{9}\pi$.

Ex. 8. *The number of degrees in one of the acute angles of a right-angled triangle is three-tenths of the number of grades in the other; determine the angles in degrees.*

মনে করি, কোণ দুইটির মান $x°$, $90°-x°$ ($\because$ ত্রিভুজটি সমকোণী)

এখন, $x°=\frac{10}{9}x$ গ্রেড ; অতএব, প্রদত্ত সর্তানুসারে

$$90°-x=\frac{3}{10}\left(\frac{10}{9}x\right)$$

বা $\frac{4}{3}x=90°$. $\therefore\ x=67\frac{1}{2}°$. $\therefore\ 90°-x°=22\frac{1}{2}°$.

অতএব, কোণগুলির মান হইবে 90°, $67\frac{1}{2}°$, $22\frac{1}{2}°$.

Ex. 9. *Compare the areas of two circles in which the circumference of one is equal to an arc of 60° of the other.*

মনে করি, বৃত্ত দুইটির ব্যাসার্ধ r_1, r_2, এবং তাহাদের ক্ষেত্রফল যথাক্রমে S_1 এবং S_2.

মনে করি, দ্বিতীয় বৃত্তের AB বৃত্তচাপ কেন্দ্রে 60° কোণ উৎপন্ন করে। এখন, যেহেতু $s=r\theta$, (θ-এর রেডিয়ান মাপ লইতে হইবে)

$$\therefore\ \text{AB বৃত্তচাপ}=r_2\cdot\frac{60°\pi}{180°}=\frac{r_2\pi}{3}.$$

কিন্তু প্রদত্ত সর্তানুসারে,

S_2 বৃত্তের AB বৃত্তচাপ = S_1 বৃত্তের পরিধি,

$$\therefore\ \frac{r_2\pi}{3}=2\pi r_1\ ; \qquad \therefore\ r_2=6r_1 \qquad \cdots\ (1)$$

এখন, $S_1 = \pi r_1{}^2$, $S_2 = \pi r_2{}^2$.

$$\therefore \quad \frac{S_1}{S_2} = \frac{\pi r_1{}^2}{\pi r_2{}^2} = \frac{r_1{}^2}{r_2{}^2} = \frac{r_1{}^2}{36 r_1{}^2} = \frac{1}{36}.$$

$$\therefore \quad S_1 : S_2 = 1 : 36.$$

Ex. 10. *What number will represent the angle 2°30′ when $\frac{1}{72}$ of a right angle is the unit ?*

$2°30' = 2\frac{1}{2}$ ডিগ্রি $= \frac{5}{2}$ ডিগ্রি = এক সমকোণের $\frac{5}{2 \times 90}$ অংশ

= এক সমকোণের $\frac{1}{36}$ অংশ

কিন্তু, পরিমাপনের একক এখানে = এক সমকোণের $\frac{1}{72}$ অংশ।

∴ নির্ণেয় সংখ্যা $= \frac{1}{36} \div \frac{1}{72} = 2.$

Ex. 11. *The angles of a triangle have the same measure when the units are 1°, 2° and 3° respectively. Find the measure.*

মনে করি, কোণগুলি যথাক্রমে $x°$, $y°$, $z°$.

$$\therefore \quad x + y + z = 180.$$

এখন, প্রদত্ত সর্তানুসারে যেহেতু পরিমাপনের একক যথাক্রমে 1°, 2° ও 3° ধরিলে কোণগুলির মাপ সমান হইবে, অতএব

$$\frac{x}{1} = \frac{y}{2} = \frac{z}{3} = \frac{x+y+z}{1+2+3} = \frac{180}{6} = 30.$$

∴ নির্ণেয় সাধারণ মাপ = 30.

Ex. 12. *If D be the whole number of degrees, m the whole number of minutes, and s the whole number of seconds in the same angle, then $3600D = 60m = s$.*

প্রদত্ত কোণে ডিগ্রির সংখ্যা = D

∴ " " মিনিটের " = 60D.

∴ " " সেকেণ্ডের " = 60 × 60D = 3600D.

আবার, " " মিনিটের " = m

∴ " " সেকেণ্ডের " = $60m$.

যেহেতু প্রদত্ত কোণে সেকেণ্ডের সংখ্যা = s,

$$\therefore \quad 3600D = 60m = s.$$

Examples I

1. Indicate the final position of a revolving line which has traced out the angle

(i) 1122°; (ii) $-810^\circ\,29'$;

(iii) $-617^g\,51`\,5``$; (iv) $\frac{18\pi}{5}$ radians.

2. Express (i) $55^\circ\,12'\,36''$ in centesimal measure;

(ii) $195^g\,35`\,24``$ in degrees, minutes, and secs.

3. How many radians are there in (i) $50^g\,75`\,50``$; (ii) $18^\circ\,33'\,45''$?

4. Express in each system of angular measurement the angle between the minute-hand and the hour-hand of a clock at quarter to twelve.

5. If x^g be taken as the unit angle, and the angles 600° and 16^c expressed in that unit be α and β respectively, find the relation between α and β.

6. The difference of two angles is 1°; the circular measure of their sum is 1; find the circular measure of the smaller angle.

7. Two angles are in the ratio $2:3$, and the difference of their measure in grades and in degrees respectively is $2\frac{1}{3}$; find the angles in degrees.

8. An angle is the excess of $D^\circ\,M'$ over $G^g\,m`$. Find the ratio of this angle to a right angle.

9. The circular measure of a certain angle is equal to the ratio of the number of degrees in it to the number of centesimal minutes; find the magnitude of the angle in degrees.

10. With two units of angular measurement differing by 10°, the measure of an angle are as $3:2$; determine the units.

11. If an angle standing upon an arc of length 'l' at the centre of a circle of radius 'r' be taken as unit, and three angles D°, G^g, and C circular units expressed in that unit be x, y, z respectively, show that

$$x:y:z=\frac{D\pi}{18}:\frac{G\pi}{20}:10C.$$

12. Three angles are in G.P. The number of grades in the

greatest angle is to the number of circular units in the least as 800 to π, and the sum of the three angles is 126°. Find the angles in grades.

13. Divide 54° in three parts, such that the circular measure of the first exceeds that of the second by $\frac{\pi}{10}$, and the sum of the second and third is 30 grades.

14. Find at what times between 7 and 8 o'clock the angle between the two hands of a clock is (i) 60^g, (ii) 155°.

15. The angles of a triangle are in A. P., and the number of radians in the greatest is to the number of grades in the least as $\pi : 40$. Find the angles in degrees.

16. In each of two triangles the angles are in G.P. ; the least angle of one of them is three times the least angle in the other, and the sum of the greatest angles is 240°. Find the circular measure of the angles.

17. One angle of a quadrilateral is $\frac{2}{3}$ of another and the two other angles are $66\frac{2}{3}$ grades and $\frac{3\pi}{4}$ radians. Express the angles in degrees.

18. The angles of a polygon (which has no reflex angle) are in A. P. The least angle is $\frac{2\pi}{3}$ radians and the common difference is 5°. Find the number of sides.

19. The number of sides of two regular polygons are as $m : n$, and the number of degrees in an angle of the first is to the number of grades in an angle of the second as $p : q$. Determine the number of sides in each polygon.

20. An arc of 50^g in one circle equals one of 60° in another ; find the radian-measure of an angle subtended at the centre of the first circle by an arc equal to the radius of the second.

21. Two regular figures are such that the number of degrees in an angle of one is to the number of degrees in an angle of the other as the number of sides in the first is to the number of sides in the second. The sum of the number of sides of the two figures being 9, determine the number of sides of each.

22. The wheel of a railway carriage is 4 ft. in diameter and makes 6 revolutions in a second ; how fast is the train going ?

23. The earth revolves round the sum in a circular orbit of radius 92700000 miles once a year. Find its velocity in miles per hour. If the apparent angular diameter of the sun observed from the earth be $32'$, find also the linear radius of the sun.

24. A tower subtends an angle of $10'$ when the observer is at a distance of 6 miles ; find its height.

25. Find the radius of the earth, if an angle of $1°$ is subtended at its centre by an arc joining two places on it distant 69·1 miles.

26. A horse is tied to a post by a rope 27 feet long. If the horse moves along the circumference of a circle always keeping the rope tight, find how far the horse will have gone when the rope has traced out an angle of $70°$. $(\pi = \frac{22}{7})$

27. A man running along a circular track at the rate of 10 miles per hour, traverses in 36 seconds, an arc which subtends $56°$ at the centre. Find the diameter of the circle. $(\pi = \frac{22}{7})$

28. An arc of $30°$ in one circle is double an arc in a second circle the radius of which is three times the radius of the first. Show that the arc of the second circle subtends $5°$ at its centre.

ANSWERS

1. (i) first quadrant. (ii) third quadrant. (iii) second quadrant. (iv) fourth quadrant.
2. (i) $61^g\ 34'\ 44''{\cdot}4$. (ii) $175°\ 49'\ 1''{\cdot}776$.
3. (i) $\cdot253775\pi$. (ii) $\frac{33}{320}\pi$.
4. $82°\ 30'$; $91^g\ 66'\ 6''{\cdot}6$; $\frac{11}{24}\pi$. 5. $a : \beta = 5\pi : 24$.
6. $\frac{1}{2}\left(1-\frac{\pi}{180}\right)$. 7. $6°$ and $9°$. 8. $\frac{1}{90}\left(D+\frac{M}{60}\right)-\frac{1}{100}\left(G+\frac{m}{100}\right)$.
9. $\frac{567}{1100}$ nearly. 10. $20°$ and $30°$. 12. $20^g, 40^g, 80^g$.
13. $27°, 9°, 18°$. 14. (i) At $28\frac{4}{11}$ min. and 48 min. past 7. (ii) At 7-10. 15. $20°, 60°, 100°$.
16. $\frac{\pi}{7}, \frac{2\pi}{7}, \frac{4\pi}{7}$; $\frac{\pi}{21}, \frac{4\pi}{21}, \frac{16\pi}{21}$.
17. $45°, 60°, 120°, 135°$. 18. 9.
19. mx and nx where $x = \frac{2(10pm-9qn)}{mn\,(10p-9q)}$. 20. $\frac{3}{4}$.
21. 3 and 6. 22. 51·41 miles per hour (nearly).
23. 66444 miles per hour (nearly) ; 431445 miles (nearly).
24. 76·8 ft. (nearly). 25. 3959 miles (nearly). 26. 33 ft.
27. 360 yds.


দ্বিতীয় অধ্যায়

সূক্ষ্মকোণের ত্রিকোণমিতিক কোণানুপাত

(Trigonometrical Ratios of Acute Angles)

2·1. কোণানুপাতের সংজ্ঞা।

মনে করি, OA এবং OB সরলরেখা পরস্পর ছেদ করার ফলে AOB—এই **সূক্ষ্মকোণটির** উৎপত্তি হইয়াছে। AOB কোণের মান আমরা গ্রীক্ অক্ষর θ (থিটা) দ্বারা সূচিত করিব। OB সরলরেখার উপর P একটি বিন্দু লইলাম। P-বিন্দু হইতে AOB কোণের অপর বাহু OA-র উপর PN লম্ব টানিলাম। অতঃপর PON একটি সমকোণী ত্রিভুজ হইল। এই ত্রিভুজের AOB কোণ অর্থাৎ θ-র অনুপাতে PN-কে **বিপরীত বাহু**, ON-কে **সংলগ্ন বাহু**, এবং OP-কে **অতিভুজ** বলা হয়।



$\frac{PN}{OP}, \frac{ON}{OP}, \frac{PN}{ON}, \frac{OP}{PN}, \frac{OP}{ON}, \frac{ON}{PN}$, এই অনুপাতগুলিকে যথাক্রমে সাইন (sine), কোসাইন (cosine), ট্যানজেণ্ট (tangent), কোসেকাণ্ট (cosecant), সেকাণ্ট (secant) এবং কোট্যানজেণ্ট (cotangent) বলা হয়। অর্থাৎ,

$$\text{সাইন } \theta = \sin\theta = \frac{PN}{OP} = \frac{\text{বিপরীত বাহু}}{\text{অতিভুজ}}$$

$$\text{কস } \theta = \cos\theta = \frac{ON}{OP} = \frac{\text{সংলগ্ন বাহু}}{\text{অতিভুজ}}$$

$$\text{ট্যান } \theta = \tan\theta = \frac{PN}{ON} = \frac{\text{বিপরীত বাহু}}{\text{সংলগ্ন বাহু}}$$

$$\text{কোসেক } \theta = \operatorname{cosec}\theta = \frac{OP}{PN} = \frac{\text{অতিভুজ}}{\text{বিপরীত বাহু}}$$

$$\text{সেক } \theta = \sec\theta = \frac{OP}{ON} = \frac{\text{অতিভুজ}}{\text{সংলগ্ন বাহু}}$$

$$\text{কট } \theta = \cot\theta = \frac{ON}{PN} = \frac{\text{সংলগ্ন বাহু}}{\text{বিপরীত বাহু}}$$

এই ছয়টি অনুপাতকে θ কোণের ত্রিকোণমিতিক কোণানুপাত বলে।

দ্রষ্টব্য 1. কোন কোন লেখক PN কে লম্ব এবং ON কে ভূমি বলিয়া উল্লেখ করেন।


দ্রষ্টব্য 2. উপরিলিখিত কোণানুপাত ব্যতীত, θ কোণ-সম্বন্ধীয় আরও দুইটি কোণানুপাত মধ্যে মধ্যে ব্যবহৃত হইয়া থাকে; ইহাদিগকে ভার্সাইন θ ও কোভার্সাইন θ বলে। লিখিবার সময় সংক্ষেপ করিয়া আমরা লিখি

$$\text{ভার্স } \theta = \text{vers } \theta = 1 - \cos\theta$$

$$\text{কোভার্স } \theta = \text{covers } \theta = 1 - \sin\theta.$$

2·2. ত্রিকোণমিতিক কোণানুপাত পরিবর্তনহীন।

যদিও θ কোণের কোণানুপাতের সংজ্ঞা OPN ত্রিভুজের বাহুগুলির অনুপাত দ্বারা ব্যক্ত হইয়াছে, তথাপি ইহা কোনক্রমেই OPN ত্রিভুজের



আয়তনের উপর নির্ভর করে না। অর্থাৎ **OA বা OB বাহুর যে-কোন একটির উপর** P বিন্দুটি অবস্থান করিতে পারে এবং অতঃপর P হইতে অপর বাহুর উপর লম্ব টানিলে OPN ত্রিভুজের উদ্ভব হইবে। তাহা হইলে

θ কোণের কোণানুপাত যে-কোন ত্রিভুজ OPN-এর বাহুগুলির অনুপাতের দ্বারা প্রকাশ করা যাইতে পারে এবং তাহারা সর্বদা সমান হইবে।

মনে করি, AOB কোণের মান θ। OB বাহুর উপর যে-কোন একটি বিন্দু P লইলাম; এবং OA বাহুর উপর PN লম্ব টানিলাম। OB-র উপর অপর একটি বিন্দু Q লওয়া হইল এবং Q হইতে OA-র উপরে QM লম্ব টানিলাম। অতঃপর OA-র যে-কোন একটি বিন্দু R লইয়া, R হইতে OB-র উপর RS লম্ব টানা হইল। অতএব, সংজ্ঞানুসারে

$$\triangle\text{PON ত্রিভুজ হইতে,}\quad \sin\theta=\frac{\text{PN}}{\text{OP}}$$

$$\triangle\text{QOM ত্রিভুজ হইতে,}\quad \sin\theta=\frac{\text{QM}}{\text{OQ}}$$

$$\triangle\text{ROS ত্রিভুজ হইতে,}\quad \sin\theta=\frac{\text{RS}}{\text{OR}}.$$

কিন্তু, যেহেতু PON, QOM ও ROS ত্রিভুজগুলি সদৃশকোণী,

$$\therefore\ \frac{\text{PN}}{\text{OP}}=\frac{\text{QM}}{\text{OQ}}=\frac{\text{RS}}{\text{OR}}.$$

অতএব, যে-কোন ত্রিভুজ PON বা QOM বা ROS-এর বাহুদ্বয়ের অনুপাতের দ্বারা $\sin\theta$ প্রকাশ করা যাউক না কেন, $\sin\theta$-র মান সর্বদা সমান থাকিবে। অর্থাৎ যে-কোন কোণের 'সাইন' শুধু কোণের পরিমাপের উপর নির্ভর করে। এইরূপে প্রমাণ করা যাইতে পারে যে সমস্ত ত্রিকোণমিতিক কোণানুপাতগুলি কেবলমাত্র কোণের উপর নির্ভর করে, সংজ্ঞাপ্রদানকারী ত্রিভুজের বাহুর উপর নয়।

দ্রষ্টব্য। প্রতিটি **ত্রিকোণমিতিক কোণানুপাত** দুইটি দৈর্ঘ্যের অনুপাত বলিয়া ইহা **একটি সংখ্যা, দৈর্ঘ্য নয়।**

2·3. ত্রিকোণমিতিক কোণানুপাতগুলির মধ্যে পারস্পরিক সম্বন্ধ।

আমরা জানি, [§ 2·1 হইতে]

$$\textbf{cosec}\,\theta=\frac{\text{OP}}{\text{PN}}=\frac{1}{\text{PN/OP}}=\frac{\mathbf{1}}{\mathbf{\sin\theta}}\qquad\cdots\quad(1)$$

$$\textbf{sec}\,\theta=\frac{\text{OP}}{\text{ON}}=\frac{1}{\text{ON/OP}}=\frac{\mathbf{1}}{\mathbf{\cos\theta}}\qquad\cdots\quad(2)$$

$$\cot\theta=\frac{ON}{PN}=\frac{1}{PN/ON}=\frac{1}{\tan\theta} \quad \cdots \quad (3)$$

পুনরায়, $$\tan\theta=\frac{PN}{ON}=\frac{PN/OP}{ON/OP}=\frac{\sin\theta}{\cos\theta} \quad \cdots \quad (4)$$

$$\cot\theta=\frac{ON}{PN}=\frac{ON/OP}{PN/OP}=\frac{\cos\theta}{\sin\theta} \quad \cdots \quad (5)$$

পুনরায়, $\triangle OPN$ সমকোণী ত্রিভুজ হইতে আমরা জানি

$$OP^2=PN^2+ON^2$$

যথাক্রমে OP^2, ON^2 এবং PN^2 দ্বারা ভাগ করিলে,

$$\left(\frac{PN}{OP}\right)^2+\left(\frac{ON}{OP}\right)^2=1 \quad \cdots \quad (i)$$

$$\left(\frac{OP}{ON}\right)^2=\left(\frac{PN}{ON}\right)^2+1 \quad \cdots \quad (ii)$$

$$\left(\frac{OP}{PN}\right)^2=1+\left(\frac{ON}{PN}\right)^2 \quad \cdots \quad (iii)$$

এক্ষণে, $(\sin\theta)^2$-এর স্থানে সাধারণতঃ $\sin^2\theta$ লেখা হয় এবং অন্যান্য অনুপাতগুলির ঘাত অনুরূপভাবে লিখিত হয়।

অতএব, ত্রিকোণমিতিক কোণানুপাতের সংজ্ঞানুযায়ী (i), (ii), (iii) হইতে আমরা নিম্নলিখিত অভেদাবলী পাই—

$$\sin^2\theta+\cos^2\theta=1 \quad \cdots \quad (6)$$
$$1+\tan^2\theta=\sec^2\theta \quad \cdots \quad (7)$$
$$1+\cot^2\theta=\operatorname{cosec}^2\theta \quad \cdots \quad (8)$$

(6), (7) এবং (8) হইতে নিম্নলিখিত অভেদাবলী পাওয়া যায়; যে-কোন ত্রিকোণমিতিক অভেদাবলী প্রমাণ করিতে ইহারা খুব কার্য্যকরী :

$$\sin^2\theta=1-\cos^2\theta\;; \qquad \cos^2\theta=1-\sin^2\theta.$$
$$\sec^2\theta-\tan^2\theta=1\;; \qquad \tan^2\theta=\sec^2\theta-1.$$
$$\operatorname{cosec}^2\theta-\cot^2\theta=1\;; \qquad \cot^2\theta=\operatorname{cosec}^2\theta-1.$$

2·4. ত্রিকোণমিতিক কোণানুপাতের মানের বিধি-নিষেধ।

ইহা পরে প্রমাণ করা হইবে যে, ত্রিকোণমিতিক কোণানুপাত ধনাত্মক বা

ঋণাত্মক হইতে পারে, কিন্তু **একটি ধনাত্মক সূক্ষ্মকোণের ত্রিকোণমিতিক কোণানুপাত সর্বদা ধনাত্মক হইবে।**

এক্ষণে, $\sin\theta = \frac{PN}{OP}$, $\cos\theta = \frac{ON}{OP}$.

কিন্তু, OP যেহেতু সমকোণী ত্রিভুজ OPN-এর অতিভুজ, OP বাহু PN এবং ON বাহু অপেক্ষা বৃহত্তর।

অতএব, **কোন সূক্ষ্মকোণের সাইন এবং কোসাইন কখনও এক অপেক্ষা বৃহত্তর হইতে পারে না।**

অনুরূপভাবে, **কোন সূক্ষ্মকোণের কোসেকাণ্ট এবং সেকাণ্ট কখনও এক অপেক্ষা ক্ষুদ্রতর হইতে পারে না।**

$$\tan\theta = \frac{PN}{ON}, \qquad \cot\theta = \frac{ON}{PN}$$

যেহেতু PN $>$ বা $<$ বা $=$ ON, কোন সূক্ষ্মকোণের ট্যানজেণ্ট এবং কোট্যানজেণ্টের যে-কোন ধনাত্মক মান হইতে পারে।

2·5. পূরক কোণের কোণানুপাত।

§ 2·1-এর চিত্র হইতে জানা যায় যে, $\angle$OPN কোণটি θ কোণ অর্থাৎ PON কোণের পূরক। $\angle$OPN কোণের মান ϕ (ফাই বলিয়া উচ্চারিত) দ্বারা সূচিত করা হইল। তাহা হইলে $\theta+\phi=90°$. $\angle$OPN কোণানুসারে, ON ইহার বিপরীত বাহু এবং PN ইহার সংলগ্ন বাহু।

$$\therefore \quad \sin\phi = \frac{ON}{OP} = \cos\theta; \qquad \cos\phi = \frac{PN}{OP} = \sin\theta$$

$$\tan\phi = \frac{ON}{PN} = \cot\theta; \qquad \cot\phi = \frac{PN}{ON} = \tan\theta$$

ইত্যাদি।

যেহেতু $\phi = 90° - \theta$, অতএব, উপরোক্ত রাশিগুলির সমতা হইতে আমরা নিম্নোক্ত অভেদাবলী পাই—

$$\mathbf{\sin(90° - \theta) = \cos\theta; \qquad \cos(90° - \theta) = \sin\theta}$$

$$\mathbf{\tan(90° - \theta) = \cot\theta; \qquad \cot(90° - \theta) = \tan\theta}$$

এইরূপে, $\mathbf{\sec(90° - \theta) = \text{cosec}\,\theta; \qquad \text{cosec}(90° - \theta) = \sec\theta.}$

2·6. প্রদত্ত কোণানুপাত হইতে অন্য কোণানুপাত নির্ণয়-পদ্ধতি।

§ 2·3 হইতে আমরা দেখিতে পাই যে, যে-কোন ত্রিকোণমিতিক কোণানুপাত অন্যগুলির মাধ্যমে প্রকাশ করা যাইতে পারে। উদাহরণস্বরূপ, যে-কোন ত্রিকোণমিতিক অনুপাত tan θ-এর মাধ্যমে প্রকাশ করা যাইতে পারে।

$$\cot\theta = \frac{1}{\tan\theta};\quad \sec^2\theta = 1+\tan^2\theta.$$

$$\therefore\quad \sec\theta = \sqrt{1+\tan^2\theta};$$

এখানে যদিও বর্গমূল লওয়াতে রাশিটি ধনাত্মক বা ঋণাত্মক হইতে পারে, কিন্তু আমরা ইহাকে ধনাত্মক বলিয়াই গণ্য করিব, কারণ θ সূক্ষ্মকোণ বলিয়া ইহার যে-কোন কোণানুপাত ধনাত্মক হইবে [§ 2·4 দেখ]।

সুতরাং, $$\cos\theta = \frac{1}{\sec\theta} = \frac{1}{\sqrt{1+\tan^2\theta}};$$

$$\operatorname{cosec}^2\theta = 1+\cot^2\theta = \frac{1+\tan^2\theta}{\tan^2\theta};$$

$$\therefore\quad \operatorname{cosec}\theta = \frac{\sqrt{1+\tan^2\theta}}{\tan\theta}$$

$$\sin\theta = \frac{\tan\theta}{\sqrt{1+\tan^2\theta}}.$$

2·7. উদাহরণমালা।

Ex. 1. *Prove that* $\sqrt{\dfrac{1+\cos\theta}{1-\cos\theta}} = \operatorname{cosec}\theta + \cot\theta.$ [C. U. 1937]

$$\sqrt{\frac{1+\cos\theta}{1-\cos\theta}} = \sqrt{\frac{(1+\cos\theta)^2}{1-\cos^2\theta}} = \sqrt{\frac{(1+\cos\theta)^2}{\sin^2\theta}}$$

$$= \frac{1+\cos\theta}{\sin\theta} = \frac{1}{\sin\theta} + \frac{\cos\theta}{\sin\theta}$$

$$= \operatorname{cosec}\theta + \cot\theta.$$

Ex. 2. *Prove that* $\dfrac{1}{\sec A+\tan A} - \dfrac{1}{\cos A} = \dfrac{1}{\cos A} - \dfrac{1}{\sec A-\tan A}.$

$$\frac{1}{\sec A+\tan A} + \frac{1}{\sec A-\tan A}$$

$$= \frac{\sec A - \tan A + \sec A + \tan A}{(\sec A - \tan A)(\sec A + \tan A)}$$

$$= \frac{2 \sec A}{\sec^2 A - \tan^2 A} = 2 \sec A$$

$$= \frac{2}{\cos A} = \frac{1}{\cos A} + \frac{1}{\cos A}.$$

অতএব, পক্ষান্তর করিয়া

$$\frac{1}{\sec A + \tan A} - \frac{1}{\cos A} = \frac{1}{\cos A} - \frac{1}{\sec A - \tan A}.$$

Ex. 3. *Prove that*

$$\frac{1 + 2 \sin \theta \cos \theta}{(\sin \theta + \cos \theta)(\cot \theta + \tan \theta)} = \sin \theta \cos \theta (\sin \theta + \cos \theta).$$

$$\frac{1 + 2 \sin \theta \cos \theta}{(\sin \theta + \cos \theta)(\cot \theta + \tan \theta)} = \frac{(\sin^2 \theta + \cos^2 \theta) + 2 \sin \theta \cos \theta}{(\sin \theta + \cos \theta)\left(\frac{\cos \theta}{\sin \theta} + \frac{\sin \theta}{\cos \theta}\right)}$$

$$= \frac{(\sin \theta + \cos \theta)^2}{(\sin \theta + \cos \theta)\left(\frac{\cos^2 \theta + \sin^2 \theta}{\sin \theta \cos \theta}\right)}$$

$$= \frac{(\sin \theta + \cos \theta) \sin \theta \cos \theta}{1}$$

$$= (\sin \theta + \cos \theta) \sin \theta \cos \theta.$$

Ex. 4. *If* $15 \sin^2 \theta + 2 \cos \theta = 7$, *find* $\tan \theta$, θ *being an acute angle.*

এখানে, $15(1 - \cos^2 \theta) + 2 \cos \theta = 7$

বা, $15 \cos^2 \theta - 2 \cos \theta - 8 = 0$

বা, $(5 \cos \theta - 4)(3 \cos \theta + 2) = 0$

সুতরাং, $\cos \theta = \frac{4}{5}$ বা $-\frac{2}{3}$.

কিন্তু, θ সূক্ষ্মকোণ হইলে $\cos \theta$ ঋণাত্মক হইতে পারে না।

$\therefore \cos \theta = \frac{4}{5}, \quad \sin^2 \theta = 1 - \cos^2 \theta = 1 - \frac{16}{25} = \frac{9}{25}$;

$\therefore \sin \theta = \pm \frac{3}{5}$. পুনরায় θ সূক্ষ্মকোণ বলিয়া ঋণাত্মক মান গণ্য করা হইবে না। অতএব, $\sin \theta = \frac{3}{5}$.

সুতরাং, $\tan \theta = \frac{\sin \theta}{\cos \theta} = \frac{3}{4}$.

দ্রষ্টব্য। কিন্তু θ সূক্ষ্মকোণ না হইলে $\sin\theta$ এবং $\cos\theta$ উভয়েই ধনাত্মক বা ঋণাত্মক হইতে পারে (চতুর্থ অধ্যায়, 4·1 অনুচ্ছেদ দ্রষ্টব্য)। তখন আমরা $\tan\theta$-র আরও মান পাইব, তাহা নিম্নে দেওয়া হইল :—

এক্ষণে, $\sin\theta = \pm\frac{3}{5}$; অতএব, $\tan\theta = \frac{\sin\theta}{\cos\theta} = \pm\frac{3}{4}$

আবার, $\cos\theta = -\frac{2}{3}$ হইলে, $\sin^2\theta = 1 - \frac{4}{9} = \frac{5}{9}$;

$\therefore \quad \sin\theta = \pm\frac{\sqrt{5}}{3}$;

সুতরাং, $\tan\theta = \frac{\sin\theta}{\cos\theta} = \pm\frac{\sqrt{5}}{2}$

অতএব, $\tan\theta$-এর চারিটি মান পাওয়া গেল : $\pm\frac{3}{4}, \pm\frac{\sqrt{5}}{2}$.

Ex. 5. *Is it possible to find a value of θ if $\sec\theta = \frac{x^2 - y^2}{x^2 + y^2}$, x and y being two real and unequal numbers ? Justify your answer.*

এখানে দেওয়া আছে $\sec\theta = \frac{x^2 - y^2}{x^2 + y^2}$

আমরা জানি, θ-র যে-কোন মানের জন্য $\sec\theta$ কখনও '1' অপেক্ষা ক্ষুদ্রতর হইতে পারে না। [§ 2·4 দ্রষ্টব্য]

কিন্তু যেহেতু x এবং y দুইটি অসম বাস্তব রাশি, স্বভাবতঃই

$$x^2 - y^2 < x^2 + y^2$$

$$\therefore \quad \frac{x^2 - y^2}{x^2 + y^2} < 1$$

অর্থাৎ, $\sec\theta < 1$, কিন্তু ইহা অসম্ভব।

অতএব, θ-র এমন কোন মান নাই যাহার জন্য $\sec\theta = \frac{x^2 - y^2}{x^2 + y^2}$ হইবে।

Ex. 6. *Eliminate θ between $x = a\sec\theta$, $y = b\tan\theta$.*

এখানে, $\left.\begin{aligned} \frac{x}{a} &= \sec\theta. \\ \frac{y}{b} &= \tan\theta. \end{aligned}\right\}$ কিন্তু, $\sec^2\theta - \tan^2\theta = 1.$

অতএব, $\left(\frac{x}{a}\right)^2 - \left(\frac{y}{b}\right)^2 = 1.$

ইহাই নির্ণেয় সমাধান।

Ex. 7. *If $a^2 sec^2 x - b^2 tan^2 x = c^2$, find cosec x.*

$$a^2 \sec^2 x - b^2 \tan^2 x = c^2 = c^2(\sec^2 x - \tan^2 x).$$

বা, $(a^2 - c^2) \sec^2 x = (b^2 - c^2) \tan^2 x.$

বা, $\dfrac{\sec^2 x}{\tan^2 x} = \dfrac{b^2 - c^2}{a^2 - c^2}.$

বা, $\operatorname{cosec}^2 x = \dfrac{b^2 - c^2}{a^2 - c^2}$

$\therefore \quad \operatorname{cosec} x = \pm\sqrt{\dfrac{b^2 - c^2}{a^2 - c^2}}.$

Ex. 8. *If $x = r \cos\theta \cos\phi$, $y = r \cos\theta \sin\phi$, $z = r \sin\theta$, show that $x^2 + y^2 + z^2 = r^2$.*

$$x^2 + y^2 = r^2 \cos^2\theta \cos^2\phi + r^2 \cos^2\theta \sin^2\phi$$
$$= r^2 \cos^2\theta (\cos^2\phi + \sin^2\phi) = r^2 \cos^2\theta.$$

$\therefore \quad x^2 + y^2 + z^2 = r^2 \cos^2\theta + r^2 \sin^2\theta = r^2.$

Ex. 9. *Show that* $(\tan\theta + \sec\theta)^2 = \dfrac{1 + \sin\theta}{1 - \sin\theta}.$

বাম পক্ষ $= \left(\dfrac{\sin\theta}{\cos\theta} + \dfrac{1}{\cos\theta}\right)^2 = \dfrac{(1 + \sin\theta)^2}{\cos^2\theta} = \dfrac{(1 + \sin\theta)^2}{1 - \sin^2\theta}$

$= \dfrac{(1 + \sin\theta)^2}{(1 - \sin\theta)(1 + \sin\theta)} = \dfrac{1 + \sin\theta}{1 - \sin\theta} =$ ডান পক্ষ।

Ex. 10. *If $k \tan\theta = \tan k\theta$, prove that*

$$\frac{\sin^2 k\theta}{\sin^2\theta} = \frac{k^2}{1 + (k^2 - 1)\sin^2\theta}.$$

$$\frac{\sin^2 k\theta}{\sin^2\theta} = \frac{\sin^2 k\theta}{\cos^2 k\theta} \cdot \frac{\cos^2 k\theta}{\sin^2\theta} = \frac{\tan^2 k\theta}{\sec^2 k\theta} \cdot \frac{1}{\sin^2\theta} = \frac{1}{\sin^2\theta} \cdot \frac{\tan^2 k\theta}{1 + \tan^2 k\theta}$$

$$= \frac{1}{\sin^2\theta} \cdot \frac{k^2 \tan^2\theta}{1 + k^2 \tan^2\theta} = \frac{1}{\sin^2\theta} \cdot \frac{k^2 \sin^2\theta}{\cos^2\theta + k^2 \sin^2\theta}$$

$\left[\because \tan\theta = \dfrac{\sin\theta}{\cos\theta}\right]$

$$= \frac{k^2}{1 - \sin^2\theta + k^2 \sin^2\theta} = \frac{k^2}{1 + (k^2 - 1)\sin^2\theta}.$$

Examples II

Prove the following indentities (*Ex. 1 to 24*) :—

1. $\dfrac{\sin A+\cos A}{\sec A+\operatorname{cosec} A}=\sin A\cos A.$

2. $\cot\theta+\tan\theta=\sec\theta\operatorname{cosec}\theta.$

3. $\dfrac{1}{1+\tan A}=\dfrac{\cot A}{1+\cot A}.$

4. $\operatorname{cosec}^6 A-\cot^6 A=1+3\operatorname{cosec}^2 A\cot^2 A.$

5. $\cos^6 A+\sin^6 A=1-3\sin^2 A\cos^2 A.$

6. $\dfrac{1}{\cos^2 A}-\dfrac{1}{\operatorname{cosec}^2 A-1}=1.$

7. $\cos A+\tan A\sin A=\sec A.$

8. $\sec^4 A+\tan^4 A=1+2\sec^2 A\tan^2 A.$

9. $\dfrac{1+3\cos\theta-4\cos^3\theta}{1-\cos\theta}=(1+2\cos\theta)^2.$

10. $(\cot\theta+\operatorname{cosec}\theta)^2=\dfrac{1+\cos\theta}{1-\cos\theta}.$

11. $\dfrac{1+\tan^2\theta}{1+\cot^2\theta}=\left(\dfrac{1-\tan\theta}{1-\cot\theta}\right)^2.$

12. $\dfrac{\tan^2\alpha-\cot^2\alpha}{1+\cot^2\alpha}=\dfrac{\sin^2\alpha-\cos^2\alpha}{\cos^2\alpha}.$

13. $1+\tan\theta+\sec\theta=\dfrac{2}{1+\cot\theta-\operatorname{cosec}\theta}.$

14. $\dfrac{\tan\theta+\sec\theta-1}{\tan\theta-\sec\theta+1}=\dfrac{1+\sin\theta}{\cos\theta}.$

15. $\dfrac{\sin A-2\sin^3 A}{2\cos^3 A-\cos A}=\tan A.$

16. $\sqrt{\dfrac{1+\sin\theta}{1-\sin\theta}}-\sec\theta=\sec\theta-\sqrt{\dfrac{1-\sin\theta}{1+\sin\theta}}.$

17. $\dfrac{\operatorname{cosec} A+\cot A}{\operatorname{cosec} A-\cot A}=\dfrac{\sin^2 A}{(1-\cos A)^2}.$

18. $(1+\sin A+\cos A)^2=2(1+\sin A)(1+\cos A)$.

19. $\dfrac{\sec\theta+\tan\theta}{\operatorname{cosec}\theta+\cot\theta}-\dfrac{\sec\theta-\tan\theta}{\operatorname{cosec}\theta-\cot\theta}=2(\sec\theta-\operatorname{cosec}\theta)$.

20. $\dfrac{1}{1+\sin^2\theta}+\dfrac{1}{1+\operatorname{cosec}^2\theta}=1$.

21. $\dfrac{\sin^3\alpha+\cos^3\alpha}{\sin\alpha+\cos\alpha}+\dfrac{\sin^3\alpha-\cos^3\alpha}{\sin\alpha-\cos\alpha}=2$.

22. $\dfrac{\tan\theta}{\sec\theta-1}-\dfrac{\sin\theta}{1+\cos\theta}=2\cot\theta$.

23. $\dfrac{\cos\theta+\cos\phi}{\sin\theta-\sin\phi}=\dfrac{\sin\theta+\sin\phi}{\cos\phi-\cos\theta}$.

24. $1+4\operatorname{cosec}^2\theta\cot^2\theta=(\operatorname{cosec}^2\theta+\cot^2\theta)^2$.

25. Express $1-2\sin\theta\cos\theta$ as a perfect square.

26. Express $2\sec^2\theta-\sec^4\theta-2\operatorname{cosec}^2\theta+\operatorname{cosec}^4\theta$ in terms of $\tan\theta$.

27. Prove that

$$(\sin\alpha\cos\beta+\cos\alpha\sin\beta)(\sin\alpha\cos\beta-\cos\alpha\sin\beta)=\sin^2\alpha-\sin^2\beta.$$

28. If $\sin A+\sin^2 A=1$, then $\cos^2 A+\cos^4 A=1$.

29. (i) If $\sin\theta-\cos\theta=0$, prove that $\sec\theta=\sqrt{2}$.

(ii) If $7\sin^2\theta+3\cos^2\theta=4$, show that $\tan\theta=\dfrac{1}{\sqrt{3}}$.

(iii) If $3\sin\theta+4\cos\theta=5$, show that $\sin\theta=\frac{3}{5}$.

30. If $\tan\theta+\sec\theta=x$, show that $\sin\theta=\dfrac{x^2-1}{x^2+1}$.

31. If $\tan\theta=\dfrac{a}{b}$, find the value of $\dfrac{a\sin\theta-b\cos\theta}{a\sin\theta+b\cos\theta}$.

32. If $1+4x^2=4x\sec A$, prove that

$$\sec A+\tan A=2x \text{ or } 1/2x.$$

33. Express $\sin\alpha$ in terms of $\sec\alpha$, and $\sec\theta$ in terms of $\cot\theta$.

34. Given $\sin\theta=\frac{3}{5}$, $\cos\phi=\frac{12}{13}$, where θ and ϕ are acute angles, find the value of $\dfrac{\tan\theta-\tan\phi}{1+\tan\theta\tan\phi}$.

35. If $\cos \alpha + \sin \alpha = \sqrt{2} \cos \alpha$, prove that

$$\cos \alpha - \sin \alpha = \sqrt{2} \sin \alpha.$$

36. If $\tan A = \frac{1}{\sqrt{3}}$, find $\frac{\operatorname{cosec}^2 A - \sec^2 A}{\operatorname{cosec}^2 A + \sec^2 A}$.

37. If $1 + \sin^2 A = 3 \sin A \cos A$, find $\tan A$.

38. If $\tan \theta + \sin \theta = m$, $\tan \theta - \sin \theta = n$, prove that

$$m^2 - n^2 = 4\sqrt{mn}.$$

39. If $(a^2 - b^2) \sin \theta + 2ab \cos \theta = a^2 + b^2$, find $\tan \theta$ and $\operatorname{cosec} \theta$.

40. If $\tan \theta = \frac{\sin \alpha - \cos \alpha}{\sin \alpha + \cos \alpha}$, prove that

$$\sqrt{2} \cos \theta = \sin \alpha + \cos \alpha.$$

41. Given $\tan^2\theta = 1 - e^2$, show that

$$\sec \theta + \tan^3\theta \operatorname{cosec} \theta = (2 - e^2)^{\frac{3}{2}}.$$

42. If x and y are two unequal real quantities, show that the equations (i) $\sin^2\theta = \frac{(x+y)^2}{4xy}$ and (ii) $\cos \theta = x + \frac{1}{x}$ are both impossible.

43. Eliminate θ between

(i) $x = a \cos \theta$, $y = b \sin \theta$.

(ii) $x = c(\sec \theta + \tan \theta)$, $y = c(\sec \theta - \tan \theta)$.

(iii) $a \cos \theta + b \sin \theta + c = 0$, $a' \cos \theta + b' \sin \theta + c' = 0$.

(iv) $a \tan^2\theta + b \tan \theta + c = a' \cot^2\theta + b' \cot \theta + c' = 0$.

ANSWERS

25. $(\sin \theta - \cos \theta)^2$. 26. $\frac{1}{\tan^4\theta} - \tan^4\theta$. 31. $\frac{a^2 - b^2}{a^2 + b^2}$.

33. $\frac{\sqrt{\sec^2\alpha - 1}}{\sec \alpha}$; $\frac{\sqrt{1 + \cot^2\theta}}{\cot \theta}$. 34. $\frac{16}{63}$. 36. $\frac{1}{2}$. 37. 1 or $\frac{1}{2}$.

39. $\frac{a^2 - b^2}{2ab}$; $\frac{a^2 + b^2}{a^2 - b^2}$. 43. (i) $\frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1$. (ii) $xy = c^2$.

(iii) $(bc' - b'c)^2 + (ca' - c'a)^2 = (ab' - a'b)^2$.

(iv) $(a'b - b'c)(ab' - bc') = (aa' - cc')^2$.

Examples II(A)

Prove the following identities (*Ex. 1 to 18*) :—

1. $\dfrac{\tan^3\alpha}{1+\tan^2\alpha}+\dfrac{\cot^3\alpha}{1+\cot^2\alpha}=\dfrac{1-2\sin^2\alpha\cos^2\alpha}{\sin\alpha\cos\alpha}$.

2. $(\tan\theta+\cot\theta+\sec\theta)(\tan\theta+\cot\theta-\sec\theta)=\operatorname{cosec}^2\theta$.

3. $\sin\theta\,(1+\tan\theta)+\cos\theta\,(1+\cot\theta)=\sec\theta+\operatorname{cosec}\theta$.
[*C. U. 1935*]

4. $(1+\sin\alpha-\cos\alpha)^2+(1-\sin\alpha+\cos\alpha)^2=4\,(1-\sin\alpha\cos\alpha)$.

5. $\sin^6\alpha+\sin^4\alpha\cos^2\alpha-\sin^2\alpha\cos^4\alpha-\cos^6\alpha=\sin^2\alpha-\cos^2\alpha$.

6. $3\,(\sin\theta+\cos\theta)-2\,(\sin^3\theta+\cos^3\theta)=(\sin\theta+\cos\theta)^3$.

7. $\dfrac{1}{\operatorname{cosec}\theta-\cot\theta}-\dfrac{1}{\sin\theta}=\dfrac{1}{\sin\theta}-\dfrac{1}{\operatorname{cosec}\theta+\cot\theta}$.

8. $\dfrac{\cos x}{\sin x+\cos y}+\dfrac{\cos y}{\sin y-\cos x}=\dfrac{\cos x}{\sin x-\cos y}+\dfrac{\cos y}{\sin y+\cos x}$.

9. $(\sin\theta+\operatorname{cosec}\theta)^2+(\cos\theta+\sec\theta)^2=\tan^2\theta+\cot^2\theta+7$.

10. $(\sec\theta-\cos\theta)(\operatorname{cosec}\theta-\sin\theta)(\tan\theta+\cot\theta)=1$.

11. $\dfrac{1+(\operatorname{cosec}x\tan y)^2}{1+(\operatorname{cosec}z\tan y)^2}=\dfrac{1+(\cot x\sin y)^2}{1+(\cot z\sin y)^2}$.

12. $\sec^3\alpha\operatorname{cosec}^3\alpha-3\sec\alpha\operatorname{cosec}\alpha=\tan^3\alpha+\cot^3\alpha$.

13. $\sin^6A-\cos^6A=(\sin A+\cos A)(\sin A-\cos A)$
$\times(1+\sin A\cos A)(1-\sin A\cos A)$.

14. $\dfrac{\tan\alpha}{(1+\tan^2\alpha)^2}+\dfrac{\cot\alpha}{(1+\cot^2\alpha)^2}=\sin\alpha\cos\alpha$.

15. $\sin^2\theta\tan\theta-\cos^2\theta\cot\theta+\sec\theta\operatorname{cosec}\theta=2\tan\theta$.

16. $\dfrac{\cos^2A-\sin^2A}{\sin A\cos^2A-\cos A\sin^2A}=\operatorname{cosec}A+\sec A$.

17. $\dfrac{\tan^2A+\cot^2A}{\tan^2A-\cot^2A}=\dfrac{\sin^4A+\cos^4A}{\sin^2A-\cos^2A}$.

18. $(\sin\alpha\cos\beta-\cos\alpha\sin\beta)^2+(\cos\alpha\cos\beta+\sin\alpha\sin\beta)^2=1$.

19. If $\cos^2A-\sin^2A=\tan^2B$, then $\cos^2B-\sin^2B=\tan^2A$.

20. If $\sin^4 x + \sin^2 x = 1$, then $\tan^4 x - \tan^2 x = 1$.

21. Show that the difference between $3 \sin^4\theta - 2 \sin^6\theta$ and $2 \cos^6\theta - 3 \cos^4\theta$ is the same for all values of θ.

22. If $x = \dfrac{1+\sin\theta}{\cos\theta}$, show that $\dfrac{1}{x} = \dfrac{1-\sin\theta}{\cos\theta}$.

23. If $\tan^2 A = 1 + 2\tan^2 B$, show that $\cos^2 B = 2\cos^2 A$.

24. If $\sin\alpha + \cos\alpha = 1$, then $\sin\alpha - \cos\alpha = \pm 1$.

25. If $a\cos\theta - b\sin\theta = c$, then show that

$$a\sin\theta + b\cos\theta = \pm\sqrt{a^2+b^2-c^2}.$$

26. If $(1+\sin x)(1+\sin y)(1+\sin z)$

$$= (1-\sin x)(1-\sin y)(1-\sin z),$$

prove that each is equal to $\pm\cos x\cos y\cos z$.

27. If $x\sin^3\alpha + y\cos^3\alpha = \sin\alpha\cos\alpha$, and $x\sin\alpha - y\cos\alpha = 0$, then $x^2+y^2=1$. [*C. U. 1937*]

28. If $\sin A = \dfrac{\sin x + \sin y}{1+\sin x\sin y}$, show that

$$\cos A = \pm\frac{\cos x\cos y}{1+\sin x\sin y}.$$

29. (i) If $\sin\alpha + \operatorname{cosec}\alpha = 2$, then $\sin^n\alpha + \operatorname{cosec}^n\alpha = 2$.

(ii) If $\sec\alpha = \sec\beta\sec\gamma + \tan\beta\tan\gamma$,

then $\sec\beta = \sec\gamma\sec\alpha \pm \tan\gamma\tan\alpha$.


30. If $\dfrac{\cos^4 x}{\cos^2 y} + \dfrac{\sin^4 x}{\sin^2 y} = 1$, then $\dfrac{\cos^4 y}{\cos^2 x} + \dfrac{\sin^4 y}{\sin^2 x} = 1$.

তৃতীয় অধ্যায়

কয়েকটি বিশিষ্ট কোণের কোণানুপাত

3·1. 30°-এর কোণানুপাত।

মনে করি, আবর্তনকারী সরলরেখা OX হইতে আবর্তন আরম্ভ করিয়া 30° ডিগ্রির সমান XOP কোণ উৎপন্ন করে। OP-র উপরিস্থিত P বিন্দু হইতে OX-এর উপর PN লম্ব টানা হইল ; অতএব, $\angle OPN = 60°$.



PN-কে Q পর্যন্ত এমনভাবে বর্ধিত করা হইল যে, NP = NQ ; OQ যুক্ত করা হইল। ইহা সহজেই প্রমাণ করা যায় যে, PON এবং QON ত্রিভুজদ্বয় সর্বসম ; অতএব,

$$\angle OQN = \angle OPN = 60° ;$$

সুতরাং OPQ একটি সমবাহু ত্রিভুজ। অর্থাৎ, OP = PQ = 2PN.

উপরের চিত্র হইতে দেখা যায় যে, $PN = a$ হইলে, $OP = 2a$; এবং $ON = \sqrt{OP^2 - PN^2} = \sqrt{4a^2 - a^2} = \sqrt{3a^2} = a\sqrt{3}$. [যেহেতু, $\angle PON = 30°$, একটি সূক্ষ্মকোণ, অতএব ON, PN এবং OP বাহুগুলি প্রত্যেকেই ধনাত্মক হইবে।]

সুতরাং, $$\sin 30° = \sin PON = \frac{PN}{OP} = \frac{a}{2a} = \frac{1}{2}.$$

$$\cos 30° = \frac{ON}{OP} = \frac{a\sqrt{3}}{2a} = \frac{\sqrt{3}}{2}$$

$$\tan 30° = \frac{PN}{ON} = \frac{1}{\sqrt{3}}$$

$$\cot 30° = \frac{ON}{PN} = \sqrt{3}$$


$$\text{cosec } 30° = \frac{1}{\sin 30°} = 2$$

$$\sec 30° = \frac{1}{\cos 30°} = \frac{2}{\sqrt{3}}$$

3·2. 45°-এর কোণানুপাত।

মনে করি, $\angle XOP = 45°$; P হইতে OX-এর উপর PN লম্ব টানিলাম। অতঃপর, PON সমকোণী ত্রিভুজে $\angle PON = 45°$.


অতএব, $\angle OPN = 45°$ এবং $ON = PN$. মনে করি, $ON = PN = a$; সুতরাং, $OP = \sqrt{ON^2 + PN^2} = \sqrt{a^2 + a^2} = a\sqrt{2}$.



সুতরাং,
$$\sin 45° = \frac{PN}{OP} = \frac{1}{\sqrt{2}}$$
$$\cos 45° = \frac{ON}{OP} = \frac{1}{\sqrt{2}}$$
$$\tan 45° = \frac{PN}{ON} = 1.$$
$$\sec 45° = \operatorname{cosec} 45° = \sqrt{2}\ ;\ \cot 45° = 1.$$

3·3. 60°-এর কোণানুপাত।

মনে করি, $\angle XOP = 60°$, এবং PN সরলরেখা OX-এর উপর লম্ব। OX হইতে ON-এর সমান করিয়া NQ কাটিয়া লওয়া হইল। PQ যোগ করা হইল। অতঃপর, ইহা প্রমাণ করা যায় যে, OPN এবং QPN ত্রিভুজদ্বয় সর্বসম। অতএব, $\angle PON = \angle PQN = 60°$. অর্থাৎ, POQ ত্রিভুজটি একটি সমবাহু ত্রিভুজ; সুতরাং, $OP = OQ = 2ON$.



ON $= a$ লিখিলে, OP $= 2a$. অতএব, PN $= \sqrt{OP^2 - ON^2} = \sqrt{4a^2 - a^2}$ $= a\sqrt{3}$.

সুতরাং, $\mathbf{\sin 60^\circ = \frac{PN}{OP} = \frac{\sqrt{3}}{2}}$

$$\mathbf{\cos 60^\circ = \frac{ON}{OP} = \frac{1}{2}}$$


$$\mathbf{\tan 60^\circ = \frac{PN}{ON} = \sqrt{3}.}$$

$$\cot 60^\circ = \frac{1}{\sqrt{3}}\ ;\ \sec 60^\circ = 2\ ;\ \operatorname{cosec} 60^\circ = \frac{2}{\sqrt{3}}.$$

দ্রষ্টব্য। কোণানুপাতের মান হইতে ইহা সহজেই লক্ষ্য করা যায় যে, $\sin 60^\circ = \cos 30^\circ$, $\cos 60^\circ = \sin 30^\circ$, $\tan 60^\circ = \cot 30^\circ$, $\cot 60^\circ = \tan 30^\circ$; $\sec 60^\circ = \operatorname{cosec} 30^\circ$, $\operatorname{cosec} 60^\circ = \sec 30^\circ$. পরবর্তী অধ্যায়ে ইহা আরও ব্যাপকভাবে প্রমাণ করা হইবে যে, দুইটি কোণ পরস্পর পূরক হইলে, একটির সাইন অপরটির কোসাইনের সমান হইবে এবং ইহার বিপরীত প্রক্রিয়া ; একটির ট্যানজেণ্ট অপরটির কোট্যানজেণ্টের সমান হইবে এবং ইহার বিপরীত প্রক্রিয়া ; একটির সেকাণ্ট অপরটির কোসেকাণ্টের সমান হইবে এবং ইহার বিপরীত প্রক্রিয়া। 45° নিজেই নিজের পূরক কোণ হওয়ায় ইহার সাইন এবং কোসাইন পরস্পর সমান হইবে,—ইহা § 3·2-তে দেখানো হইয়াছে।

3·4. 90°-র কোণানুপাত।

মনে করি, XOP এমন একটি সূক্ষ্মকোণ যাহার মান প্রায় 90° ডিগ্রির সমান। OX-এর উপর PN লম্ব টানিলে, ON অংশ অত্যন্ত ক্ষুদ্র হইবে, এবং XOP কোণ যতই 90° ডিগ্রির নিকটবর্তী হইবে, ON ততই ক্ষুদ্রতর হইতে থাকিবে। কিন্তু OP সরলরেখার দৈর্ঘ্য সর্বদা সমান থাকিবে এবং PN সরলরেখা OP-এর নিকটবর্তী হইতে থাকিবে। পরিশেষে, যখন XOP কোণ 90°-ডিগ্রির সমান হইবে, তখন OP ও PN মিশিয়া যাইবে, এবং ON-এর দৈর্ঘ্য শূন্য হইয়া যাইবে। অতএব, $\frac{PN}{OP}$ এর মান 1 হইবে এবং $\frac{ON}{OP}$ এর মান শূন্য হইবে।



সুতরাং, $\sin 90° = \frac{PN}{OP}$ (সীমাস্থ মান) $= 1$

$\cos 90° = \frac{ON}{OP}$ (সীমাস্থ মান) $= 0$

$$\tan 90° = \frac{\sin 90°}{\cos 90°} = \frac{1}{0} *$$


$$\cot 90° = \frac{\cos 90°}{\sin 90°} = \frac{0}{1} = 0$$

$$\operatorname{cosec} 90° = \frac{1}{\sin 90°} = \frac{1}{1} = 1$$

$$\sec 90° = \frac{1}{\cos 90°} = \frac{1}{0}.*$$

3·5. 0°-এর কোণানুপাত।

মনে করি, $\angle XOP$ একটি অতি ক্ষুদ্র ধনাত্মক কোণ এবং PN সরলরেখা OX-এর উপর লম্ব। অতএব, $\angle XOP$ যতই ক্ষুদ্রতর হইবে, PN-এর দৈর্ঘ্য ততই ক্ষুদ্র হইবে, কিন্তু OP-এর দৈর্ঘ্য সর্বদা সসীম থাকিবে।



এক্ষণে XOP কোণকে ক্ষুদ্র হইতে ক্ষুদ্রতর করিলে, পরিশেষে যখন ইহা যে-কোন ক্ষুদ্র সংখ্যা হইতে ক্ষুদ্রতর হইবে, তখন ইহাকে 0° কোণ বলিয়া সূচিত করা হইবে ; এই ক্ষেত্রে কার্যতঃ, PN বিলুপ্ত হইবে এবং OP ও ON সরলরেখা সর্বদাই সীমাবদ্ধ থাকিবে এবং পরিশেষে তাহারা মিশিয়া যাইবে। অতএব, $\frac{PN}{OP}$ অনুপাত অবশেষে শূন্য হইয়া যাইবে এবং $\frac{ON}{OP}$ অনুপাত 1 হইবে।

সুতরাং, $\sin 0° = \frac{PN}{OP}$ (সীমাস্থ মান) $= 0$

$\cos 0° = \frac{ON}{OP}$ (সীমাস্থ মান) $= 1$

$$\tan 0° = \frac{\sin 0°}{\cos 0°} = \frac{0}{1} = 0$$

$$\cot 0° = \frac{\cos 0°}{\sin 0°} = \frac{1}{0} *$$

$$\operatorname{cosec} 0° = \frac{1}{\sin 0°} = \frac{1}{0} *$$

$$\sec 0° = \frac{1}{\cos 0°} = \frac{1}{1} = 1$$

দ্রষ্টব্য। $0°$ এবং $90°$ পরস্পর পূরক কোণ বলিয়া, $\sin 90° = \cos 0°$, $\cos 90° = \sin 0°$; ইত্যাদি।

বিশেষ দ্রষ্টব্য। $90°$ ও $0°$ ডিগ্রি কোণানুপাতগুলির মান নির্ণয় করিতে গিয়া আমাদিগকে উপরোক্ত তারকাচিহ্নিত স্থানগুলিতে আসিয়া 0-দ্বারা একটি সসীম সংখ্যাকে ভাগ করিতে হইতেছে। ভাগের সংজ্ঞানুসারে, a-সংখ্যাকে b-দ্বারা ভাগ করিয়া আমরা এমন একটি সংখ্যা c পাইব (অবশ্য এইরূপ কোন সংখ্যা c থাকিলে), যাহাতে $a = b \times c$ হয়। এক্ষণে, মনে করি, 1-কে 0-দ্বারা ভাগ করিলে আমরা x-সংখ্যাটি পাই। অতএব, $1 = 0 \times x = 0$, কিন্তু ইহা অসম্ভব। এতদ্বারা প্রমাণ হইতেছে যে, **কোন সসীম সংখ্যাকে 0-দ্বারা ভাগ করা যায় না।** অতএব, **tan 90°, sec 90°, cot 0°** এবং **cosec 0°** —এই চারিটি অনুপাতের মান নির্ণয় করা যায় না ; অর্থাৎ তাহারা অনির্দিষ্ট (undefined).

3·6. $0°$, $30°$, $45°$, $60°$, $90°$ এই কয়েকটি বিশেষ কোণের কোণানুপাতের মান সর্বদাই ব্যবহৃত হয় বলিয়া ইহাদের বিশেষভাবে মনে রাখিতে হইবে। প্রত্যেকটি কোণের প্রথম তিনটি কোণানুপাতের মানের তালিকা, নিম্নে দেওয়া হইল ; অবশিষ্ট তিনটি কোণের কোণানুপাত ইহাদের বিপরীত রাশিগুলি হইবে

angle	sine	cosine	tangent
$0°$ or 0^c	0	1	0
$30°$ or $\frac{\pi}{6}$	$\frac{1}{2}$	$\frac{\sqrt{3}}{2}$	$\frac{1}{\sqrt{3}}$
$45°$ or $\frac{\pi}{4}$	$\frac{1}{\sqrt{2}}$	$\frac{1}{\sqrt{2}}$	1
$60°$ or $\frac{\pi}{3}$	$\frac{\sqrt{3}}{2}$	$\frac{1}{2}$	$\sqrt{3}$
$90°$ or $\frac{\pi}{2}$	1	0	$\pm \infty$

3·7. উদাহরণমালা

Ex. 1. $\theta = 30°$ হইলে, $\cos 2\theta = \dfrac{1-\tan^2\theta}{1+\tan^2\theta}$, ইহার সত্যতা নির্ণয় কর।

এস্থলে, $\cos 2\theta = \cos 60° = \frac{1}{2}$ এবং $\tan\theta = \tan 30° = \dfrac{1}{\sqrt{3}}$

$$\frac{1-\tan^2\theta}{1+\tan^2\theta} = \frac{1-\frac{1}{3}}{1+\frac{1}{3}} = \frac{1}{2};\ \text{অতএব}\ \cos 2\theta = \frac{1-\tan^2\theta}{1+\tan^2\theta}.$$

Ex. 2. $\sin 30° = \sin 60° \cos 30° - \cos 60° \sin 30°$. *Verify this.*

দক্ষিণ পক্ষে মানগুলি যথাক্রমে বসাইলে, দক্ষিণ পক্ষ

$$= \frac{\sqrt{3}}{2}\cdot\frac{\sqrt{3}}{2} - \frac{1}{2}\cdot\frac{1}{2} = \frac{3}{4} - \frac{1}{4} = \frac{1}{2} = \sin 30°.$$

Ex. 3. *Solve for θ, where θ is a positive acute angle, given* $\operatorname{cosec}\theta \cot\theta = 2\sqrt{3}$.

এখানে, $\operatorname{cosec}\theta\cot\theta = 2\sqrt{3}$ বা, $\dfrac{1}{\sin\theta}\cdot\dfrac{\cos\theta}{\sin\theta} = 2\sqrt{3}$

বা, $\cos\theta = 2\sqrt{3}\sin^2\theta = 2\sqrt{3}(1-\cos^2\theta)$.

বা, $2\sqrt{3}\cos^2\theta + \cos\theta - 2\sqrt{3} = 0$.

বা, $2\sqrt{3}\cos^2\theta + 4\cos\theta - 3\cos\theta - 2\sqrt{3} = 0$

বা, $(\sqrt{3}\cos\theta + 2)(2\cos\theta - \sqrt{3}) = 0$

অর্থাৎ, $\cos\theta = -\dfrac{2}{\sqrt{3}}$ বা, $\dfrac{\sqrt{3}}{2}$.

কিন্তু, θ-সূক্ষ্মকোণ হইলে $\cos\theta$ কখনও 1 অপেক্ষা বৃহত্তর এবং ঋণাত্মক হইতে পারে না; অতএব $\cos\theta = \dfrac{\sqrt{3}}{2}$

অর্থাৎ, $\theta = 30°$.

Ex. 4. *Evaluate* $\left(\sin\dfrac{\pi}{6} + \cos\dfrac{\pi}{6}\right)\left(\sin\dfrac{\pi}{3} - \cos\dfrac{\pi}{3}\right)$.

$$\left(\sin\frac{\pi}{6} + \cos\frac{\pi}{6}\right)\left(\sin\frac{\pi}{3} - \cos\frac{\pi}{3}\right)$$

$$= (\sin 30° + \cos 30°)(\sin 60° - \cos 60°)$$

$$=\left(\frac{1}{2}+\frac{\sqrt{3}}{2}\right)\left(\frac{\sqrt{3}}{2}-\frac{1}{2}\right)$$

$$=\frac{(\sqrt{3}+1)(\sqrt{3}-1)}{4}=\frac{3-1}{4}=\frac{1}{2}.$$

Ex. 5. *If $A=30^\circ$, prove that $\sin 3A=3\sin A-4\sin^3 A$.*

$\sin 3A=\sin 90^\circ=1.$

$3\sin A-4\sin^3 A=3\sin 30^\circ-4\sin^3 30^\circ$

$$=3.\tfrac{1}{2}-4.\tfrac{1}{8}=\tfrac{3}{2}-\tfrac{1}{2}=1.$$

$\therefore\quad \sin 3A=3\sin A-4\sin^3 A.$

Ex. 6. *Find x from the equation*

$$x\sin 30^\circ\cos^2 45^\circ=\frac{\cot^2 30^\circ\sec 60^\circ\tan 45^\circ}{\operatorname{cosec}^2 45^\circ\operatorname{cosec} 30^\circ}$$

$$x=\frac{\cot^2 30^\circ\sec 60^\circ\tan 45^\circ}{\sin 30^\circ\cos^2 45^\circ\operatorname{cosec}^2 45^\circ\operatorname{cosec} 30^\circ}$$

$$=\frac{(\sqrt{3})^2.2.1}{\frac{1}{2}\cdot\left(\frac{1}{\sqrt{2}}\right)^2\cdot(\sqrt{2})^2.2}=6.$$

Ex. 7. *If A, B, C be the angles of a triangle having no obtuse angle, such that*

$$\sin(B+C-A)=1 \quad \cdots \quad (1)$$

$$\cos(C+A-B)=1 \quad \cdots \quad (2)$$

find A, B, C.

যেহেতু, ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180°, অতএব

$$A+B+C=180^\circ \quad \cdots \quad (3)$$

এখন, $B+C-A$ এবং $C+A-B$ কোণদ্বয় 180° হইতে ক্ষুদ্রতর ধনাত্মক কোণ হইবে ; কারণ A, B, C কোণত্রয় স্থূলকোণ না হওয়ায়, $B+C-A=A+B+C-2A=180^\circ-2A$, এবং $C+A-B=180^\circ-2B$ ঋণাত্মক হইতে পারে না।

অতএব, (1) ও (2) হইতে আমরা লিখিতে পারি

$$B+C-A=90^\circ \quad \cdots \quad (4)$$

$$C+A-B=0^\circ \quad \cdots \quad (5)$$

এখন, (3) ও (4) হইতে আমরা পাই $2A = 90°$; $\therefore \; A = 45°$

(3) ও (5) " " " $2B = 180°$; $\therefore \; B = 90°$;

সুতরাং $C = 45°$.

Ex. 8. *Show that* $\dfrac{\tan 64° + \cot 26°}{\cot 64° + \tan 26°} = \tan 64° \cot 26°$.

বাম পক্ষ $= \dfrac{\tan 64° + \cot 26°}{\dfrac{1}{\tan 64°} + \dfrac{1}{\cot 26°}} = \dfrac{\tan 64° + \cot 26°}{\dfrac{\cot 26° + \tan 64°}{\tan 64° \cot 26°}} = \tan 64° \cot 26°$.

Examples III

Verify the results (*Ex. 1 to 6*) :—

1. $1 - 2\sin^2 30° = 2\cos^2 30° - 1 = \cos 60°$.

2. $\dfrac{2\tan 30°}{1 - \tan^2 30°} = \sqrt{3}$.

3. $\cos\dfrac{\pi}{3}\cos\dfrac{\pi}{4} + \sin\dfrac{\pi}{3}\sin\dfrac{\pi}{4} = \sin\dfrac{\pi}{4}\cos\dfrac{\pi}{6} + \cos\dfrac{\pi}{4}\sin\dfrac{\pi}{6}$.

4. (i) $\tan(A + B) = \dfrac{\tan A + \tan B}{1 - \tan A \tan B}$,

(ii) $\cos A = \cos^2 B - \sin^2 B$,

where $A = 60°$, $B = 30°$.

5. $\sin 3A = 3\sin A - 4\sin^3 A$, where $A = \frac{1}{6}\pi$.

6. $\operatorname{cosec}^2 45° \sec^2 30° (\sin^3 30° + 4\cot^2 45° - \sec^2 60°) = \frac{1}{3}$

7. If $\tan^2\dfrac{\pi}{4} - \cos^2\dfrac{\pi}{3} = x \sin\dfrac{\pi}{4}\cos\dfrac{\pi}{4}\tan\dfrac{\pi}{3}$, find x.

8. If θ be a positive acute angle, find θ, when

(i) $2\sin^2\theta = 3\cos\theta$.

(ii) $\tan\theta + \cot\theta = 2$.

(iii) $\operatorname{cosec}^2\theta + 5 = 3\sqrt{3}\cot\theta$.

(iv) $\sin\theta + \cos\theta = \sqrt{2}$.

(v) $2(\cos^2\theta - \sin^2\theta) = 1$.

(vi) $6 \sin^2\theta - 11 \sin\theta + 4 = 0.$

(vii) $\dfrac{\sin\theta - \cos\theta}{\sin\theta + \cos\theta} = \dfrac{1 - \sqrt{3}}{1 + \sqrt{3}}.$

9. Given θ and ϕ to be positive acute angles, and $\tan(\theta + \phi) = \sqrt{3}$, $\tan(\theta - \phi) = 1$, determine θ and ϕ.

10. Find α and β (α and β being positive acute angles), if

$$\sin(2\alpha - \beta) = 1,$$

and $$\cos(\alpha + \beta) = \tfrac{1}{2}.$$

11. Find A, B, C (A, B, C being positive acute angles), if

$$\sin(B + C - A) = 1,$$

$$\cos(C + A - B) = 1,$$

and $$\tan(A + B - C) = 1.$$

12. Find the numerical values of :—

(i) $\cot^2 \dfrac{\pi}{6} - 2\cos^2 \dfrac{\pi}{3} - \dfrac{3}{4}\sec^2 \dfrac{\pi}{4} - 4\sec^2 \dfrac{\pi}{6}.$

(ii) $3\tan^2 45^\circ - \sin^2 60^\circ - \frac{1}{2}\cot^2 30^\circ + \frac{1}{8}\sec^2 45^\circ.$

ANSWERS

7. $\dfrac{\sqrt{3}}{2}.$ 8. (i) 60°. (ii) 45°. (iii) 30° (There is another angle which is not one of the standard angles).
(iv) 45°. (v) 30°. (vi) 30°. (vii) 30°.

9. $\theta = 52\frac{1}{2}^\circ$, $\phi = 7\frac{1}{2}^\circ$.
10. $\alpha = 50^\circ$, $\beta = 10^\circ$.

11. $A = 22\frac{1}{2}^\circ$, $B = 67\frac{1}{2}^\circ$, $C = 45^\circ$.
12. (i) $-\frac{13}{3}$. (ii) 1.

চতুর্থ অধ্যায়


উচ্চতা ও দূরত্ব-বিষয়ক সহজ প্রশ্নাবলী

(Easy Problems on Heights and Distances)

4·1. যে সমস্ত ক্ষেত্রে কোন বস্তুর দূরত্ব বা উচ্চতা প্রত্যক্ষভাবে পরিমাপ করা যায় না, সেই সমস্ত ক্ষেত্রে ঐ বস্তুর দ্বারা দর্শকের চক্ষুতে উৎপন্ন কোণের পরিমাপ লইয়া ত্রিকোণমিতিক সূত্রের সাহায্যে ঐ বস্তুর উচ্চতা বা দূরত্ব নির্ণয় করা যায় ;— এই সকল দূরত্ব বা উচ্চতা নির্ণয়কার্যে ত্রিকোণমিতির প্রয়োগ অত্যন্ত ব্যাপক। দর্শকের চক্ষুতে উৎপন্ন কোণ ষষ্ঠক (sextant) বা থিয়োডোলাইট (Theodolite) অথবা অন্য কোন কোণ-পরিমাপক যন্ত্রের সাহায্যে নির্ণয় করা যায়। এই কারণে জরিপের কাজে ত্রিকোণমিতির প্রয়োগ অপরিহার্য। জ্যোতির্বিদেরাও চন্দ্র, সূর্য, নক্ষত্র প্রভৃতি আকাশের বস্তুগুলির দূরত্ব নির্ণয়ে ত্রিকোণমিতি খুব ব্যাপকভাবে প্রয়োগ করিয়া থাকেন।

ব্যবহারিক প্রয়োগের ক্ষেত্রে দুইটি কোণ বিশেষভাবে ব্যবহৃত হয় ; তাহাদের সংজ্ঞা নিম্নে দেওয়া হইল :—

দর্শকের চক্ষুর অবস্থান O হইতে OX একটি অনুভূমিক (horizontal) রেখা টানিলে, অনুভূমিক রেখা OX হইতে উপরে অবস্থিত একটি বিন্দু P-এর সহিত O-বিন্দুর সংযোজক সরলরেখাটি OX-এর সহিত যে কোণ উৎপন্ন করে তাহাকে বলা হয় O-বিন্দু হইতে দৃষ্ট P-বিন্দুর **উন্নতি-কোণ** (angle of elevation or altitude)।




অনুরূপভাবে, OX-এর নিম্নে অবস্থিত Q একটি বিন্দু হইলে XOQ কোণের পরিমাপ ঘড়ির কাঁটার গতির দিকে লওয়া হয় এবং এই কোণকে Q বিন্দুর **অবনতি-কোণ** (angle of depression) বলে।

4·2. উদাহরণমালা

Ex. 1. *From a distance of 40 feet from the foot of a palm tree in a horizontal field, the angle of elevation of the top of the tree is observed to be 60°. Find the height of the tree.*

মনে করি, বৃক্ষ PN-এর উচ্চতা h ফুট ; N বিন্দুর মধ্য দিয়া XN অনুভূমিক রেখার উপর O-বিন্দুটি এমন লওয়া হইল যাহাতে ON = 40 ফুট হয়।



অতঃপর ∠NOP কোণ O-বিন্দু হইতে দৃষ্ট P-বিন্দুর উন্নতি কোণ। অতএব ∠NOP = 60°.

$$\therefore \quad \frac{h}{40} = \tan \text{PON} = \tan 60° = \sqrt{3}$$

$\therefore \quad h = 40\sqrt{3}$ ফুট = 69·28··· ফুট।


Ex. 2. *From one bank of a river, the top of a building just on the opposite bank is observed to have an elevation of 45°. On receding 50 ft. from the bank, perpendicular to its edge, the angle of elevation becomes 30°. Find the breadth of the river and the height of the building.*

AQ নদীর প্রস্থ এবং PQ গৃহের উচ্চতা হইলে, ∠PAQ = 45° ; পুনরায় AB = 50 ফুট ধরিলে, ∠PBQ = 30°.

এক্ষণে, $\frac{\text{BQ}}{\text{PQ}} = \cot 30°$, $\frac{\text{AQ}}{\text{PQ}} = \cot 45°$.

অতএব বিয়োগ করিলে, $\frac{\text{AB}}{\text{PQ}} = \cot 30° - \cot 45°$

অর্থাৎ, $\frac{50}{PQ} = \sqrt{3} - 1$




$\therefore \quad PQ = \frac{50}{\sqrt{3}-1} = \frac{50(\sqrt{3}+1)}{2} = 68{\cdot}3$ ফুট (প্রায়)।

পুনরায়, $\frac{AQ}{PQ} = \cot 45° = 1$; $\therefore \quad AQ = PQ = 68{\cdot}3$ ফুট (প্রায়)।

সুতরাং, নদীর প্রস্থ এবং গৃহের উচ্চতা উভয়েই প্রায় 68·3 ফুট।

Ex. 3. *The angles of depression and elevation of the top of a tower 50 ft. high from the top and bottom of a second tower are 60° and 20° respectively. Find the height of the second tower to the nearest foot.* [*Given cot 20° = 2·747*]

মনে করি, AB, 50 ফুট উচ্চ একটি স্তম্ভ, এবং PQ অপর একটি স্তম্ভ (অর্থাৎ দ্বিতীয় স্তম্ভ)। অতএব, $\angle XPA = 60°$ এবং $\angle AQB = 20°$. AC সরল-রেখা BQ অথবা PX-এর সমান্তরাল হইলে $\angle PAC =$ একান্তর $\angle XPA = 60°$.



এক্ষণে, $\frac{QB}{AB} = \cot 20°$,

অর্থাৎ $QB = AB \cot 20°$,


এবং $\frac{PC}{AC} = \tan PAC = \tan 60°$.

$\therefore \quad PC = AC \tan 60° = QB \tan 60° = AB \cot 20° \tan 60°$

অতএব, PQ-র উচ্চতা $= PC + CQ = AB \cot 20^\circ \tan 60^\circ + AB$

$$= AB(\cot 20^\circ \tan 60^\circ + 1)$$
$$= 50(2{\cdot}747 \times \sqrt{3} + 1)$$
$$= 287{\cdot}8 \cdots \text{ ফুট} = 288 \text{ ফুট (প্রায়)।}$$

Ex. 4. *The elevation of a hill from a place P due East of it is 45°, and at a place Q due south of P, the elevation is 30°. If the distance PQ be 400 yds., find the height of the hill.*



মনে করি, A পর্বতের শীর্ষবিন্দু এবং B উহার ঠিক অধঃস্থিত (vertically below) ভূমিস্থ বিন্দু। BP ইহার পূর্বদিক এবং PQ দক্ষিণ দিক হইলে $\angle BPQ = 90°$. আবার, $\angle ABP$ ও $\angle ABQ$ উভয়েই সমকোণ।

এক্ষণে, $\dfrac{BQ}{AB} = \cot AQB = \cot 30^\circ = \sqrt{3}$.

এবং $\dfrac{BP}{AB} = \cot APB = \cot 45^\circ = 1$.


অতএব, $BQ = AB\sqrt{3}$, $BP = AB$.

এবং $PQ^2 = BQ^2 - BP^2 = 3AB^2 - AB^2 = 2.AB^2$

$$AB = \frac{PQ}{\sqrt{2}} = \frac{400}{\sqrt{2}} = 200\sqrt{2} = 283 \text{ গজ (প্রায়)।}$$

Ex. 5. *Find the angle of elevation of the sun when the shadow of a pole 60 feet high, is 20 $\sqrt{3}$ yards long.*

মনে করি, S সূর্য, BC প্রদত্ত দণ্ড, এবং AB ইহার ছায়া।



$\therefore$ BC = 60 ফুট

AB = 20 $\sqrt{3}$ গজ = 60 $\sqrt{3}$ ফুট।

অতএব, ABC সমকোণী ত্রিভুজ হইতে, আমরা লিখিতে পারি

$$\tan A = \frac{BC}{AB} = \frac{60}{60\sqrt{3}}$$


$$= \frac{1}{\sqrt{3}} = \tan 30°.$$

কিন্তু, ∠A অর্থাৎ ∠TAS সূর্য S এর নির্ণেয় উন্নতি কোণ।

অতএব, নির্ণেয় কোণ = 30°.

Ex. 6. *Find the height of a chimney when it is found that on walking towards it 250 feet, in a horizontal line through its base, the angular elevation changes from 45° to 60°.*

মনে করি, AB চিম্‌নি, B ইহার শীর্ষবিন্দু ; এবং দর্শক C হইতে D বিন্দুতে গমনের ফলে B-বিন্দুর উন্নতি কোণ যথাক্রমে 45° হইতে 60° হয়।



$\therefore$ CD = 250 ফুট।

এখন, $\tan 45° = \frac{AB}{AC}$.

$\therefore$ AB = AC.

$\tan 60° = \frac{AB}{AD}$.

$\therefore$ $AD = \frac{AB}{\tan 60°} = \frac{AB}{\sqrt{3}}$.


$$250 = CD = AC - AD = AB - \frac{AB}{\sqrt{3}} = AB \cdot \frac{\sqrt{3}-1}{\sqrt{3}}$$

$\therefore$ $AB = \frac{250\sqrt{3}}{(\sqrt{3}-1)} = \frac{250\sqrt{3}(\sqrt{3}+1)}{3-1} = 125(3+\sqrt{3})$ ফুট।

Ex. 7. *PQR is a triangle and S is the projection of P on QR produced. If $\angle PQS = 30^\circ$, $\angle PRS = 45^\circ$, and $QR = 2$ ft., find RS.* [*C. U. 1951*]

যেহেতু, S বিন্দু QR-এর বর্ধিতাংশের উপর P-এর লম্ববিন্দু,

$\therefore \quad \angle PSR = 90^\circ$.



এখন, PQS সমকোণী ত্রিভুজ হইতে, $\because \quad \angle PQS = 30^\circ$,

$\therefore \quad \dfrac{1}{\sqrt{3}} = \tan 30^\circ = \dfrac{PS}{QS}$.

$\therefore \quad QS = PS\sqrt{3}$,

বা, $QR + RS = PS\sqrt{3}$

বা, $2 + RS = PS\sqrt{3} \qquad \cdots (1)$

আবার, PRS সমকোণী ত্রিভুজ হইতে, $\because \quad \angle PRS = 45^\circ$,

$\therefore \quad \tan 45^\circ = \dfrac{PS}{RS}. \qquad \therefore \quad PS = RS.$

সুতরাং, (1) হইতে আমরা লিখিতে পারি

$$2 + RS = RS\sqrt{3}$$

$$\therefore \quad RS = \frac{2}{\sqrt{3}-1} = \frac{2(\sqrt{3}+1)}{3-1} = \sqrt{3}+1 \text{ ফুট।}$$


Ex. 8. *From an aeroplane vertically over a straight horizontal road, the angles of depression of two consecutive milestones on opposite sides of the aeroplane are observed to be α and β. Show that the height in miles of the aeroplane above the road is given by*

$$\frac{\tan\alpha \tan\beta}{\tan\alpha + \tan\beta}. \qquad [\textit{ C. U. 1952 }]$$

মনে করি, A এরোপ্লেন, B ও C দুইটি পরপর মাইল নিদর্শন-স্তম্ভ। প্রদত্ত সর্তানুসারে, $\angle ABC = \alpha$ এবং $\angle ACB = \beta$. $\therefore$ BC = 1 মাইল। BC বাহুর উপর AD লম্ব টানিলে, AD = h হইবে এরোপ্লেনের নির্ণেয় উচ্চতা।

এখন, $\tan\alpha = \frac{AD}{BD}$. $\therefore\ BD = \frac{AD}{\tan\alpha}$;

আবার, $\tan\beta = \frac{AD}{CD}$. $\therefore\ CD = \frac{AD}{\tan\beta}$.



কিন্তু, $BD + CD = BC$

$= 1$ মাইল।

$\therefore\ 1$ মা. $= BD + CD$

$= \frac{AD}{\tan\alpha} + \frac{AD}{\tan\beta}$

$= \frac{AD(\tan\alpha + \tan\beta)}{\tan\alpha\tan\beta}$;

$\therefore\quad AD = h = \frac{\tan\alpha\tan\beta}{\tan\alpha + \tan\beta}$ মাইল।

Examples IV

1. From the top of a tower by the seaside, 100 feet high, it was observed that the angle of depression of the bottom of a ship at anchor was 30°. Find the distance of the ship from the bottom of the tower.

2. Two straight roads, which cross one another, meet a river with straight course at angles 60° and 30° respectively. If it be 3 miles by the longer of the two roads, from the crossing to the river, how far is it by the shorter ? If there be a foot-path which goes the shortest way from the crossing to the river, what is the distance by it ?

3. Two poles are of equal height ; a person standing midway between the line joining their bases observes the elevation of the poles to be 30°. After walking 40 feet towards one of them, he observes that the same pole now subtends an angle of 60°. Find their height and the distance between them.

4. A straight palm tree 60 feet high, is broken by the wind but not completely separated, and its upper part meets the ground at an angle of 30°. Find the distance of the point where the top of the tree meets the ground, from the root, and also the height at which the tree is broken.

5. Two posts are 120 ft. apart, and the height of one is double that of the other. From the middle point of the line joining their feet, an observer finds the angular elevations of their tops to be complementary. Find the height of the shorter post.

6. The Bally bridge subtends an angle of 45° at a given point at the edge of the river ; 800 yds. higher up, it subtends an angle of 30°. The course of the river here is straight and perpendicular to the bridge. Find the length of the bridge.

7. The height of a house subtends a right angle at an opposite window, the top being 60° above a horizontal straight line through the window ; find the height of the house, taking the breadth of the street to be 30 feet.

8. From an aeroplane vertically over a straight road, the angles of depression of two consecutive milestones are observed to be 45° and 60° ; find the height of the aeroplane.

9. From a ship sailing due South-East at the rate of 5 miles an hour, a light-house is observed to be 30° North of East, and and after 4 hours, it is seen due North ; find the distance of the light-house from the final position of the ship.

10. The shadow of a tower standing on a level plane is found to be 40 feet longer when the sun's altitude is 45° than when it is 60°. Find the height of the tower.

11. From the lower window of a house the angular elevation of a church-steeple is found to be 45° and from a window 20 feet above, the elevation is 30°. How far is the church from the house ?

12. A light-house facing East sends out a fan-shaped beam of light extending from S. E. to N. E. An observer sailing due North, after meeting the light continues to see it for $10\sqrt{2}$ minutes. When leaving the fan of light, the ship is 10 miles from the light-house. Find the speed of the ship.

13. A pole 100 ft. high stands vertically at the centre of a horizontal equilateral triangle, each side of which subtends an angle of 60° at the top of the pole. Find the side of the triangle.

14. Two chimneys are of equal height. A person standing between them in the line joining their bases observes the elevation of the nearer one to be 60°. After walking 80 feet in a direction at right angles to the line joining their bases, he observes

the elevations of the two to be 45° and 30° respectively. Find the height and the distance between them.

15. At the foot of a mountain the elevation of its summit is 45°; after ascending 1 mile towards the mountain up an incline of 30°, the elevation changes to 60°. Find the height of the mountain.

16. From a station, two light-houses A and B are seen in directions North and 30° East of North respectively; if A were one-third as far off as it really is, it would appear due West of B. If the distance of B from the station be 10 miles, find the distance of B from A.

17. A person walking along a straight road observes a tall tree standing in front of a tower, both being on the road before him. The elevation of the top of the tower is 45°, and of the top of the tree 30°; on advancing 100 feet he finds the tower and the tree to have the same elevation 60°; supposing the height of the eye of the man to be 5 feet, find the height of the tower and of the tree.

18. A man on the top of a rock rising on a seashore, observes a boat coming towards it at an angle of depression 30°; 10 minutes later the angle of depression is 60°. The height of the rock being 4000 feet, find the speed of the boat in miles per hour.

19. A person walking along a straight level road observes the elevation of the top of a hill to be 60° when he is nearest the hill, and after walking 200 yards in a direction perpendicular to the direction of the hill from this point, observes the elevation to be 30°. Find the approximate height of the hill.

20. A square tower stands on a horizontal plane. From a point in this plane, only three of its upper corners are visible, and their angles of elevation are 45°, 60°, 45°. Find the ratio of the height of the tower to its breadth.

21. Two wheels, the sum of whose radii is 10 feet, are placed flatly on a table with their centres at a distance of 20 ft. An endless string, quite stretched, is partly wrapped round the wheels and crosses itself between them. Show that the length of the string is nearly $76{\cdot}5$ feet.

22. On a still day, from a station A an airship is observed due north at an elevation of 60°, while from a station B it is observed due east at an elevation of 45°. At this instant of observation,

a parachute message is dropped from the airship, and the observer at A has to walk a mile to reach the message. Find the distance between the two stations.

23. From the foot of a column the angle of elevation of the top of a tower is 45° and from the top of the column the angle of depression of the bottom of the tower is 30°. A man walks 10 ft. from the bottom of the column towards the tower and notices the angle of the elevation of its top to be 60°. Find the height of the column.

ANSWERS

1. $100\sqrt{3}$ ft. **2.** 2·89... miles; $2\frac{1}{2}$ miles. **3.** $20\sqrt{3}$ ft.; 120 ft.
4. $20\sqrt{3}$ ft.; 20 ft. **5.** $30\sqrt{2}$ ft. **6.** $400(\sqrt{3}+1)$ yds.
7. $40\sqrt{3}$ ft. **8.** $\frac{1}{2}(3\pm\sqrt{3})$ miles. **9.** 22·3 miles nearly.
10. 94·64 ft. nearly. **11.** 47·32 ft. nearly. **12.** 60 miles per hour.
13. $50\sqrt{6}$ ft. **14.** $40\sqrt{6}$ ft.; $40\sqrt{2}(\sqrt{7}+1)$ ft.
15. $\frac{1}{2}(\sqrt{3}+1)$ miles. **16.** $5\sqrt{13}$ miles.
17. 241·6... ft.; 91·6... ft. **18.** 5·25... miles per hour.
19. 367·38 ft. **20.** $\frac{1}{4}\sqrt{6}(\sqrt{5}+1)$.
22. 2 miles. **23.** 13·66 ft.

পঞ্চম অধ্যায়


প্রদত্ত কোণ θ-র সহিত সংশ্লিষ্ট কোণসমূহের কোণানুপাত

(Trigonometrical ratios of angles associated with a given angle θ)

5·1. যে-কোন কোণের কোণানুপাত (Trigonometrical ratios of any angle).

আমরা দ্বিতীয় অধ্যায়ে সূক্ষ্মকোণের ত্রিকোণমিতিক কোণানুপাতের সংজ্ঞা দিয়াছি। এক্ষণে, θ যে-কোন কোণ (ধনাত্মক বা ঋণাত্মক) হইলে ইহার কোণানুপাতের সংজ্ঞা নির্ধারণ করিতে হইবে।

একটি সমতলক্ষেত্রকে XOX′ এবং YOY′ এই দুইটি লম্ব-দ্বারা চারিটি পাদে বিভক্ত করা যায়। মনে করি, OP সরলরেখা OX হইতে আবর্তন আরম্ভ করিয়া ঘড়ির কাঁটার বিপরীত দিকে অথবা ঘড়ির কাঁটার দিকে θ-কোণ উৎপন্ন করিল। এখন θ-র মান যাহাই হউক না কেন, OP সরলরেখা উপরোক্ত চারিটি পাদের যে-কোন একটিতে অবস্থান করিবে। OP সরলরেখার উপর যে-কোন একটি বিন্দু P লইয়া, P হইতে OX-এর উপর কিম্বা ইহার বর্ধিতাংশ OX′-এর উপর PN লম্ব টানা হইল। সুতরাং, OPN একটি সমকোণী ত্রিভুজ; ইহার বাহুগুলির অনুপাতের দ্বারা θ-কোণের কোণানুপাতের সংজ্ঞা নির্দিষ্ট হইবে।



$$\sin\theta = \frac{PN}{OP} = \frac{\text{বিপরীত বাহু}}{\text{অতিভুজ}}$$

$$\cos\theta = \frac{ON}{OP} = \frac{\text{সংলগ্ন বাহু}}{\text{অতিভুজ}}$$

$$\tan\theta = \frac{PN}{ON} = \frac{\text{বিপরীত বাহু}}{\text{সংলগ্ন বাহু}}$$

$$\operatorname{cosec}\theta = \frac{OP}{PN} = \frac{\text{অতিভুজ}}{\text{বিপরীত বাহু}}$$

$$\sec\theta = \frac{OP}{ON} = \frac{\text{অতিভুজ}}{\text{সংলগ্ন বাহু}}$$

$$\cot\theta = \frac{ON}{PN} = \frac{\text{সংলগ্ন বাহু}}{\text{বিপরীত বাহু}}$$

সূক্ষ্মকোণের অনুরূপভাবে এখানেও $\text{vers}\ \theta = 1 - \cos\theta$

$\text{covers}\ \theta = 1 - \sin\theta.$

5·2. লেখ-অঙ্কনের (graphs) রীতি-অনুযায়ী OX এবং OY-এর দিকে দূরত্ব মাপিলে তাহাকে ধনাত্মক এবং OX′ ও OY′-এর দিকে দূরত্ব মাপিলে তাহা ঋণাত্মক বলিয়া গণ্য করা হয়, কিন্তু OP সরলরেখা যে-কোন পাদেই অবস্থান করুক না কেন, এইদিকে যে দূরত্ব মাপা হয়, তাহাকে সর্বদা ধনাত্মক বলিয়া গণ্য করা হয়।

এই নিয়মানুযায়ী, OP সরলরেখা প্রথম পাদে অবস্থান করিলে, PN, ON এবং OP,—সকলেই ধনাত্মক হইবে। সুতরাং XOP কোণের কোণানুপাত-গুলি সকলেই ধনাত্মক হইবে। কিন্তু OP সরলরেখা দ্বিতীয় পাদে অবস্থান করিলে, ON ঋণাত্মক এবং PN, OP ধনাত্মক। সেইজন্য, XOP কোণের কোণানুপাতগুলির মধ্যে কেবলমাত্র সাইন এবং কোসেক ধনাত্মক এবং অন্য সকলেই ঋণাত্মক। অনুরূপভাবে, ইহা প্রমাণ করা যায় যে, OP তৃতীয় পাদে অবস্থান করিলে কেবলমাত্র ট্যান এবং কট—উভয়েই ধনাত্মক এবং বাকী সকলেই ঋণাত্মক। আবার, OP চতুর্থ পাদে অবস্থান করিলে কেবলমাত্র কস ও সেক ধনাত্মক এবং অন্যগুলি ঋণাত্মক হইবে।

উপরোক্ত ত্রিকোণমিতিক কোণানুপাতের চিহ্ন স্মরণ রাখিতে নিম্নলিখিত আলেখ্যটি খুবই কার্যকরী। এই নিয়মটিকে "সমস্ত, সাইন, ট্যান, কস"—সূত্র

বলিয়া আখ্যা দেওয়া হয়। OP-র অবস্থান-অনুযায়ী কোণানুপাতগুলির চিহ্ন এইরূপে দেওয়া যাইতে পারে ঃ—

সাইন (ধনাত্মক)	সমস্ত (ধনাত্মক)
ট্যান (ধনাত্মক)	কস (ধনাত্মক)

দ্রষ্টব্য 1. ইহা লক্ষ্য করা যায় যে, সাইন, কোসাইন এবং ট্যানজেণ্ট ধনাত্মক হইলে কোসেকাণ্ট, সেকাণ্ট এবং কোট্যানজেণ্ট ধনাত্মক হইবে [যেহেতু সংজ্ঞানুসারে $\sin\theta \,.\, \operatorname{cosec}\theta = \cos\theta \,.\, \sec\theta = \tan\theta \,.\, \cot\theta = 1$] ; অতএব, প্রথম তিনটি কোণানুপাতের মান ও চিহ্ন দেওয়া থাকিলে শেষ তিনটি কোণানুপাতের মান ও চিহ্ন অনায়াসেই পাওয়া যায়।

দ্রষ্টব্য 2. ইহা আরও লক্ষ্য করা যায় যে, সূক্ষ্মকোণের অনুরূপ এখানেও ত্রিকোণমিতিক কোণানুপাতগুলি OPN ত্রিভুজের আয়তনের উপর নির্ভরশীল নয়। অর্থাৎ, OP বাহুর উপর P যে-কোন বিন্দু লইয়া θ-কোণের কোণানুপাতের সংজ্ঞা দেওয়া হউক না কেন, অনুরূপ কোণানুপাতের মান ও চিহ্ন সর্বদা সমান থাকিবে। [দ্বিতীয় অধ্যায়ের 2·2 অনুচ্ছেদ দ্রষ্টব্য।]

উপরন্ত, সূক্ষ্মকোণের ন্যায় এখানেও কোণানুপাতগুলির মধ্যে অনুরূপ পারস্পরিক সম্বন্ধ বিদ্যমান। অর্থাৎ, θ-কোণের মান যাহাই হউক না কেন,

$$\operatorname{cosec}\theta = \frac{1}{\sin\theta}$$

$$\sec\theta = \frac{1}{\cos\theta}$$

$$\cot\theta = \frac{1}{\tan\theta}$$

আবার,

$$\sin^2\theta + \cos^2\theta = 1$$

$$1 + \tan^2\theta = \sec^2\theta$$

$$1 + \cot^2\theta = \operatorname{cosec}^2\theta$$

[এই অভেদাবলীর প্রমাণের জন্য দ্বিতীয় অধ্যায়ের 2·3 অনুচ্ছেদ দ্রষ্টব্য।]

5·3. θ-কোণের কোণানুপাতের সাহায্যে $(-\theta)$ কোণের কোণানুপাতগুলির প্রকাশ (Ratios of the angle $(-\theta)$ in terms of those of θ, θ having any magnitude).




Fig. (i)




Fig. (ii)




Fig. (iii)




Fig. (iv)

মনে করি, $\angle XOP = \theta$, এবং আবর্তনকারী রেখার ঘড়ির কাঁটার দিকে আবর্তনের ফলে $\angle XOQ$ উৎপন্ন হইয়াছে এবং $\angle XOQ = -\theta$. OP-এর উপরিস্থিত যে-কোন বিন্দু P হইতে OX-এর উপর PN লম্ব টানিলাম [উপরের চিত্র (ii) এবং (iii) এর ক্ষেত্রে OX'-এর উপর PN লম্ব টানিলাম]। PN-কে বর্ধিত করিলে ইহা OQ-কে Q বিন্দুতে ছেদ করে।

এক্ষণে, $\angle XOP$ (ঘড়ির কাঁটার বিপরীতমুখী পরিমাপের ফলে) এবং $\angle XOQ$ (ঘড়ির কাঁটার গতির দিকে পরিমাপের ফলে) পরস্পর সমান; অতএব, $\angle PON = \angle QON$, [চিহ্নের কথা বাদ দিয়া শুধু মাপের ক্ষেত্রে কোণ দুইটি সমান ; কিন্তু প্রকৃতপক্ষে একটি ধনাত্মক ও অপরটি ঋণাত্মক]। সুতরাং, দুইটি সমকোণী ত্রিভুজ PON এবং QON সর্বসম। অতএব, অনুরূপ বাহুগুলি

পরস্পর সমান। সুতরাং, প্রচলিত প্রথানুযায়ী বাহুগুলির চিহ্ন গণ্য করিয়া সমস্ত চিত্রেই দেখা যায় যে,

$$QN = -PN.$$
$$OQ = OP \quad (\text{উভয়কেই ধনাত্মক গণ্য করা হয়।})$$

অতএব, সংজ্ঞানুসারে,

$$\sin(-\theta) = \frac{QN}{OQ} = \frac{-PN}{OP} = -\sin\theta.$$

$$\cos(-\theta) = \frac{ON}{OQ} = \frac{ON}{OP} = \cos\theta$$

$$\tan(-\theta) = \frac{QN}{ON} = \frac{-PN}{ON} = -\tan\theta$$

এবং বিপরীত অনুপাত-অনুসারে,

$$\operatorname{cosec}(-\theta) = -\operatorname{cosec}\theta$$
$$\sec(-\theta) = \sec\theta$$
$$\cot(-\theta) = -\cot\theta.$$

5·4. $(90° - \theta)$-র কোণানুপাত।

মনে করি, একটি আবর্তনকারী রেখা ইহার আবর্তনের ফলে $\angle XOP = \theta$ কোণ উৎপন্ন করিল। অপর একটি আবর্তনকারী রেখা OX হইতে আবর্তন আরম্ভ করিয়া ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরিবার ফলে $\angle XOY = 90°$ কোণ উৎপন্ন করিবার পর পুনরায় বিপরীত দিকে ঘুরিয়া $\angle YOQ = \theta$ কোণ উৎপন্ন করিল (শেষোক্ত আবর্তন ঘড়ির কাঁটার আবর্তনের দিকে হইবে); অতএব, উৎপন্ন কোণ $XOQ = 90° - \theta$.

OP এবং OQ সরলরেখার উপর যথাক্রমে P ও Q বিন্দু দুইটি লওয়া হইল যাহাতে $OP = OQ$ হয়। P এবং Q হইতে OX-এর উপর PN ও QM লম্ব টানা হইল।

(i) এবং (iii)-নং চিত্রানুযায়ী OP যদি প্রথম বা তৃতীয় পাদে অবস্থিত হয়, তাহা হইলে, OQ-ও সেই পাদে অবস্থিত হইবে। কিন্তু (ii)-নং চিত্রানুযায়ী OP দ্বিতীয় পাদে অবস্থান করিলে OQ চতুর্থ পাদে অবস্থান করিবে এবং (iv)-নং চিত্রানুযায়ী OP চতুর্থ পাদে অবস্থিত হইলে OQ দ্বিতীয় পাদে অবস্থান করিবে। এক্ষণে, $\angle XOP$ এবং $\angle YOQ$ কোণদ্বয়ের পরিমাপ সমান বলিয়া $\angle PON$

$=\angle OQM$ এবং $OP = OQ$. অতএব সমকোণী ত্রিভুজ PON এবং QOM সর্বসম। সুতরাং, অনুরূপ বাহুর পরিমাপ সমান। প্রচলিত প্রথানুযায়ী বাহুগুলির চিহ্নগুলি স্মরণ রাখিলে সমস্ত চিত্র হইতেই পাওয়া যায় যে,

$$QM = ON,\ OM = PN,\ OQ = OP.$$




Fig. (i) Fig. (ii) Fig. (iii) Fig. (iv)

অতএব, সংজ্ঞানুসারে,

$$\sin(90^\circ-\theta)=\sin\angle XOQ=\frac{QM}{OQ}=\frac{ON}{OP}=\cos\theta$$

$$\cos(90^\circ-\theta)=\frac{OM}{OQ}=\frac{PN}{OP}=\sin\theta$$

$$\tan(90^\circ-\theta)=\frac{QM}{OM}=\frac{ON}{PN}=\cot\theta.$$

বিপরীত রাশিগুলি হইতে আমরা পাই,

$$\operatorname{cosec}(90^\circ-\theta)=\sec\theta,\quad \sec(90^\circ-\theta)=\operatorname{cosec}\theta$$

$$\cot(90^\circ-\theta)=\tan\theta.$$

পর্যবেক্ষণ : $(90^\circ-\theta)$ কোণ θ-কোণের পূরক বলিয়া আমরা এই সিদ্ধান্তে উপনীত হই যে, দুইটি পূরক কোণের যে-কোন একটির সাইন অপরটির কোসাইনের সমান, একটির ট্যানজেণ্ট অপরটির কোট্যানজেণ্টের সমান, এবং একটির সেকাণ্ট অপরটির কোসেকাণ্টের সমান। পূর্ববর্তী অধ্যায়ে 60° ও 30°, এবং 0° ও 90° এই পূরক কোণগুলির ক্ষেত্রে উপরোক্ত সিদ্ধান্তের সত্যতা নির্ণয় করা হইয়াছে।

5·5. $(90^\circ+\theta)$-র কোণানুপাত।




Fig. (i)




Fig. (ii)




Fig. (iii)




Fig. (iv)

মনে করি, আবর্তনকারী রেখা OX হইতে আবর্তন আরম্ভ করিয়া

$\angle XOP = \theta$ উৎপন্ন করিয়াছে। অতঃপর, আরও কিছুক্ষণ আবর্তন করিবার পর $\angle POQ = 90^\circ$ উৎপন্ন করিল ; অতএব, $\angle XOQ = 90^\circ + \theta$.

OP এবং OQ হইতে OP = OQ কাটিয়া লওয়া হইল এবং OX-এর উপর (প্রয়োজন হইলে OX-এর বর্ধিতাংশের উপর) P ও Q হইতে যথাক্রমে PN ও QM লম্ব টানা হইল।

OP-র উপর OQ লম্ব বলিয়া $\angle PON = \angle QOM$ কোণের পূরক $= \angle OQM$. (চিহ্ন গণ্য না করিয়া কেবল মানের দিক হইতে সমান।) পুনরায় OP = OQ. অতএব, OPN এবং OQM সমকোণী ত্রিভুজদ্বয় সর্বসম। সুতরাং বাহুসমূহের চিহ্নগুলি গণ্য করিলে সমস্ত চিত্রেই দেখা যায় যে,

$$QM = ON,\ OM = -PN,\ OQ = OP.$$

অতএব, সংজ্ঞানুসারে,

$$\mathbf{\sin (90^\circ + \theta)} = \sin \angle XOQ = \frac{QM}{OQ} = \frac{ON}{OP} = \mathbf{\cos \theta}.$$

$$\mathbf{\cos (90^\circ + \theta)} = \frac{OM}{OQ} = \frac{-PN}{OP} = \mathbf{-\sin \theta}.$$

$$\mathbf{\tan (90^\circ + \theta)} = \frac{QM}{OM} = \frac{ON}{-PN} = \mathbf{-\cot \theta}.$$

এবং বিপরীত রাশিগুলি হইতে,

$$\operatorname{cosec} (90^\circ + \theta) = \sec \theta$$
$$\sec (90^\circ + \theta) = -\operatorname{cosec} \theta$$
$$\cot (90^\circ + \theta) = -\tan \theta.$$

5·6. $(180^\circ - \theta)$-র কোণানুপাত।

মনে করি, আবর্তনকারী রেখা $\angle XOP = \theta$ কোণটি উৎপন্ন করিয়াছে ; এবং অপর একটি রেখা OX হইতে আবর্তন আরম্ভ করিয়া OX′ পর্যন্ত আসিয়া 180° কোণ উৎপন্ন করিল এবং পুনরায় বিপরীত দিকে আবর্তনের ফলে $\angle X'OQ = \theta$ উৎপন্ন করিল। সুতরাং, $\angle XOQ = 180^\circ - \theta$.

এখানে OP প্রথম পাদে ও তৃতীয় পাদে অবস্থিত এইরূপ দুইটি চিত্র দেওয়া হইয়াছে। শিক্ষার্থীরা সহজেই অপর দুইটি চিত্র অঙ্কিত করিয়া লইতে সক্ষম হইবে বলিয়া আশা করা যায়।

এখন, OP = OQ কাটিয়া লইয়া P এবং Q হইতে OX বা OX-এর বর্ধিতাংশের উপর যথাক্রমে PN এবং QM লম্ব টানা হইল ; সুতরাং, ∠PON = ∠QOM. (কেবল পরিমাপের দিক্ হইতে সমান।) এবং OP = OQ ;




Fig. (i) Fig. (ii)

অতএব, △PON এবং △QOM এই সমকোণী ত্রিভুজদ্বয় সর্বসম। সুতরাং, উহাদের অনুরূপ বাহুর দৈর্ঘ্য সমান। বাহুগুলির যথোপযুক্ত চিহ্ন গণ্য করিলে সমস্ত চিত্রেই দেখা যায় যে,

$$QM = PN,\ OM = -ON,\ OQ = OP.$$

অতএব, θ-র মান যাহাই হউক না কেন,

$$\sin(180^\circ - \theta) = \sin XOQ = \frac{QM}{OQ} = \frac{PN}{OP} = \sin\theta$$

$$\cos(180^\circ - \theta) = \frac{OM}{OQ} = \frac{-ON}{OP} = -\cos\theta$$

$$\tan(180^\circ - \theta) = \frac{QM}{OM} = \frac{PN}{-ON} = -\tan\theta.$$

সুতরাং, ইহাদের বিপরীত রাশি গণ্য করিলে,

$$\operatorname{cosec}(180^\circ - \theta) = \operatorname{cosec}\theta$$

$$\sec(180^\circ - \theta) = -\sec\theta$$

$$\cot(180^\circ - \theta) = -\cot\theta.$$

দ্রষ্টব্য। উপরোক্ত প্রথম দুইটি সূত্র নিম্নলিখিতভাবে প্রকাশ করা যায় :— সম্পূরক কোণদ্বয়ের সাইন সমান হইবে এবং কোসাইনের পরিমাপ সমান হইবে, কিন্তু চিহ্ন বিপরীত হইবে।

5·7. $(180^\circ+\theta)$-র কোণানুপাত।

আবর্তনকারী রেখা OX হইতে আরম্ভ করিয়া $\angle XOP=\theta$ উৎপন্ন করিবার পর পুনরায় একই দিকে আবর্তনের ফলে $\angle POQ=180^\circ$ উৎপন্ন করিল ; অতএব, $\angle XOQ=180^\circ+\theta$ এবং OP ও OQ একই সরল রেখায় অবস্থিত। OP = OQ কাটিয়া লইয়া, P এবং Q হইতে XOX′ রেখার উপর যথাক্রমে PN ও QM লম্ব টানা হইল।

OP প্রথম ও চতুর্থ পাদে এইরূপ দুইটি চিত্র দেওয়া হইয়াছে ; অনুরূপভাবে অপর দুইটি চিত্র অঙ্কিত করা যাইবে।




Fig. (i) Fig. (ii)

এক্ষণে, POQ একটি সরল রেখা বলিয়া $\angle PON=\angle QOM$ (পরিমাপে) এবং OP = OQ ; অতএব, $\triangle PON$ ও $\triangle QOM$ এই সমকোণী ত্রিভুজদ্বয় সর্বসম। সুতরাং, অনুরূপ বাহুর পরিমাপ সমান। সর্বক্ষেত্রে উপযুক্ত চিহ্ন গণ্য করিলে

$$QM=-PN,\ OM=-ON,\ OQ=OP.$$

অতএব, θ-র সকল পরিমাপের ক্ষেত্রেই

$$\sin(180^\circ+\theta)=\sin XOQ=\frac{QM}{OQ}=\frac{-PN}{OP}=-\sin\theta$$

$$\cos(180^\circ+\theta)=\frac{OM}{OQ}=\frac{-ON}{OP}=-\cos\theta$$

$$\tan(180^\circ+\theta)=\frac{QM}{OM}=\frac{-PN}{-ON}=\frac{PN}{ON}=\tan\theta.$$

অতএব, $\operatorname{cosec}(180^\circ+\theta)=-\operatorname{cosec}\theta$

$\sec(180^\circ+\theta)=-\sec\theta$

$\cot(180^\circ+\theta)=\cot\theta.$

5·8. $(270^\circ-\theta)$-র কোণানুপাত।

মনে করি যে আবর্তনকারী রেখার আবর্তনের ফলে $\angle XOP=\theta$ কোণ উৎপন্ন হইয়াছে। অপর একটি রেখার আবর্তনের ফলে $\angle XOY'=270^\circ$ উৎপন্ন হওয়ার পর রেখাটি ঘড়ির কাঁটার গতির দিকে পুনরায় আবর্তন করিয়া $\angle Y'OQ=\theta$ উৎপন্ন করিল ; অতএব, $\angle XOQ=270^\circ-\theta$.

এখানে, OP প্রথম ও তৃতীয় পাদে অবস্থিত এইরূপ তুইটি চিত্র দেওয়া হইয়াছে ; অপর তুইটি চিত্র অনুরূপভাবে অঙ্কিত করা যায়।




Fig. (i)




Fig. (ii)

$OP=OQ$ কাটিয়া লওয়া হইল এবং P ও Q হইতে XOX' রেখার উপর PN ও QM লম্ব টানা হইল। যেহেতু $\angle XOP=\angle Y'OQ$, ইহা সহজেই প্রমাণ করা যায় যে, $\angle PON=\angle OQM$ (পরিমাপে) ; এবং $OP=OQ$; অতএব, PON ও QOM এই সমকোণী ত্রিভুজদ্বয় সর্বসম। উপযুক্ত চিহ্ন গণ্য করিলে সমস্ত চিত্রেই দেখা যায় যে,

$$QM=-ON,\ OM=-PN,\ OQ=OP.$$

অতএব, θ-র মান যাহাই হউক না কেন,

$$\sin(270^\circ-\theta)=\sin\angle XOQ=\frac{QM}{OQ}=\frac{-ON}{OP}=-\cos\theta.$$

$$\cos(270^\circ-\theta)=\frac{OM}{OQ}=\frac{-PN}{OP}=-\sin\theta.$$

$$\tan(270^\circ-\theta)=\frac{QM}{OM}=\frac{-ON}{-PN}=\frac{ON}{PN}=\cot\theta.$$

অনুরূপভাবে, $\operatorname{cosec}(270^\circ-\theta)=-\sec\theta$, $\sec(270^\circ-\theta)=-\operatorname{cosec}\theta$
$\cot(270^\circ-\theta)=\tan\theta.$

5·9. (270°+θ)-র কোণানুপাত।

(270°+θ)-র কোণানুপাত-নির্ণয়ের সময় আমরা পূর্বোক্ত জ্যামিতিক নিয়মানুসারে অগ্রসর হইতে পারি। নিম্নোক্ত বিকল্প নিয়মেও এই অনুপাতগুলি নির্ণয় করা যায় :—

$$\sin(270^\circ+\theta)=\sin(180^\circ+\overline{90^\circ+\theta})=-\sin(90^\circ+\theta)$$ [5·5 অনু : হইতে]

$$=-\cos\theta$$ [5·3 অনু : হইতে]

$$\cos(270^\circ+\theta)=\cos(180^\circ+90^\circ+\theta)=-\cos(90^\circ+\theta)$$
$$=-(-\sin\theta)=\sin\theta$$

$$\tan(270^\circ+\theta)=\tan(180^\circ+90^\circ+\theta)=\tan(90^\circ+\theta)=-\cot\theta.$$

অতএব, $\operatorname{cosec}(270^\circ+\theta)=-\sec\theta$
$\sec(270^\circ+\theta)=\operatorname{cosec}\theta$
$\cot(270^\circ+\theta)=-\tan\theta.$

দ্রষ্টব্য। $180^\circ-\theta$, $180^\circ+\theta$, $270^\circ-\theta$, এই সকল কোণের কোণানুপাতগুলিও $90^\circ\pm\theta$-র কোণানুপাতের সাহায্যে নির্ণয় করা যায়।

5·10. (360°−θ), (360°+θ) এবং (n.360°±θ)-র কোণানুপাত।

প্রথম অধ্যায়ের দ্বিতীয় অনুচ্ছেদে দেখানো হইয়াছে যে, যে সকল কোণের অন্তর 360°-র গুণিতক, অর্থাৎ আবর্তনকারী রেখার সঠিক-সংখ্যক পূর্ণ আবর্তনের সমান, সেই সমস্ত কোণের ক্ষেত্রে যদি প্রথম অবস্থান এক হয়, তাহা

হইলে শেষ অবস্থানও একই হইবে। অতএব, এই কোণদ্বয়ের কোণানুপাতের পরিমাপ সমান ও চিহ্ন একই হইবে।

অতএব, $(360° - \theta)$-র কোণানুপাত $(-\theta)$-র অনুরূপ কোণানুপাতের সমান হইবে।

সুতরাং, $\sin(360° - \theta) = \sin(-\theta) = -\sin\theta$

$\cos(360° - \theta) = \cos(-\theta) = \cos\theta$

$\tan(360° - \theta) = \tan(-\theta) = -\tan\theta$

$(360° + \theta)$, এবং n একটি অখণ্ড সংখ্যা হইলে $n \times 360° \pm \theta$ র কোণানুপাত যথাক্রমে θ এবং $\pm\theta$-র অনুরূপ কোণানুপাতের সমান হইবে।

অতএব, যে-কোন কোণের কোণানুপাত নির্ণয়কালে 360° (অর্থাৎ 2π)-র যে কোন গুণিতক যোগ অথবা বিয়োগ করা যায়।

5·11. উপরোক্ত নিয়মগুলি সহজে মনে রাখিবার জন্য নিম্নলিখিত কয়েকটি সহজ নিয়ম উল্লেখ করা যায়ঃ—

θ যদি 90° ডিগ্রির যুগ্ম গুণিতকের সহিত '+' অথবা '−' চিহ্নদ্বারা সংযুক্ত থাকে (যেমন, $180° - \theta$, $180° + \theta$, $360° - \theta$, $360° + \theta$ ইত্যাদি) তাহা হইলে কোণানুপাতের রূপ অপরিবর্তিত থাকিবে (অর্থাৎ সাইন সাইনই থাকিবে, কোসাইন কোসাইনই থাকিবে, ইত্যাদি); চিহ্ন কি হইবে তাহা নির্ণয় করিতে হইলে θ-কে সূক্ষ্মকোণরূপে গণ্য করিয়া সংশ্লিষ্ট কোণ কোন্ পাদে থাকিবে তাহা লক্ষ্য করিতে হইবে অতঃপর "সমস্ত, সাইন, ট্যান, কস" এই সূত্রের সাহায্যে কোণানুপাতের চিহ্নগুলি নির্ণীত হইবে।

θ যদি 90° ডিগ্রীর অযুগ্ম গুণিতকের সহিত '+' অথবা '−' চিহ্ন দ্বারা সংযুক্ত থাকে (যেমন, $90° - \theta$, $90° + \theta$, $270° - \theta$, $270° + \theta$, ইত্যাদি) তাহা হইলে কোণানুপাতগুলি পরিবর্তিত হইবে। (অর্থাৎ সাইন পরিবর্তিত হয় কোসাইনে, কোসাইন পরিবর্তিত হয় সাইনে, ইত্যাদি)। অধিকন্তু, θ-কে সূক্ষ্মকোণ ধরিয়া OQ সরল রেখার অবস্থান হইতে "সমস্ত, সাইন, ট্যান, কস্" এই সূত্র-দ্বারা কোণানুপাতগুলির চিহ্ন নির্ণয় করিতে হইবে।

উদাহরণ স্বরূপঃ $\tan(270° - \theta)$ এবং $\sec(180° + \theta)$ সম্পর্কে উপরোক্ত নিয়ম প্রয়োগের ফল লক্ষ্য করা যাক।

$270° - \theta = 3 \times 90° - \theta$ (90°-র গুণিতক অযুগ্ম)

অতএব, অনুপাত পরিবর্তিত হইবে অর্থাৎ tan হইবে cot ; অধিকন্তু θ-কে সূক্ষ্মকোণরূপে কল্পনা করিলে (প্রকৃতপক্ষে θ-সূক্ষ্মকোণ কিনা এই প্রশ্ন অবান্তর), $(270° - \theta)$ তৃতীয় পাদের অন্তর্গত এবং সেক্ষেত্রে ট্যান ধনাত্মক।

সুতরাং, $\tan(270° - \theta) = +\cot\theta.$

$(180° + \theta)$-র ক্ষেত্রে θ $90°$-র যুগ্মগুণিতকের সহিত সংযুক্ত। অতএব, অনুপাতের রূপ পরিবর্তিত হইবে না, অর্থাৎ sec, sec-ই থাকিবে। অধিকন্তু, θ-কে সূক্ষ্মকোণরূপে গণ্য করিলে $180° + \theta$ তৃতীয় পাদে অবস্থিত হইবে ; সুতরাং, (সমস্ত, সাইন, ট্যান, কস) সূত্র অনুসারে, sec ঋণাত্মক হইবে।

অতএব, $\sec(180° + \theta) = -\sec\theta.$

বিঃ দ্রঃ। $(-\theta)$-কে $0 \times 360° - \theta$-রূপে লেখা যায় এবং উপরোক্ত নিয়ম প্রয়োগের সময় 0-কে যুগ্মসংখ্যারূপে গণ্য করা হয়।

যেহেতু, θ-কে সূক্ষ্মকোণ ধরিলে $-\theta$ চতুর্থ পাদের অন্তর্ভুক্ত এবং সেখানে কেবল কস ও সেক ধনাত্মক, এইক্ষেত্রে অনুপাতের রূপ অপরিবর্তিত থাকে বলিয়া, আমরা কোণানুপাতের নিম্নলিখিত রূপ পাই :

$\sin(-\theta) = -\sin\theta$, $\cos(-\theta) = \cos\theta$, $\tan(-\theta) = -\tan\theta$, ইত্যাদি।

5·12. প্রথম পাদ-বহির্ভূত বিশিষ্ট কোণ।

5·4 অনুচ্ছেদে θ-র মান যথাক্রমে $60°$, $45°$, $30°$ ও $0°$ বসাইলে আমরা নিম্নলিখিত কোণানুপাতের মান পাই :

$$\mathbf{\sin 120°} = \sin 60° = \frac{\sqrt{3}}{2}; \quad \mathbf{\cos 120°} = -\cos 60° = -\tfrac{1}{2}.$$

$$\sin 135° = \sin 45° = \frac{1}{\sqrt{2}}; \quad \cos 135° = -\cos 45° = -\frac{1}{\sqrt{2}}$$

$$\sin 150° = \sin 30° = \frac{1}{2}; \quad \cos 150° = -\cos 30° = -\frac{\sqrt{3}}{2}$$

$$\mathbf{\sin 180°} = \sin 0° = 0; \quad \mathbf{\cos 180°} = -\cos 0° = -1.$$

অনুরূপভাবে, 5·7 এবং 5·8 অনুচ্ছেদে $\theta = 0$ বসাইলে,

$$\sin 270° = -\cos 0° = -1, \quad \cos 270° = \sin 0° = 0$$
$$\sin 360° = \sin 0° = 0, \quad \cos 360° = \cos 0° = 1.$$

উপরোক্ত মানগুলি হইতে আরও জানা যায় যে,

$\mathbf{\tan 180° = 0}$, $\tan 360° = 0$; কিন্তু $\tan 270°$-র মান অনির্দিষ্ট।

5·13. উদাহরণমালা।

Ex. 1. *Find the value of cot (– 1575°).*

$$\cot(-1575^\circ) = -\cot(1575^\circ) = -\cot(4\times 360^\circ + 135^\circ)$$
$$= -\cot 135^\circ = -\cot(180^\circ - 45^\circ)$$
$$= \cot 45^\circ = 1.$$

Ex. 2. *If* $\theta = \frac{17\pi}{3}$, *find the value of* $(\cot\theta - \tan\theta)$.

$\frac{17\pi}{3} = 6\pi - \frac{\pi}{3}$ এবং 360° বা 2π-এর গুণিতক অগ্রাহ্য করিলে কোণানুপাত পরিবর্তিত হইবে না।

$$\therefore \quad \cot\frac{17\pi}{3} = \cot\left(-\frac{\pi}{3}\right) = -\cot\frac{\pi}{3} = -\cot 60^\circ = -\frac{1}{\sqrt{3}}$$

এবং $\tan\frac{17\pi}{3} = \tan\left(-\frac{\pi}{3}\right) = -\tan\frac{\pi}{3} = -\tan 60^\circ = -\sqrt{3}$

$$\therefore \quad \cot\theta - \tan\theta = -\frac{1}{\sqrt{3}} + \sqrt{3} = \frac{3-1}{\sqrt{3}} = \frac{2}{\sqrt{3}} = \frac{2\sqrt{3}}{3}.$$

Ex. 3. *Prove that*

$$\sin 420^\circ \cos 390^\circ + \cos(-300^\circ)\sin(-330^\circ) = 1.$$

বাম পক্ষ $= \sin(360^\circ + 60^\circ)\cos(360^\circ + 30^\circ)$
$+ \cos(-360^\circ + 60^\circ)\sin(-360^\circ + 30^\circ)$

$$= \sin 60^\circ \cos 30^\circ + \cos 60^\circ \sin 30^\circ$$
$$= \frac{\sqrt{3}}{2}\cdot\frac{\sqrt{3}}{2} + \frac{1}{2}\cdot\frac{1}{2} = \frac{3}{4} + \frac{1}{4} = 1.$$

Ex. 4. *Express* cot (– 1358°) *in terms of the ratio of a positive angle less than* 45°.

$$\cot(-1358^\circ) = \cot(-4\times 360^\circ + 82^\circ)$$
$$= \cot 82^\circ = \cot(90^\circ - 8^\circ) = \tan 8^\circ.$$

দ্রঃ। যে-কোন কোণের কোণানুপাতকে 45° অপেক্ষা ক্ষুদ্রতর ধনাত্মক কোণের কোণানুপাত হিসাবে প্রকাশ করা যায়।

Ex. 5. *Simplify* : $\dfrac{\cos(90^\circ+\theta)\sec(-\theta)\tan(180^\circ-\theta)}{\sec(360^\circ+\theta)\sin(180^\circ+\theta)\cot(90^\circ-\theta)}$.

প্রদত্ত রাশিমালা $=\dfrac{-\sin\theta\sec\theta(-\tan\theta)}{\sec\theta(-\sin\theta)\tan\theta}=-1.$

Ex. 6. *Solve* : $\tan\theta=2\sin\theta$, *for* $0^\circ\leqslant\theta<360^\circ$.

$$\tan\theta=2\sin\theta$$

বা, $\dfrac{\sin\theta}{\cos\theta}=2\sin\theta,$

বা, $\sin\theta\left(\dfrac{1}{\cos\theta}-2\right)=0.$

$\therefore\ \sin\theta=0$ অর্থাৎ, $\theta=0^\circ, 180^\circ.$

অথবা, $\dfrac{1}{\cos\theta}-2=0,\quad \cos\theta=\dfrac{1}{2}=\cos 60^\circ, \cos(360^\circ-60^\circ).$

$$\therefore\ \theta=60^\circ, 300^\circ.$$

$\therefore\ \theta=0^\circ, 60^\circ, 180^\circ, 300^\circ.$

Ex. 7. *Reduce to the simplest form*

$$\frac{\sin(270^\circ+A)\cos(90^\circ-A)}{\sin(180^\circ-A)\cos(180^\circ-A)}.$$

$$\frac{\sin(270^\circ+A)\cos(90^\circ-A)}{\sin(180^\circ-A)\cos(180^\circ-A)}=\frac{(-\cos A)(\sin A)}{\sin A(-\cos A)}=1.$$

Ex. 8. *If A, B, C be the angles of a triangle, show that*

$$\sin(B+C)+\sin(C+A)+\sin(A+B)$$
$$=\sin A+\sin B+\sin C.$$

যেহেতু, ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি 180°, অতএব,

$$A+B+C=180^\circ$$

$\therefore\ B+C=180^\circ-A.\quad \therefore\ \sin(B+C)=\sin(180^\circ-A)=\sin A.$

$C+A=180^\circ-B.\quad \sin(C+A)=\sin(180^\circ-B)=\sin B.$

$A+B=180^\circ-C.\quad \sin(A+B)=\sin(180^\circ-C)=\sin C.$

সুতরাং, যোগ করিলে,

$$\sin(B+C)+\sin(C+A)+\sin(A+B)=\sin A+\sin B+\sin C.$$

Ex. 9. *Show that*

$$\cot(90^\circ - A)\cot A\cos(90^\circ - A)\tan(90^\circ - A) = \cos A.$$

বাম পক্ষ $= \cot(90^\circ - A)\cot A\cos(90^\circ - A)\tan(90^\circ - A)$

$= \cot A\cos(90^\circ - A)$ $\quad [\because \cot\theta\tan\theta = 1.]$

$= \dfrac{\cos A}{\sin A}\cdot\sin A = \cos A.$

Examples V

1. Write down the values of $\sin 150^\circ$, $\cot 840^\circ$, $\operatorname{cosec}(-660^\circ)$ and $\tan(-1125^\circ)$.

2. Find the values of $\sin\left(-\dfrac{11\pi}{4}\right)$, $\operatorname{cosec}\left(\dfrac{16\pi}{3}\right)$,

$\tan\left(\dfrac{3\pi}{2} + \dfrac{\pi}{3}\right)$ and $\cos\left(\dfrac{5\pi}{2} - \dfrac{19\pi}{3}\right)$.

3. Evaluate $\sin(-1230^\circ) - \cos\left\{(2n+1)\pi + \dfrac{\pi}{3}\right\}$, where n is a negative integer.

4. Find the value of $\sin\left\{n\pi + (-1)^n\dfrac{\pi}{3}\right\}$, where n is any integer.

5. Find all the values of

(i) $\tan\left\{\dfrac{n\pi}{2} + (-1)^n\dfrac{\pi}{4}\right\}$,

(ii) $\operatorname{cosec}\left\{\dfrac{n\pi}{2} + (-1)^n\dfrac{\pi}{6}\right\}$,

where n is any integer.

6. Show that $\cos\left(2m\pi \pm \dfrac{\pi}{3}\right)$ and $\tan\left(m\pi + \dfrac{\pi}{6}\right)$ have one value each for all integral values of m.

7. Prove that, n being any integer

(i) $\cos(n\pi + \alpha) = (-1)^n\cos\alpha$.

(ii) $\tan(n\pi - \alpha) = -\tan\alpha$.

8. Prove that

(i) $\cos\theta = -\cos(\theta - 180°)$,

(ii) $\tan\theta = -\cot(\theta - \frac{3}{2}\pi)$.

9. Prove that

(i) $\sin(780°)\cos(390°) - \sin(330°)\cos(-300°) = 1$.

(ii) $\cos 306° + \cos 234° + \cos 162° + \cos 18° = 0$.

(iii) $\dfrac{\sin 250° + \tan 290°}{\cot 200° + \cos 340°} = -1$.

10. Simplify

$$\frac{\sin^3(\pi+\theta)}{\cos^2(\frac{1}{2}\pi+\theta)} \cdot \frac{\tan(2\pi-\theta)}{\operatorname{cosec}^2\theta} \cdot \frac{\sec^2(\pi-\theta)}{\sin(\pi-\theta)}$$

and determine its value when $\theta = 225°$.

11. Prove that

$$\sin(\tfrac{1}{2}\pi+\theta)\cos(\pi-\theta)\cot(\tfrac{3}{2}\pi+\theta) = \sin(\tfrac{1}{2}\pi-\theta)\sin(\tfrac{3}{2}\pi-\theta)\cot(\tfrac{1}{2}\pi+\theta).$$

12. Evaluate

(i) $\sin^2\dfrac{\pi}{4} + \sin^2\dfrac{3\pi}{4} + \sin^2\dfrac{5\pi}{4} + \sin^2\dfrac{7\pi}{4}$.

(ii) $\cot\dfrac{\pi}{20}\cot\dfrac{3\pi}{20}\cot\dfrac{5\pi}{20}\cot\dfrac{7\pi}{20}\cot\dfrac{9\pi}{20}$.

(iii) $\sin x + \sin(\pi + x) + \sin(2\pi + x) + \cdots\cdots$ to n terms.

13. If $\tan\theta = \frac{5}{12}$ and $\cos\theta$ is negative, find the value of

$$\frac{\sin\theta + \cos(-\theta)}{\sec(-\theta) + \tan\theta}.$$

14. An angle θ lies between 180° and 270°, and $\operatorname{cosec}\theta = -\frac{7}{5}$. Find $\cot\theta$.

15. Express in terms of ratios of positive angles less than 45°;

(i) $\cot(-1054°)$.

(ii) $\sin(1145°)$.

(iii) $\sec(-1491°)$.

(iv) $\cos\dfrac{35\pi}{9}$.

16. Find the value of θ when,

(i) $\tan\theta = -\sqrt{3}$ and θ lies between 270° and 360°.

(ii) $\cos\theta = -\frac{1}{2}$, and $450° < \theta < 540°$.

17. Solve for θ, giving all the possible values, when $0° < \theta < 360°$;

(i) $\cos\theta + \sqrt{3}\sin\theta = 2$. [*C. U. 1936*]

(ii) $2\sin^2\theta + 3\cos\theta = 0$.

(iii) $3(\sec^2\theta + \tan^2\theta) = 5$.

(iv) $\cot\theta + \tan\theta = 2\sec\theta$.

(v) $1 - 2\sin\theta - 2\cos\theta + \cot\theta = 0$.

18. If A, B, C be angles of a triangle, show that

$$\sin(A+B) - \cos C = \cos(A+B) + \sin C.$$

19. If A, B, C be angles of a triangle, show that

$$\frac{\tan(B+C) + \tan(C+A) + \tan(A+B)}{\tan(\pi - A) + \tan(2\pi - B) + \tan(3\pi - C)} = 1.$$

20. If A, B, C, D be the angles of a quadrilateral, show that

$$\cos\tfrac{1}{2}(A+C) + \cos\tfrac{1}{2}(B+D) = 0.$$

If the quadrilateral be cyclic then

$$\cos A + \cos B + \cos C + \cos D = 0.$$

ANSWERS

1. $\frac{1}{2}$; $-\frac{1}{\sqrt{3}}$; $\frac{2}{\sqrt{3}}$; -1. **2.** $-\frac{1}{\sqrt{2}}$; $-\frac{2}{\sqrt{3}}$; $-\frac{1}{\sqrt{3}}$; $\frac{\sqrt{3}}{2}$. **3.** 0.

4. $\frac{\sqrt{3}}{2}$. **5.** (i) 1. (ii) $\pm 2, \pm\frac{2}{\sqrt{3}}$. **10.** $\tan^3\theta$; 1. **12.** (i) 2.

(ii) 1. (iii) $\sin x$ or 0 according as n is odd or even. **13.** $\frac{51}{26}$.

14. $\frac{\sqrt{40}}{3}$. **15.** (i) cot 26°. (ii) cos 25°. (iii) cosec 39°. (iv) $\cos\frac{\pi}{9}$.

16. (i) 300°. (ii) 480°. **17.** (i) 60°. (ii) 120°, 240°.

(iii) 30°, 150°, 210°, 330°. (iv) 30°, 150°. (v) 30°, 135°, 150°, 315°.


ষষ্ঠ অধ্যায়

যৌগিক কোণ (Compound Angles)

6·1. A এবং B ধনাত্মক সূক্ষ্মকোণ হইলে এবং $(A+B) < 90°$ হইলে, প্রমাণ করিতে হইবে যে,

$$\sin(A+B) = \sin A \cos B + \cos A \sin B$$
$$\cos(A+B) = \cos A \cos B - \sin A \sin B$$

মনে করি, আবর্তনকারী রেখাটি OX হইতে আবর্তন আরম্ভ করিয়া $\angle XOY = A$ কোণ উৎপন্ন করিল এবং আরও কিছুদূর একই দিকে আবর্তনের ফলে $\angle YOZ = B$ কোণ উৎপন্ন করে। অতএব, $\angle XOZ = A + B$.



$(A+B)$ যৌগিক কোণের সীমা-রেখা OZ-এর উপর অবস্থিত যে-কোন বিন্দু P হইতে OX এবং OY-এর উপর যথাক্রমে PQ এবং PR লম্ব অঙ্কিত করা হইল ; R বিন্দু হইতে RS এবং RT যথাক্রমে OX এবং PQ-এর উপর লম্ব টানা হইল।

অতঃপর, POQ সমকোণী ত্রিভুজ হইতে আমরা জানি,

$$\sin(A+B) = \frac{PQ}{OP} = \frac{QT+TP}{OP} = \frac{RS+PT}{OP} = \frac{RS}{OP} + \frac{PT}{OP}$$
$$= \frac{RS}{OR}\cdot\frac{OR}{OP} + \frac{PT}{PR}\cdot\frac{PR}{OP}$$
$$= \sin A \,.\, \cos B + \cos TPR \,.\, \sin B.$$

কিন্তু, $\angle TPR = 90° - \angle TRP = \angle TRO =$ একান্তর $\angle ROS = A.$

সুতরাং, $\sin(A+B) = \sin A \cos B + \cos A \sin B.$

পুনরায়, $\cos(A+B) = \frac{OQ}{OP} = \frac{OS-QS}{OP} = \frac{OS-TR}{OP} = \frac{OS}{OP} - \frac{TR}{OP}$


$$= \frac{OS}{OR}\cdot\frac{OR}{OP} - \frac{TR}{PR}\cdot\frac{PR}{OP}$$
$$= \cos A \cos B - \sin TPR \,.\, \sin B$$
$$= \cos A \cos B - \sin A \sin B.$$

6·2. A এবং B ধনাত্মক সূক্ষ্মকোণ হইলে এবং $A > B$ হইলে প্রমাণ করিতে হইবে যে,

$$\sin(A-B) = \sin A \cos B - \cos A \sin B$$

$$\cos(A-B) = \cos A \cos B + \sin A \sin B$$

মনে করি, আবর্তনকারী-রেখা OX হইতে ঘড়ির কাঁটার বিপরীতদিকে আবর্তন আরম্ভ করিয়া $\angle XOY = A$ কোণ উৎপন্ন করিবার পর OX-এর দিকে (অর্থাৎ ঘড়ির কাঁটার গতির দিকে) পুনরাবর্তনের ফলে $\angle YOZ = B$ কোণ উৎপন্ন করে ; তাহা হইলে, $\angle XOZ = A - B$.



(A – B) যৌগিক কোণের সীমা রেখা OZ-এর উপর অবস্থিত যে-কোন বিন্দু P হইতে OX এবং OY-এর উপর যথাক্রমে PQ এবং PR লম্ব অঙ্কিত করা হইল ; R বিন্দু হইতে যথাক্রমে OX এবং QP-এর বর্ধিতাংশের উপর RS এবং RT লম্ব টানা হইল।

অতঃপর, সমকোণী ত্রিভুজ POQ হইতে, আমরা জানিতে পারি যে,

$$\sin(A-B) = \frac{PQ}{OP} = \frac{TQ - TP}{OP} = \frac{RS - PT}{OP} = \frac{RS}{OP} - \frac{PT}{OP}$$

$$= \frac{RS}{OR}\cdot\frac{OR}{OP} - \frac{PT}{PR}\cdot\frac{PR}{OP}$$

$$= \sin A \cos B - \cos TPR . \sin B$$

কিন্তু, $\angle TPR = 90° - \angle TRP = \angle YRT = \angle YOX = A.$

সুতরাং, $\sin(A-B) = \sin A \cos B - \cos A \sin B.$

পুনরায়, $\cos(A-B) = \frac{OQ}{OP} = \frac{OS + SQ}{OP} = \frac{OS + RT}{OP} = \frac{OS}{OP} + \frac{RT}{OP}$

$$= \frac{OS}{OR}\cdot\frac{OR}{OP} + \frac{RT}{RP}\cdot\frac{RP}{OP}$$

$$= \cos A . \cos B + \sin TPR . \sin B$$

$$= \cos A \cos B + \sin A \sin B.$$

বিশেষ দ্রষ্টব্য। উপরের জ্যামিতিক প্রমাণে A, B ও A + B কোণগুলিকে ধনাত্মক সূক্ষ্মকোণ এবং (A − B) কোণকে ধনাত্মক বলিয়া কল্পনা করা হইয়াছে। কিন্তু কোণগুলির উপর এই সমস্ত বিধিনিষেধ না থাকিলেও (চিত্রের কিছু পরিবর্তন করিয়া) একই পদ্ধতিতে উপরোক্ত বিষয় প্রমাণ করা যায়, অবশ্য প্রত্যেকটি রাশির উপযুক্ত চিহ্ন ধরিতে হইবে।* অতএব, **উপরোক্ত সূত্রগুলি সম্পূর্ণ ব্যাপক।**

দ্রষ্টব্য 1. দুই বা ততোধিক কোণের সমষ্টি বা অন্তরকে যৌগিক কোণ বলা হয় ; যেমন, A + B, A − B, A + B + C ইত্যাদি।

sin (A ± B), cos (A ± B)-এর বিস্তৃতিকে সাধারণতঃ সমষ্টিসূত্র (*Addition formulae*) বা সমষ্টি এবং অন্তর উপপাদ্য (*Addition and Subtraction Theorems*) বলা হয়।

দ্রষ্টব্য 2. সূক্ষ্মকোণের ক্ষেত্রে উপরোক্ত সূত্রগুলি সত্য বলিয়া ধরিয়া লইলে ইহা প্রমাণ করা যায় যে, কোণগুলির মাত্রা যাহাই হউক না কেন, উপরোক্ত সূত্রগুলি সর্বদাই প্রযোজ্য হইবে।

উদাহরণস্বরূপ, sin (A + B) সম্পর্কে আলোচনা করা যাউক।

মনে করি, A ও B ধনাত্মক সূক্ষ্মকোণ এবং $A + B < 90°$।

এক্ষণে, $A_1 = 90° + A$ এবং $B_1 = B$ হইলে,

$$\begin{aligned}\sin(A_1 + B_1) &= \sin\{(90° + A) + B\} = \sin\{90° + (A + B)\}\\ &= \cos(A + B) = \cos A \cos B - \sin A \sin B\\ &= \sin(90° + A)\cos B + \cos(90° + A)\sin B\\ &= \sin A_1 \cos B_1 + \cos A_1 \sin B_1\end{aligned}$$

পুনরায়, $A_2 = -A$, $B_2 = B$ হইলে,

$$\begin{aligned}\sin(A_2 + B_2) &= \sin(-A + B) = -\sin(A - B)\\ &= -\sin A \cos B + \cos A \sin B\\ &= \sin(-A)\cos B + \cos(-A)\sin B\\ &= \sin A_2 \cos B_2 + \cos A_2 \sin B_2.\end{aligned}$$

অতএব, যে-কোন একটি কোণকে 90° দ্বারা বর্ধিত করিলে বা চিহ্ন পরিবর্তন করিলে উপরোক্ত সূত্রাবলী প্রযোজ্য হয়।

---

* পরিশিষ্টে দ্রষ্টব্য।

অনুরূপভাবে প্রমাণ করা যায় যে, কোণদ্বয়ের যে-কোন একটিকে 90° দ্বারা বর্ধিত করিলে বা চিহ্ন পরিবর্তন করিলে cos (A + B), sin (A − B) বা cos (A − B)-এর সূত্রগুলির রূপের কোনও পরিবর্তন হইবে না।

সুতরাং, প্রথমে A ও B-কে ধনাত্মক সূক্ষ্মকোণ কল্পনা করিয়া যে-কোন কোণকে চিহ্ন পরিবর্তন করিবার বা 90° দ্বারা বর্ধিত করিবার পদ্ধতি অনুসরণ করিলে আমরা সহজেই প্রমাণ করিতে পারি যে, A এবং B-কোণের যে-কোন ধনাত্মক বা ঋণাত্মক মানের জন্যই উপরোক্ত সূত্রগুলি সর্বদা প্রযোজ্য হইবে।

অতএব, sin (A ± B) বা cos (A ± B)-এর বিস্তৃতি সকল ক্ষেত্রেই সমান প্রযোজ্য।

6·3. Ex. 1. *Find the values of sin 75°, cos 75°, sin 15° and cos 15°.*

$$\mathbf{\sin 75^\circ} = \sin(45^\circ + 30^\circ) = \sin 45^\circ \cos 30^\circ + \cos 45^\circ \sin 30^\circ$$
$$= \frac{1}{\sqrt{2}}\cdot\frac{\sqrt{3}}{2} + \frac{1}{\sqrt{2}}\cdot\frac{1}{2} = \frac{\sqrt{3}+1}{2\sqrt{2}}.$$

$$\mathbf{\cos 75^\circ} = \cos(45^\circ + 30^\circ) = \cos 45^\circ \cos 30^\circ - \sin 45^\circ \sin 30^\circ$$
$$= \frac{1}{\sqrt{2}}\cdot\frac{\sqrt{3}}{2} - \frac{1}{\sqrt{2}}\cdot\frac{1}{2} = \frac{\sqrt{3}-1}{2\sqrt{2}}.$$

$$\sin 15^\circ = \sin(45^\circ - 30^\circ) = \sin 45^\circ \cos 30^\circ - \cos 45^\circ \sin 30^\circ$$

এবং, $\cos 15^\circ = \cos(45^\circ - 30^\circ) = \cos 45^\circ \cos 30^\circ + \sin 45^\circ \sin 30^\circ$;

অতএব, পূর্বের ন্যায় sin 45°, cos 45° প্রভৃতির মান বসাইলে পূর্বের ন্যায় দেখানো যায় যে,

$$\mathbf{\sin 15^\circ = \frac{\sqrt{3}-1}{2\sqrt{2}}} \text{ এবং } \mathbf{\cos 15^\circ = \frac{\sqrt{3}+1}{2\sqrt{2}}}.$$

দ্রষ্টব্য : $\sin 15^\circ = \sin(90^\circ - 75^\circ) = \cos 75^\circ.$
$\cos 15^\circ = \cos(90^\circ - 75^\circ) = \sin 75^\circ.$

সুতরাং, cos 75° ও sin 75°-এর মান হইতে sin 15° ও cos 15°-এর মান নির্ণয় করা যায়।

Ex. 2. *Prove that*

(i) $\mathbf{\sin(A+B)\sin(A-B) = \sin^2 A - \sin^2 B}$
$\mathbf{= \cos^2 B - \cos^2 A.}$

(ii) $\mathbf{\cos(A+B)\cos(A-B) = \cos^2 A - \sin^2 B}$
$\mathbf{= \cos^2 B - \sin^2 A.}$

(i) এইস্থলে,

$$
\begin{aligned}
\text{বাম পক্ষ} &= (\sin A \cos B + \cos A \sin B)(\sin A \cos B - \cos A \sin B) \\
&= \sin^2 A \cos^2 B - \cos^2 A \sin^2 B \\
&= \sin^2 A\,(1 - \sin^2 B) - (1 - \sin^2 A) \sin^2 B \\
&= \sin^2 A - \sin^2 B = (1 - \cos^2 A) - (1 - \cos^2 B) \\
&= \cos^2 B - \cos^2 A.
\end{aligned}
$$

(ii) এইস্থলে,

$$
\begin{aligned}
\text{বাম পক্ষ} &= (\cos A \cos B - \sin A \sin B)(\cos A \cos B + \sin A \sin B) \\
&= \cos^2 A \cos^2 B - \sin^2 A \sin^2 B \\
&= \cos^2 A\,(1 - \sin^2 B) - (1 - \cos^2 A) \sin^2 B \\
&= \cos^2 A - \sin^2 B \\
&= (1 - \sin^2 A) - (1 - \cos^2 B) \\
&= \cos^2 B - \sin^2 A.
\end{aligned}
$$

বিঃ দ্রঃ। উদা. 1 এবং 2-এর ফলাফল বিশেষ প্রয়োজনীয় বলিয়া মনে রাখা প্রয়োজন।

6·4. প্রমাণ করিতে হইবে যে,

(i) $\mathbf{\tan (A+B) = \dfrac{\tan A + \tan B}{1 - \tan A \tan B}}$.

(ii) $\mathbf{\tan (A-B) = \dfrac{\tan A - \tan B}{1 + \tan A \tan B}}$

আমরা জানি,

$$\tan (A + B) = \frac{\sin (A + B)}{\cos (A + B)} = \frac{\sin A \cos B + \cos A \sin B}{\cos A \cos B - \sin A \sin B}$$

এক্ষণে হর ও লব উভয়কে $\cos A \cos B$ দ্বারা ভাগ করিলে,

$$\tan (A + B) = \frac{\dfrac{\sin A \cos B}{\cos A \cos B} + \dfrac{\cos A \sin B}{\cos A \cos B}}{\dfrac{\cos A \cos B}{\cos A \cos B} - \dfrac{\sin A \sin B}{\cos A \cos B}} = \frac{\tan A + \tan B}{1 - \tan A \tan B}.$$

পুনরায়,

$$\tan (A - B) = \frac{\sin (A - B)}{\cos (A - B)} = \frac{\sin A \cos B - \cos A \sin B}{\cos A \cos B + \sin A \sin B}$$

পূর্বের ন্যায় হর ও লবকে cos A cos B দ্বারা ভাগ করিয়া দেখান যায় যে,

$$\tan(A-B)=\frac{\tan A-\tan B}{1+\tan A\tan B}.$$

6·5. প্রমাণ করিতে হইবে যে,

(i) $\cot(A+B)=\dfrac{\cot A\cot B-1}{\cot B+\cot A}.$

(ii) $\cot(A-B)=\dfrac{\cot A\cot B+1}{\cot B-\cot A}.$

$$\cot(A+B)=\frac{\cos(A+B)}{\sin(A+B)}=\frac{\cos A\cos B-\sin A\sin B}{\sin A\cos B+\cos A\sin B}$$

এখন হর ও লবকে sin A sin B দ্বারা ভাগ করিলে দেখা যাইবে যে,

$$\cot(A+B)=\frac{\dfrac{\cos A\cos B}{\sin A\sin B}-\dfrac{\sin A\sin B}{\sin A\sin B}}{\dfrac{\sin A\cos B}{\sin A\sin B}+\dfrac{\cos A\sin B}{\sin A\sin B}}=\frac{\cot A\cot B-1}{\cot B+\cot A}$$

$$\cot(A-B)=\frac{\cos(A-B)}{\sin(A-B)}=\frac{\cos A\cos B+\sin A\sin B}{\sin A\cos B-\cos A\sin B}.$$

পূর্বের ন্যায় লব এবং হরকে sin A sin B দ্বারা ভাগ করিয়া অনুরূপভাবে দেখান যায় যে,

$$\cot(A-B)=\frac{\cot A\cot B+1}{\cot B-\cot A}.$$

6·6. Ex. 1. *Find the value of tan 75° and tan 15°.*

$$\textbf{tan 75}^\circ=\tan(45^\circ+30^\circ)=\frac{\tan 45^\circ+\tan 30^\circ}{1-\tan 45^\circ\tan 30^\circ}=\frac{1+\dfrac{1}{\sqrt3}}{1-1\cdot\dfrac{1}{\sqrt3}}$$

$$=\frac{\sqrt3+1}{\sqrt3-1}=\frac{(\sqrt3+1)^2}{3-1}$$

$$=\frac{4+2\sqrt3}{2}=\mathbf{2+\sqrt3}.$$

$$\textbf{tan 15}^\circ=\tan(45^\circ-30^\circ)=\frac{\tan 45^\circ-\tan 30^\circ}{1+\tan 45^\circ\tan 30^\circ}=\frac{1-\dfrac{1}{\sqrt3}}{1+\dfrac{1}{\sqrt3}}$$

$$= \frac{\sqrt{3}-1}{\sqrt{3}+1} = \frac{(\sqrt{3}-1)(\sqrt{3}-1)}{(\sqrt{3}+1)(\sqrt{3}-1)}$$

$$= \frac{4-2\sqrt{3}}{2} = \mathbf{2} - \sqrt{3}.$$

Ex. 2. *Show that*

(i) $\tan(45° + A) = \dfrac{1+\tan A}{1-\tan A}$

(ii) $\tan(45° - A) = \dfrac{1-\tan A}{1+\tan A}$

(i) বাম পক্ষ $= \dfrac{\tan 45° + \tan A}{1 - \tan 45° \tan A} = \dfrac{1+\tan A}{1-\tan A}$

(ii) ইহা (i)-এর অনুরূপভাবে প্রমাণ করা যায়।

Ex. 3. *Show that*

$\cot 2A + \tan A = \operatorname{cosec} 2A.$ [C. U. 1947]

বাম পক্ষ $= \dfrac{\cos 2A}{\sin 2A} + \dfrac{\sin A}{\cos A} = \dfrac{\cos 2A \cos A + \sin 2A \sin A}{\sin 2A \cos A}$

$$= \frac{\cos(2A - A)}{\sin 2A \cos A} = \frac{\cos A}{\sin 2A \cos A} = \frac{1}{\sin 2A}.$$

Ex. 4. *To find the expansions of*

(i) $\sin(A+B+C)$

(ii) $\cos(A+B+C)$

(iii) $\tan(A+B+C)$

(i) $\sin(A+B+C) = \sin\{(A+B)+C\}$

$$= \sin(A+B)\cos C + \cos(A+B)\sin C$$

$$= (\sin A \cos B + \cos A \sin B)\cos C + (\cos A \cos B - \sin A \sin B)\sin C$$

$$= \sin A \cos B \cos C + \cos A \sin B \cos C + \cos A \cos B \sin C - \sin A \sin B \sin C$$

দ্রষ্টব্য 1. $\sin(A+B+C)$-এর বিস্তৃতিকে সহজেই

$\cos A \cos B \cos C(\tan A + \tan B + \tan C - \tan A \tan B \tan C)$-রূপে প্রকাশ করা যায়।

(ii) $\cos(A+B+C) = \cos\{(A+B)+C\}$

$$= \cos(A+B)\cos C - \sin(A+B)\sin C$$

$$= (\cos A\cos B - \sin A\sin B)\cos C - (\sin A\cos B + \cos A\sin B)\sin C$$

$$= \cos A\cos B\cos C - \sin A\sin B\cos C - \sin A\cos B\sin C - \cos A\sin B\sin C$$

দ্রষ্টব্য 2. $\cos(A+B+C)$-এর বিস্তৃতিকে সহজেই

$\cos A\cos B\cos C\,(1 - \tan B\tan C - \tan C\tan A - \tan A\tan B)$-রূপে প্রকাশ করা যায়।

(iii) $\mathbf{\tan(A+B+C)} = \tan\{(A+B)+C\}$

$$= \frac{\tan(A+B) + \tan C}{1 - \tan(A+B)\tan C}$$

$$= \frac{\dfrac{\tan A + \tan B}{1 - \tan A\tan B} + \tan C}{1 - \dfrac{\tan A + \tan B}{1 - \tan A\tan B}\cdot\tan C}$$

$$= \frac{\tan A + \tan B + \tan C - \tan A\tan B\tan C}{1 - \tan A\tan B - \tan B\tan C - \tan C\tan A}.$$

দ্রষ্টব্য 3. নিম্নলিখিতরূপেও $\tan(A+B+C)$-এর বিস্তৃতি নির্ণয় করা যায় :—

আমরা জানি, $\tan(A+B+C) = \dfrac{\sin(A+B+C)}{\cos(A+B+C)}.$

এক্ষণে, $\sin(A+B+C)$ এবং $\cos(A+B+C)$-এর বিস্তৃতি বসাইয়া হর ও লবকে $\cos A\cos B\cos C$ দ্বারা ভাগ করিলে অথবা দ্রষ্টব্য 1, ও 2-এ উক্ত $\sin(A+B+C)$ এবং $\cos(A+B+C)$-এর বিস্তৃতি বসাইলে আমরা উদ্দিষ্ট বিস্তৃতি নির্ণয় করিতে পারি।

লক্ষণীয় : চার, পাঁচ বা ততোধিক কোণের সমষ্টির কোণানুপাতও অনুরূপভাবে নির্ণয় করা যায়।

Ex. 5. *If* $\sin\theta = \dfrac{x-y}{x+y}$, *show that* $\tan\left(\dfrac{\pi}{4} - \dfrac{\theta}{2}\right) = \pm\sqrt{\dfrac{y}{x}}$.

যেহেতু, $\dfrac{x-y}{x+y} = \sin\theta,$

অতএব, $\dfrac{y}{x}=\dfrac{1-\sin\theta}{1+\sin\theta}=\dfrac{(\cos\frac{1}{2}\theta-\sin\frac{1}{2}\theta)^2}{(\cos\frac{1}{2}\theta+\sin\frac{1}{2}\theta)^2}$

$$=\left\{\frac{1-\tan\frac{1}{2}\theta}{1+\tan\frac{1}{2}\theta}\right\}^2,$$ (লব ও হরকে $\cos^2\frac{1}{2}\theta$ দ্বারা ভাগ করিয়া)

$$=\left\{\tan\left(\frac{\pi}{4}-\frac{\theta}{2}\right)\right\}^2;$$

সুতরাং, $\tan\left(\dfrac{\pi}{4}-\dfrac{\theta}{2}\right)=\pm\sqrt{\dfrac{y}{x}}.$

Ex. 6. *If* $\cos(\alpha+\beta)\sin(\gamma+\theta)=\cos(\alpha-\beta)\sin(\gamma-\theta)$, *then* $\tan\theta=\tan\alpha\tan\beta\tan\gamma.$

প্রদত্ত সমীকরণ হইতে আমরা লিখিতে পারি

$$\frac{\sin(\gamma+\theta)}{\sin(\gamma-\theta)}=\frac{\cos(\alpha-\beta)}{\cos(\alpha+\beta)}.$$

অতএব, $\dfrac{\sin(\gamma+\theta)-\sin(\gamma-\theta)}{\sin(\gamma+\theta)+\sin(\gamma-\theta)}=\dfrac{\cos(\alpha-\beta)-\cos(\alpha+\beta)}{\cos(\alpha-\beta)+\cos(\alpha+\beta)}$

বা, $\dfrac{2\cos\gamma\sin\theta}{2\sin\gamma\cos\theta}=\dfrac{2\sin\alpha\sin\beta}{2\cos\alpha\cos\beta}$

বা, $\cot\gamma\tan\theta=\tan\alpha\tan\beta.$

$\therefore\quad \tan\theta=\tan\alpha\tan\beta\tan\gamma.$

Ex. 7. *If* $\tan\beta=\dfrac{2\sin\alpha\sin\gamma}{\sin(\alpha+\gamma)}$, *then* $\tan\alpha$, $\tan\beta$, $\tan\gamma$ *are in harmonical progression.*

প্রদত্ত সমীকরণ হইতে আমরা লিখিতে পারি

$$\frac{2}{\tan\beta}=\frac{\sin(\alpha+\gamma)}{\sin\alpha\sin\gamma}=\frac{\sin\alpha\cos\gamma+\cos\alpha\sin\gamma}{\sin\alpha\sin\gamma}$$

$$=\cot\gamma+\cot\alpha=\frac{1}{\tan\gamma}+\frac{1}{\tan\alpha}.$$

Ex. 8. *If* $\tan\alpha=\dfrac{a\sin\beta}{1-a\cos\beta}$ *and* $\tan\beta=\dfrac{b\sin\alpha}{1-b\cos\alpha}$,

then $\dfrac{\sin\alpha}{\sin\beta}=\dfrac{a}{b}.$

প্রদত্ত প্রথম সমীকরণ হইতে $\frac{\sin \alpha}{\cos \alpha}=\frac{a \sin \beta}{1-a \cos \beta}$

বা, $a(\sin \alpha \cos \beta+\cos \alpha \sin \beta)=\sin \alpha.$

$$\therefore \quad a=\frac{\sin \alpha}{\sin (\alpha+\beta)} \quad \cdots \quad \cdots \quad (1)$$

অনুরূপভাবে দ্বিতীয় সমীকরণ হইতে প্রমাণ করা যায় যে,

$$b=\frac{\sin \beta}{\sin (\alpha+\beta)} \quad \cdots \quad \cdots \quad (2)$$

সমীকরণ (1)-কে সমীকরণ (2) দ্বারা ভাগ করিলে

$$\frac{a}{b}=\frac{\sin \alpha}{\sin \beta}.$$

Ex. 9. *Show that*

$$\tan(\beta+\gamma-2\alpha)+\tan(\gamma+\alpha-2\beta)+\tan(\alpha+\beta-2\gamma)$$
$$=\tan(\beta+\gamma-2\alpha)\tan(\gamma+\alpha-2\beta)\tan(\alpha+\beta-2\gamma).$$

মনে করি, $A=\beta+\gamma-2\alpha$, $B=\gamma+\alpha-2\beta$, $C=\alpha+\beta-2\gamma$,

$\therefore \quad A+B+C=0. \quad \therefore \quad \tan(A+B+C)=0,$

অর্থাৎ $\frac{\tan A+\tan B+\tan C-\tan A \tan B \tan C}{1-\tan A \tan B-\tan A \tan C-\tan B \tan C}=0.$

অতএব, $\tan A+\tan B+\tan C=\tan A \tan B \tan C.$

এক্ষণে A, B, C-এর মান বসাইলে আমরা নির্ণেয় সমীকরণ পাইব।

Ex. 10. *If* $a \sin(\theta+\alpha)=b \sin(\theta+\beta)$, *prove that*

$$\cot \theta=\frac{a \cos \alpha-b \cos \beta}{b \sin \beta-a \sin \alpha}.$$

প্রদত্ত সমীকরণ হইতে

$$a(\sin \theta \cos \alpha+\cos \theta \sin \alpha)=b(\sin \theta \cos \beta+\cos \theta \sin \beta).$$

$\therefore \quad \sin \theta(a \cos \alpha-b \cos \beta)=\cos \theta(b \sin \beta-a \sin \alpha).$

বা, $\cot \theta=\frac{a \cos \alpha-b \cos \beta}{b \sin \beta-a \sin \alpha}.$

Ex. 11. *If* $\tan \beta=\frac{n \sin \alpha \cos \alpha}{1-n \sin^2 \alpha}$, *show that*

$$\tan(\alpha-\beta)=(1-n)\tan \alpha.$$

$$\tan(\alpha-\beta)=\frac{\tan\alpha-\tan\beta}{1+\tan\alpha\tan\beta}=\frac{\tan\alpha-\dfrac{n\sin\alpha\cos\alpha}{1-n\sin^2\alpha}}{1+\tan\alpha\left(\dfrac{n\sin\alpha\cos\alpha}{1-n\sin^2\alpha}\right)}$$

$$=\frac{\tan\alpha\left\{1-\dfrac{n\cos^2\alpha}{1-n\sin^2\alpha}\right\}}{1+\dfrac{n\sin^2\alpha}{1-n\sin^2\alpha}}=(1-n)\tan\alpha.$$

Ex. 12. *Prove that* $\dfrac{\cos 10^\circ+\sin 10^\circ}{\cos 10^\circ-\sin 10^\circ}=\tan 55^\circ$.

$\dfrac{\cos 10^\circ+\sin 10^\circ}{\cos 10^\circ-\sin 10^\circ}=\dfrac{1+\tan 10^\circ}{1-\tan 10^\circ}$ (লব ও হরকে $\cos 10^\circ$ দ্বারা ভাগ করিয়া)

$=\dfrac{\tan 45^\circ+\tan 10^\circ}{1-\tan 45^\circ\tan 10^\circ}$ $(\because\ \tan 45^\circ=1)$

$=\tan(45^\circ+10^\circ)=\tan 55^\circ$.

Ex. 13. *If* $A+B+C=90^\circ$, *prove that*

$$\tan A+\cos A\sec B\sec C=\tan B+\cos B\sec C\sec A$$
$$=\tan C+\cos C\sec A\sec B.$$

প্রথম রাশি $=\tan A+\dfrac{\cos A}{\cos B\cos C}=\tan A+\dfrac{\sin(B+C)}{\cos B\cos C}$

$[\therefore\ A=90^\circ-(B+C)]$

$$=\tan A+\frac{\sin B\cos C+\cos B\sin C}{\cos B\cos C}=\tan A+\tan B+\tan C.$$

এইভাবে প্রমাণ করা যায় যে, প্রতিটি রাশি $=\tan A+\tan B+\tan C$. অতএব, রাশিত্রয় সমান।

Examples VI

Show that (*Ex. 1 to 20*) :—

1. (i) $\sin(A-B)=\frac{16}{65}$ and $\cos(A+B)=\frac{33}{65}$,

if A and B are acute and if $\sin A=\frac{3}{5}$, $\cos B=\frac{12}{13}$.

(ii) $\cos 68^\circ 20'\cos 8^\circ 20'+\cos 81^\circ 40'\cos 21^\circ 40'=\frac{1}{2}$.

(iii) $\sec(x-y)=\frac{85}{84}$, if $\sec x=\frac{17}{8}$, $\operatorname{cosec} y=\frac{5}{4}$.

2. (i) $\sin A \sin (B-C) + \sin B \sin (C-A) + \sin C \sin (A-B) = 0.$

(ii) $\cos A \sin (B-C) + \cos B \sin (C-A) + \cos C \sin (A-B) = 0.$

(iii) $\sin (B+C) \sin (B-C) + \sin (C+A) \sin (C-A) + \sin (A+B) \sin (A-B) = 0.$

(iv) $\sin (\alpha-\theta) \sin (\beta-\gamma) + \sin (\beta-\theta) \sin (\gamma-\alpha) + \sin (\gamma-\theta) \sin (\alpha-\beta) = 0.$

3. $\cos (60^\circ - A) \cos (30^\circ - B) - \sin (60^\circ - A) \sin (30^\circ - B) = \sin (A+B).$

4. (i) $\sin (n+1)x \cos (n-1)x - \cos (n+1)x \sin (n-1)x = \sin 2x.$

(ii) $\sin 2\theta \cos \theta + \cos 2\theta \sin \theta = \sin 4\theta \cos \theta - \cos 4\theta \sin \theta.$

5. $\dfrac{\sin B}{\sin A} = \dfrac{\sin (2A+B)}{\sin A} - 2 \cos (A+B).$

6. $\dfrac{\sin (B-C)}{\cos B \cos C} + \dfrac{\sin (C-A)}{\cos C \cos A} + \dfrac{\sin (A-B)}{\cos A \cos B} = 0.$

7. $\dfrac{\sin (B-C)}{\sin B \sin C} + \dfrac{\sin (C-A)}{\sin C \sin A} + \dfrac{\sin (A-B)}{\sin A \sin B} = 0.$

8. $\tan (A+B) \tan (A-B) = \dfrac{\sin^2 A - \sin^2 B}{\cos^2 A - \sin^2 B}.$

9. $\tan^2 A - \tan^2 B = \dfrac{\sin (A+B) \sin (A-B)}{\cos^2 A \cos^2 B}.$

10. (i) $\dfrac{\tan (\alpha+\beta) - \tan \alpha}{1 + \tan (\alpha+\beta) \tan \alpha} = \tan \beta.$

(ii) If $A+B+C=\pi$ and $\cos A = \cos B \cos C$, show that $\tan A = \tan B + \tan C.$ [C. U. 1942]

11. $1 + \tan 2\theta \tan \theta = \sec 2\theta.$

12. $\cot \theta - \cot 2\theta = \operatorname{cosec} 2\theta.$

13. $\tan 20^\circ + \tan 25^\circ + \tan 25^\circ \tan 20^\circ = 1.$

14. (i) $\tan (45^\circ + A) = \dfrac{\cos A + \sin A}{\cos A - \sin A}.$

(ii) $\sqrt{2} \sin (45^\circ + A) = \sin A + \cos A.$

15. $\dfrac{\cos 8^\circ + \sin 8^\circ}{\cos 8^\circ - \sin 8^\circ} = \tan 53^\circ.$

16. $\tan (45^\circ + A) \tan (45^\circ - A) = 1.$

17. $\tan(A+B)+\tan(A-B)=\dfrac{\sin 2A}{\cos^2 A-\sin^2 B}$.

18. $\dfrac{\sin(x+y)}{\sin(x-y)}=\dfrac{\tan x+\tan y}{\tan x-\tan y}$.

19. $\cot(45^\circ+x)=\dfrac{\cot x-1}{\cot x+1}=\dfrac{\cos x-\sin x}{\cos x+\sin x}$.

20. $\sec(x+y)=\dfrac{\sec x\sec y}{1-\tan x\tan y}$.

21. Find the expansions of

$\sin(A-B+C)$ and $\tan(A-B-C)$.

22. Express $\cot(A+B+C)$ in terms of

$\cot A$, $\cot B$, $\cot C$.

23. (i) If $a\cos(x+\alpha)=b\cos(x-\alpha)$, prove that

$(a+b)\tan x=(a-b)\cot\alpha$.

(ii) If $\sin\alpha\sin\beta-\cos\alpha\cos\beta+1=0$, show that

$1+\cot\alpha\tan\beta=0$. [C. U. 1939]

(iii) If $A+B+C=\pi$ and $\cos A=\cos B\cos C$,

then $\cot B\cot C=\frac{1}{2}$.

24. If $\tan\theta=\dfrac{a\sin x+b\sin y}{a\cos x+b\cos y}$,

then $a\sin(\theta-x)+b\sin(\theta-y)=0$.

25. An angle θ is divided into two parts α, β such that $\tan\alpha:\tan\beta=x:y$; prove that

$$\sin(\alpha-\beta)=\frac{x-y}{x+y}\sin\theta.$$

26. If $\cos(\beta-\gamma)+\cos(\gamma-\alpha)+\cos(\alpha-\beta)=-\frac{3}{2}$,

show that $\Sigma\cos\alpha=0$ and $\Sigma\sin\alpha=0$.

ANSWERS

21. $\sin A\cos B\cos C-\sin B\cos C\cos A+\sin C\cos A\cos B$
$+\sin A\sin B\sin C$;

$$\frac{\tan A-\tan B-\tan C-\tan A\tan B\tan C}{1+\tan A\tan B+\tan C\tan A-\tan B\tan C}.$$

22. $\dfrac{\cot A\cot B\cot C-\cot A-\cot B-\cot C}{\cot B\cot C+\cot C\cot A+\cot A\cot B-1}$.

সপ্তম অধ্যায়

কোণানুপাতের গুণফল ও সমষ্টির রূপান্তর

(Transformation of Products and Sums)

7·1. গুণফলকে সমষ্টি বা অন্তরে রূপান্তর (Transformation of products into sums or differences)

6·1 এবং 6·2 অনুচ্ছেদ হইতে আমরা জানি যে,

$$\sin A \cos B + \cos A \sin B = \sin (A+B) \quad \cdots \quad (1)$$

$$\sin A \cos B - \cos A \sin B = \sin (A-B) \quad \cdots \quad (2)$$

(1) এবং (2) যোগ করিলে দেখা যায়

$$2 \sin A \cos B = \sin (A+B) + \sin (A-B) \quad \cdots \quad (3)$$

এবং (1) হইতে (2) বিয়োগ করিলে

$$2 \cos A \sin B = \sin (A+B) - \sin (A-B) \quad \cdots \quad (4)$$

পুনরায় 6·1 ও 6·2 অনুচ্ছেদ হইতে আমরা জানি যে,

$$\cos A \cos B - \sin A \sin B = \cos (A+B) \quad \cdots \quad (5)$$

$$\cos A \cos B + \sin A \sin B = \cos (A-B) \quad \cdots \quad (6)$$

(5) ও (6) যোগ করিলে,

$$2 \cos A \cos B = \cos (A+B) + \cos (A-B) \quad \cdots \quad (7)$$

এবং (6) হইতে (5) বিয়োগ করিলে,

$$2 \sin A \sin B = \cos (A-B) - \cos (A+B) \quad \cdots \quad (8)$$

এইরূপে আমরা দুইটি সাইন বা কোসাইন-এর গুণফলকে দুইটি সাইন বা কোসাইনের সমষ্টি বা অন্তর হিসাবে প্রকাশ করিতে পারি।

$$\mathbf{2 \sin A \cos B = \sin (A+B) + \sin (A-B)} \quad \cdots \quad (I)$$

$$\mathbf{2 \cos A \sin B = \sin (A+B) - \sin (A-B)} \quad \cdots \quad (II)$$

$$\mathbf{2 \cos A \cos B = \cos (A+B) + \cos (A-B)} \quad \cdots \quad (III)$$

$$\mathbf{2 \sin A \sin B = \cos (A-B) - \cos (A+B)} \quad \cdots \quad (IV)$$

7·2. সমষ্টি বা অন্তরকে গুণফলে পরিবর্তন (Transformation of sums or differences into products).

মনে করি, $A+B=C$ এবং $A-B=D$

তাহা হইলে, $A=\frac{C+D}{2}$, $B=\frac{C-D}{2}$.

এক্ষণে পূর্ব অনুচ্ছেদের (8) কে আমরা এইভাবে লিখিতে পারি :—

$$\cos(A+B)-\cos(A-B)=-2\sin A\sin B$$
$$=2\sin A(-\sin B)$$
$$=2\sin A\sin(-B)$$

অতএব, পূর্ব অনুচ্ছেদের (3), (4), (7) ও (8)-এ A এবং B-এর স্থানে উপরোক্ত মান বসাইলে দুইটি কোণের সাইন বা কোসাইনের সমষ্টি বা অন্তরকে সাইন বা কোসাইনের গুণফলে রূপান্তরের নিম্নলিখিত সূত্রগুলি পাওয়া যায় :—

$$\sin C+\sin D=2\sin\frac{C+D}{2}\cos\frac{C-D}{2}$$

$$\sin C-\sin D=2\cos\frac{C+D}{2}\sin\frac{C-D}{2}$$

$$\cos C+\cos D=2\cos\frac{C+D}{2}\cos\frac{C-D}{2}$$

$$\cos C-\cos D=2\sin\frac{C+D}{2}\sin\frac{D-C}{2}$$

দ্রষ্টব্য : উপরের চারিটি সূত্রের নিম্নলিখিত সংক্ষিপ্ত মৌখিক উল্লেখ বিশেষ সুবিধাজনক।

(i) $\text{sine}+\text{sine}=2\sin\left(\frac{\text{সমষ্টি}}{2}\right)\cos\left(\frac{\text{অন্তর}}{2}\right)$

(ii) $\text{sine}-\text{sine}=2\cos\left(\frac{\text{সমষ্টি}}{2}\right)\sin\left(\frac{\text{অন্তর}}{2}\right)$

(iii) $\cos+\cos=2\cos\left(\frac{\text{সমষ্টি}}{2}\right)\cos\left(\frac{\text{অন্তর}}{2}\right)$

(iv) $\cos-\cos=2\sin\left(\frac{\text{সমষ্টি}}{2}\right)\sin\left(\frac{\text{বিপরীত অন্তর}}{2}\right)$

7·3. Ex. 1. *Prove that*

(i) $\cos 20^\circ \cos 40^\circ \cos 80^\circ = \frac{1}{8}$.

(ii) $\cos 80^\circ + \cos 40^\circ - \cos 20^\circ = 0$

(i) বাম পক্ষ $= \frac{1}{2} \cos 20^\circ (2 \cos 40^\circ \cos 80^\circ)$

$$= \tfrac{1}{2} \cos 20^\circ \{\cos 120^\circ + \cos 40^\circ\}$$
$$= \tfrac{1}{2} \cos 20^\circ (-\tfrac{1}{2} + \cos 40^\circ)$$
$$= -\tfrac{1}{4} \cos 20^\circ + \tfrac{1}{2} \cos 20^\circ \cos 40^\circ$$
$$= -\tfrac{1}{4} \cos 20^\circ + \tfrac{1}{4}(\cos 60^\circ + \cos 20^\circ)$$
$$= \tfrac{1}{4} \cos 60^\circ = \tfrac{1}{8}.$$

(ii) বাম পক্ষ $= (\cos 80^\circ + \cos 40^\circ) - \cos 20^\circ$

$$= 2 \cos 60^\circ \cos 20^\circ - \cos 20^\circ$$
$$= 2.\tfrac{1}{2} \cos 20^\circ - \cos 20^\circ = 0.$$

Ex. 2. *Show that*

$$\frac{\sin \theta + \sin 2\theta + \sin 4\theta + \sin 5\theta}{\cos \theta + \cos 2\theta + \cos 4\theta + \cos 5\theta} = \tan 3\theta.$$

বাম পক্ষের লব $= (\sin 5\theta + \sin \theta) + (\sin 2\theta + \sin 4\theta)$

$$= 2 \sin 3\theta \cos 2\theta + 2 \sin 3\theta \cos \theta$$
$$= 2 \sin 3\theta (\cos 2\theta + \cos \theta).$$

বাম পক্ষের হর $= (\cos 5\theta + \cos \theta) + (\cos 4\theta + \cos 2\theta)$

$$= 2 \cos 3\theta \cos 2\theta + 2 \cos 3\theta \cos \theta$$
$$= 2 \cos 3\theta (\cos 2\theta + \cos \theta).$$

$\therefore$ বাম পক্ষ $= \dfrac{2 \sin 3\theta (\cos 2\theta + \cos \theta)}{2 \cos 3\theta (\cos 2\theta + \cos \theta)} = \tan 3\theta.$

Ex. 3. *Express 4 cos A cos B cos C as the sum of four cosines.*

$4 \cos A \cos B \cos C = 2 \cos A . (2 \cos B \cos C)$

$$= 2 \cos A \{\cos (B + C) + \cos (B - C)\}$$
$$= 2 \cos A \cos (B + C) + 2 \cos A \cos (B - C)$$
$$= \cos (A + B + C) + \cos (A - B - C)$$
$$+ \cos (A + B - C) + \cos (A - B + C).$$

Ex. 4. *Express as the product of three sines*

$$\sin (B + C - A) + \sin (C + A - B) + \sin (A + B - C)$$
$$- \sin (A + B + C).$$

প্রদত্ত রাশিমালা $= \{\sin (B+C-A) + \sin (C+A-B)\}$
$+\{\sin (A+B-C) - \sin (A+B+C)\}$
$= 2 \sin C \cos (B-A) + 2 \cos (A+B) \sin (-C)$
$= 2 \sin C \{\cos (B-A) - \cos (A+B)\}$
$= 2 \sin C.\ 2 \sin B \sin A$
$= 4 \sin A \sin B \sin C.$

Ex. 5. *If the angles A, B, C be in A. P., then*

$$\frac{\sin A - \sin C}{\cos C - \cos A} = \cot B.$$

যেহেতু A, B, C রাশিত্রয় সমান্তর শ্রেণীভুক্ত, অতএব, $2B = A + C$.

এক্ষণে, $$\frac{\sin A - \sin C}{\cos C - \cos A} = \frac{2 \cos \frac{1}{2}(A+C) \sin \frac{1}{2}(A-C)}{2 \sin \frac{1}{2}(A+C) \sin \frac{1}{2}(A-C)}$$
$$= \frac{\cos B}{\sin B} = \cot B.$$

Ex. 6. *Show that* $\sin 18° + \cos 18° = \sqrt{2} \cos 27°$.

বাম পক্ষ $= \sin (90° - 72°) + \cos 18° = \cos 72° + \cos 18°$
$= 2 \cos 45° \cos 27° = \sqrt{2} \cos 27°.$

Ex. 7. *Show that*

$$\sin (\beta - \gamma) \cos (\alpha - \delta) + \sin (\gamma - \alpha) \cos (\beta - \delta) + \sin (\alpha - \beta) \cos (\gamma - \delta) = 0.$$

বাম পক্ষ $= \frac{1}{2}[2 \sin (\beta - \gamma) \cos (\alpha - \delta) + 2 \sin (\gamma - \alpha) \cos (\beta - \delta)$
$+ 2 \sin (\alpha - \beta) \cos (\gamma - \delta)]$
$= \frac{1}{2}[\sin (\beta - \gamma + \alpha - \delta) + \sin (\beta - \gamma - \alpha + \delta)$
$+ \sin(\gamma - \alpha + \beta - \delta) + \sin (\gamma - \alpha - \beta + \delta)$
$+ \sin (\alpha - \beta + \gamma - \delta) + \sin (\alpha - \beta - \gamma + \delta)]$
$= 0.$

Ex. 8. *Show that*

$$4 \sin \frac{A+B+C}{2} \sin \frac{B+C-A}{2} \sin \frac{C+A-B}{2} \sin \frac{A+B-C}{2}$$
$$= 1 - \cos^2 A - \cos^2 B - \cos^2 C + 2 \cos A \cos B \cos C.$$

আমরা জানি, $$2 \sin \frac{A+B+C}{2} \sin \frac{B+C-A}{2} = \cos A - \cos (B+C)$$
$$2 \sin \frac{C+A-B}{2} \sin \frac{A+B-C}{2} = \cos (B-C) - \cos A.$$

$\therefore$ বাম পক্ষ $= \{\cos A - \cos(B+C)\}\{\cos(B-C) - \cos A\}$

$$= \cos A \cos(B-C) - \cos(B+C)\cos(B-C) - \cos^2 A + \cos A \cos(B+C)$$

$$= \cos A\,[\cos(B-C) + \cos(B+C)] - [\cos^2 B - \sin^2 C] - \cos^2 A$$

$$= \cos A . 2\cos B \cos C - \cos^2 B + (1 - \cos^2 C) - \cos^2 A$$

$$= 1 - \cos^2 A - \cos^2 B - \cos^2 C + 2\cos A \cos B \cos C.$$

Ex. 9. *Show that*

$$(\cos x - \cos y)^2 + (\sin x - \sin y)^2 = 4\sin^2\frac{x-y}{2}.$$

বাম পক্ষ $= \left(2\sin\frac{x+y}{2}\sin\frac{y-x}{2}\right)^2 + \left(2\cos\frac{x+y}{2}\sin\frac{x-y}{2}\right)^2$

$$= 4\sin^2\frac{x-y}{2}\cdot\left[\sin^2\frac{x+y}{2} + \cos^2\frac{x+y}{2}\right] = 4\sin^2\frac{x-y}{2}.$$

Ex. 10. *If* $\dfrac{x}{\tan(\theta+\alpha)} = \dfrac{y}{\tan(\theta+\beta)} = \dfrac{z}{\tan(\theta+\gamma)}$, *prove that*

$$\frac{x+y}{x-y}\sin^2(\alpha-\beta) + \frac{y+z}{y-z}\sin^2(\beta-\gamma) + \frac{z+x}{z-x}\sin^2(\gamma-\alpha) = 0$$

[Pat. U. 1945]

$\dfrac{x}{\tan(\theta+\alpha)} = \dfrac{y}{\tan(\theta+\beta)} = \dfrac{z}{\tan(\theta+\gamma)}$ হইলে, আমরা জানি

$$\frac{x}{y} = \frac{\tan(\theta+\alpha)}{\tan(\theta+\beta)} = \frac{\sin(\theta+\alpha)}{\cos(\theta+\alpha)}\Big/\frac{\sin(\theta+\beta)}{\cos(\theta+\beta)}$$

$$= \frac{\sin(\theta+\alpha)\cos(\theta+\beta)}{\sin(\theta+\beta)\cos(\theta+\alpha)} \quad \cdots \quad (1)$$

$$\frac{y}{z} = \frac{\tan(\theta+\beta)}{\tan(\theta+\gamma)} = \frac{\sin(\theta+\beta)\cos(\theta+\gamma)}{\cos(\theta+\beta)\sin(\theta+\gamma)} \quad \cdots \quad (2)$$

এবং $\dfrac{z}{x} = \dfrac{\tan(\theta+\gamma)}{\tan(\theta+\alpha)} = \dfrac{\sin(\theta+\gamma)\cos(\theta+\alpha)}{\cos(\theta+\gamma)\sin(\theta+\alpha)} \quad \cdots \quad (3)$

(1) হইতে Componendo and dividendo-প্রথা অনুসরণ করিলে আমরা জানি যে,

$$\frac{x+y}{x-y} = \frac{\sin(\theta+\alpha)\cos(\theta+\beta) + \cos(\theta+\alpha)\sin(\theta+\beta)}{\sin(\theta+\alpha)\cos(\theta+\beta) - \cos(\theta+\alpha)\sin(\theta+\beta)}$$

$$= \frac{\sin(2\theta+\alpha+\beta)}{\sin(\alpha-\beta)}.$$

$$\therefore \quad \frac{x+y}{x-y}\sin^2(\alpha-\beta)=\sin(2\theta+\alpha+\beta)\sin(\alpha-\beta)$$
$$=\tfrac{1}{2}[\cos(2\theta+2\beta)-\cos(2\theta+2\alpha)].$$

সুতরাং,

$$\frac{x+y}{x-y}\sin^2(\alpha-\beta)=\tfrac{1}{2}[\cos(2\theta+2\beta)-\cos(2\theta+2\alpha)] \quad \cdots (4)$$

অনুরূপভাবে,

$$\frac{y+z}{y-z}\sin^2(\beta-\gamma)=\tfrac{1}{2}[\cos(2\theta+2\gamma)-\cos(2\theta+2\beta)] \quad \cdots (5)$$

এবং, $$\frac{z+x}{z-x}\sin^2(\gamma-\alpha)=\tfrac{1}{2}[\cos(2\theta+2\alpha)-\cos(2\theta+2\gamma)] \quad \cdots (6)$$

(4), (5) ও (6)-কে যোগ করিলে আমরা দেখাইতে পারি যে,

$$\frac{x+y}{x-y}\sin^2(\alpha-\beta)+\frac{y+z}{y-z}\sin^2(\beta-\gamma)+\frac{z+x}{z-x}\sin^2(\gamma-\alpha)=0.$$

Examples VII

Prove that (*Ex. 1 to 17*) :—

1. $\dfrac{\sin A+\sin B}{\sin A-\sin B}=\tan\dfrac{A+B}{2}\cot\dfrac{A-B}{2}$.

2. $\dfrac{\cos A+\cos B}{\cos B-\cos A}=\cot\dfrac{A+B}{2}\cot\dfrac{A-B}{2}$.

3. $\cos 20^\circ+\cos 100^\circ+\cos 140^\circ=0$.

4. $\sin\theta\sin(60^\circ-\theta)\sin(60^\circ+\theta)=\frac{1}{4}\sin 3\theta$.

5. $\cos\theta\cos(60^\circ-\theta)\cos(60^\circ+\theta)=\frac{1}{4}\cos 3\theta$.

6. $(\sin 3\alpha+\sin\alpha)\sin\alpha+(\cos 3\alpha-\cos\alpha)\cos\alpha=0$.

7. $\cos(A-D)\sin(B-C)+\cos(B-D)\sin(C-A)$
$+\cos(C-D)\sin(A-B)=0$.

8. $\cos 20^\circ\cos 40^\circ\cos 60^\circ\cos 80^\circ=\frac{1}{16}$.

9. $\sin 20^\circ\sin 40^\circ\sin 60^\circ\sin 80^\circ=\frac{3}{16}$.

10. $\dfrac{\sin A+\sin B}{\cos A+\cos B}=\tan\dfrac{A+B}{2}$.

11. $\dfrac{\sin A - \sin B}{\cos B - \cos A} = \cot \dfrac{A+B}{2}$.

12. $\dfrac{\sin \theta + \sin 3\theta + \sin 5\theta + \sin 7\theta}{\cos \theta + \cos 3\theta + \cos 5\theta + \cos 7\theta} = \tan 4\theta$.

13. $\dfrac{\sin 2A + \sin 5A - \sin A}{\cos 2A + \cos 5A + \cos A} = \tan 2A$.

14. $\dfrac{\sin (\alpha+\beta) - 2 \sin \alpha + \sin (\alpha - \beta)}{\cos (\alpha+\beta) - 2 \cos \alpha + \cos (\alpha-\beta)} = \tan \alpha$.

15. $\dfrac{\cos 7a + \cos 3a - \cos 5a - \cos a}{\sin 7a - \sin 3a - \sin 5a + \sin a} = \cot 2a$.

16. $\sin 2A + \sin 2B + \sin 2C - \sin 2(A+B+C)$
$= 4 \sin (B+C) \sin (C+A) \sin (A+B)$.

17. $\cos A + \cos B + \cos C + \cos (A+B+C)$
$= 4 \cos \dfrac{B+C}{2} \cos \dfrac{C+A}{2} \cos \dfrac{A+B}{2}$.

18. If $\sin x = k \sin y$, prove that

$$\tan \tfrac{1}{2}(x-y) = \frac{k-1}{k+1} \tan \tfrac{1}{2}(x+y).$$

19. If $\cos x + \cos y = \frac{1}{3}$ and $\sin x + \sin y = \frac{1}{4}$, prove that
$\tan \frac{1}{2}(x+y) = \frac{3}{4}$.

20. If $x \cos \alpha + y \sin \alpha = k = x \cos \beta + y \sin \beta$, prove that

$$\frac{x}{\cos \frac{1}{2}(\alpha+\beta)} = \frac{y}{\sin \frac{1}{2}(\alpha+\beta)} = \frac{k}{\cos \frac{1}{2}(\alpha-\beta)}.$$

21. If $\sin \theta + \sin \phi = a$, $\cos \theta + \cos \phi = b$, prove that

$$\tan \frac{\theta - \phi}{2} = \pm \sqrt{\frac{4 - a^2 - b^2}{a^2 + b^2}}.$$

22. Prove that $\dfrac{\cos 10^\circ - \sin 10^\circ}{\cos 10^\circ + \sin 10^\circ} = \tan 35^\circ$.

[*Note that* $\sin \theta = \cos (90^\circ - \theta)$ *and* $\cos \theta = \sin (90^\circ \pm \theta)$.]

23. If $\operatorname{cosec} A + \sec A = \operatorname{cosec} B + \sec B$, then
$\tan A + \tan B = \cot \frac{1}{2}(A+B)$. [P. U. 1936]

24. Prove that

$$\left(\frac{\cos A + \cos B}{\sin A - \sin B}\right)^n + \left(\frac{\sin A + \sin B}{\cos A - \cos B}\right)^n = 2 \cot^n \frac{A-B}{2},$$

or zero, according as n is even or odd. [P. U. 1933]

অষ্টম অধ্যায়

গুণিতক কোণ

(Multiple Angles)

8·1. 2A-কোণের কোণানুপাত (Trigonometrical ratios of angle 2A).

6·1 ও 6·2 অনুচ্ছেদে প্রমাণ করা হইয়াছে যে, A ও B দুইটি সূক্ষ্মকোণ হইলে

$$\sin (A+B) = \sin A \cos B + \cos A \sin B \quad \cdots \quad (1)$$

$$\cos (A+B) = \cos A \cos B - \sin A \sin B \quad \cdots \quad (2)$$

উপরন্তু, A ও B সূক্ষ্মকোণ না হইলেও এই সূত্র দুইটি সর্বদাই সত্য। অতএব, A-কোণের মান যাহাই হউক না কেন, আমরা B = A বসাইলে (1) ও (2) সূত্রগুলি হইতে জানিতে পারি যে,

$$\mathbf{\sin 2A} = \sin A \cos A + \cos A \sin A = \mathbf{2 \sin A \cos A} \quad \cdots \quad (I)$$

$$\mathbf{\cos 2A} = \cos A \cos A - \sin A \sin A = \mathbf{\cos^2 A - \sin^2 A} \quad \cdots \quad (II)$$

$$= (1 - \sin^2 A) - \sin^2 A = \mathbf{1 - 2 \sin^2 A} \quad \cdots \quad (III)$$

$$= \cos^2 A - (1 - \cos^2 A) = \mathbf{2 \cos^2 A - 1} \quad \cdots \quad (IV)$$

পুনরায়, 6·4 অনুচ্ছেদ হইতে

$$\tan (A+B) = \frac{\tan A + \tan B}{1 - \tan A \tan B}.$$

অতএব, B = A বসাইলে,

$$\mathbf{\tan 2A} = \frac{\tan A + \tan A}{1 - \tan A \cdot \tan A} = \mathbf{\frac{2 \tan A}{1 - \tan^2 A}} \quad \cdots \quad (V)$$

অনুরূপভাবে, cot (A + B)-এর সূত্রটিতে B = A বসাইলে আমরা দেখাইতে পারি যে,

$$\cot 2A = \frac{\cot^2 A - 1}{2 \cot A} \quad \cdots \quad (VI)$$

(III) ও (IV) হইতে জানা যায় যে,

$$1 + \cos 2A = 2\cos^2 A \qquad \cdots \text{(VII)}$$

$$1 - \cos 2A = 2\sin^2 A \qquad \cdots \text{(VIII)}$$

(VIII)-কে (VII)-দ্বারা ভাগ করিলে,

$$\frac{1-\cos 2A}{1+\cos 2A} = \tan^2 A \qquad \cdots \text{(IX)}$$

ইহা লক্ষ্য করা যায় যে,

$$1 + \sin 2A = \cos^2 A + \sin^2 A + 2\sin A\cos A = (\sin A + \cos A)^2$$
$$1 - \sin 2A = \cos^2 A + \sin^2 A - 2\sin A\cos A = (\sin A - \cos A)^2.$$

দ্রষ্টব্য : যেহেতু সমষ্টিসূত্রাবলী (Addition Formulæ) A ও B-এর যে-কোন মানের জন্যই সত্য, উহাদের সাহায্যে প্রাপ্ত উপরোক্ত সূত্রগুলি A কোণের মান যাহাই হউক না কেন, সকল ক্ষেত্রেই প্রযোজ্য।

8·2. 3A-কোণের কোণানুপাত

$$\sin 3A = \sin(A + 2A) = \sin A\cos 2A + \cos A\sin 2A$$
$$= \sin A(1 - 2\sin^2 A) + \cos A \,.\, 2\sin A\cos A.$$

[8·1 অনুচ্ছেদ]

$$= \sin A(1 - 2\sin^2 A) + 2\sin A(1 - \sin^2 A).$$

$$\therefore\ \mathbf{\sin 3A = 3\sin A - 4\sin^3 A.}$$

$$\cos 3A = \cos(A + 2A) = \cos A\cos 2A - \sin A\sin 2A$$
$$= \cos A(2\cos^2 A - 1) - \sin A \,.\, 2\sin A\cos A$$
$$= \cos A(2\cos^2 A - 1) - 2\cos A(1 - \cos^2 A).$$

$$\therefore\ \mathbf{\cos 3A = 4\cos^3 A - 3\cos A.}$$

$$\tan 3A = \tan(A + 2A) = \frac{\tan A + \tan 2A}{1 - \tan A\tan 2A}$$

$$= \frac{\tan A + \dfrac{2\tan A}{1-\tan^2 A}}{1 - \tan A\cdot\dfrac{2\tan A}{1-\tan^2 A}}$$

$$= \frac{\tan A(1-\tan^2 A) + 2\tan A}{(1-\tan^2 A) - 2\tan^2 A}$$

$$\therefore\ \mathbf{\tan 3A = \frac{3\tan A - \tan^3 A}{1 - 3\tan^2 A}.}$$

দ্রষ্টব্য ঃ পূর্বের অনুচ্ছেদে বর্ণিত নিয়মের সাহায্যে A-কোণের যে-কোন উচ্চতর গুণিতকের কোণানুপাত A-কোণের কোণানুপাতের সাহায্যে অনুরূপ-ভাবে প্রকাশ করা যায়।

8·3. Ex. 1. *Express sin 2A and cos 2A in terms of tan A.*

$$\sin 2A = 2\sin A\cos A = 2\frac{\sin A}{\cos A}\cdot\cos^2 A$$

$$= \frac{2\tan A}{\sec^2 A} = \frac{2\tan A}{1+\tan^2 A}.$$

$$\cos 2A = \cos^2 A - \sin^2 A = \cos^2 A - \cos^2 A\cdot\frac{\sin^2 A}{\cos^2 A}$$

$$= \cos^2 A\left(1 - \frac{\sin^2 A}{\cos^2 A}\right) = \cos^2 A\,(1 - \tan^2 A)$$

$$= \frac{1-\tan^2 A}{\sec^2 A} = \frac{1-\tan^2 A}{1+\tan^2 A}.$$

Ex. 2. *Express cos 4A in terms of cos A.*

মনে করি, $\theta = 2A$.

অতএব, $\cos 4A = \cos 2\theta = 2\cos^2\theta - 1 = 2\cos^2 2A - 1$

$$= 2(\cos 2A)^2 - 1 = 2(2\cos^2 A - 1)^2 - 1$$

$$= 2(4\cos^4 A - 4\cos^2 A + 1) - 1$$

$$= 8\cos^4 A - 8\cos^2 A + 1.$$

Ex. 3. *Show that* $\frac{1-tan^2(45°-A)}{1+tan^2(45°-A)} = sin\ 2A.$

যদি $45° - A = \theta$ লিখি, তাহা হইলে,

$$\text{বাম পক্ষ} = \frac{1-\tan^2\theta}{1+\tan^2\theta} = \frac{1-\sin^2\theta/\cos^2\theta}{1+\sin^2\theta/\cos^2\theta}$$

$$= \frac{\cos^2\theta - \sin^2\theta}{\cos^2\theta + \sin^2\theta} = \cos^2\theta - \sin^2\theta$$

$$= \cos 2\theta = \cos(90° - 2A) = \sin 2A.$$

Ex. 4. *If* $tan\ \theta = \frac{x}{y}$, *find the value of* $x\ sin\ 2\theta + y\ cos\ 2\theta$.

[B. H. U. 1940]

যেহেতু $\tan\theta = \frac{x}{y}$, $\therefore\ x\cos\theta = y\sin\theta$ ··· (1)

এখানে, $x \sin 2\theta + y \cos 2\theta = x \,.\, 2 \sin\theta \cos\theta + y\,.\,(-2\sin^2\theta + 1)$
$= 2\sin\theta\,(x\cos\theta - y\sin\theta) + y = y.$ [(1) হইতে]

Ex. 5. *If* $\tan\theta = \sec 2\alpha$, *prove that* $\sin 2\theta = \dfrac{1-\tan^4\alpha}{1+\tan^4\alpha}$.

$$\sin 2\theta = 2\sin\theta\cos\theta = 2\frac{\sin\theta}{\cos\theta}\cdot\cos^2\theta = \frac{2\tan\theta}{\sec^2\theta} = \frac{2\tan\theta}{1+\tan^2\theta}$$

$$= \frac{2\sec 2\alpha}{1+\sec^2 2\alpha} = \frac{2\cos 2\alpha}{\cos^2 2\alpha + 1} = \frac{2\cdot\dfrac{1-\tan^2\alpha}{1+\tan^2\alpha}}{\left(\dfrac{1-\tan^2\alpha}{1+\tan^2\alpha}\right)^2 + 1} \quad \text{[Ex. 1-দ্বারা]}$$

$$= \frac{2(1-\tan^2\alpha)(1+\tan^2\alpha)}{(1-\tan^2\alpha)^2 + (1+\tan^2\alpha)^2} = \frac{2\,(1-\tan^4\alpha)}{2\,(1+\tan^4\alpha)} = \frac{1-\tan^4\alpha}{1+\tan^4\alpha}$$

Ex. 6. *Show that*

$$\tan\theta + 2\tan 2\theta + 4\tan 4\theta + 8\cot 8\theta = \cot\theta.$$

$$8\cot 8\theta = 8\cdot\frac{1}{\tan 8\theta} = 8\cdot\frac{1-\tan^2 4\theta}{2\tan 4\theta} = 4\cdot\frac{1-\tan^2 4\theta}{\tan 4\theta}.$$

$$\therefore\ 8\cot 8\theta + 4\tan 4\theta = 4\cdot\frac{1-\tan^2 4\theta}{\tan 4\theta} + 4\tan 4\theta$$

$$= 4\cdot\frac{1}{\tan 4\theta} = 4\cdot\frac{1-\tan^2 2\theta}{2\tan 2\theta}.$$

$$\therefore\ 8\cot 8\theta + 4\tan 4\theta + 2\tan 2\theta = 4\cdot\frac{1-\tan^2 2\theta}{2\tan 2\theta} + 2\tan 2\theta$$

$$= 2\cdot\frac{1}{\tan 2\theta} = 2\cdot\frac{1-\tan^2\theta}{2\tan\theta}.$$

সুতরাং, বাম পক্ষ $= 2\cdot\dfrac{1-\tan^2\theta}{2\tan\theta} + \tan\theta = \dfrac{1}{\tan\theta} = \cot\theta$

Ex. 7. *If* $\operatorname{cosec} 2A + \operatorname{cosec} 2B + \operatorname{cosec} 2C = 0$, *show that*
$\tan A + \tan B + \tan C + \cot A + \cot B + \cot C = 0.$

$$\tan A + \cot A = \frac{\sin A}{\cos A} + \frac{\cos A}{\sin A} = \frac{\sin^2 A + \cos^2 A}{\sin A\cos A} = \frac{1}{\sin A\cos A}$$

$$= \frac{2}{2\sin A\cos A} = \frac{2}{\sin 2A} = 2\operatorname{cosec} 2A.$$

অনুরূপভাবে, $\tan B + \cot B = 2 \operatorname{cosec} 2B,$
$\tan C + \cot C = 2 \operatorname{cosec} 2C.$

সুতরাং, বামপক্ষ $= 2\,[\operatorname{cosec} 2A + \operatorname{cosec} 2B + \operatorname{cosec} 2C] = 0.$

Ex. 8. *Prove that*

